ত্রিপুরার প্রথম দৈনিক

জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 6 July, 2024 ■ আগরতলা ৬ জুলাই ২০২৪ ইং ■ ২১ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

হবু প্রধানমন্ত্রীকে মোদীর অভিনন্দন

ব্রিটেনে লেবার পার্টির ঐতিহাসিক জয়

লন্ডন, ৫ জুলাই।। লেবার পার্টি ব্রিটিশ সাধারণ নির্বাচনে ঐতিহাসিক বিজয় নিবন্ধন করে সরকার গঠন করতে সক্ষম হয়েছে। ব্রিটেনের নতুন প্রধানমন্ত্রী হয়েছেন লেবার পার্টির প্রেসিডেন্ট কেয়ার স্টারমার। ৬৫০টি সংসদীয় আসনের ভোটে লেবার পার্টি এখন পর্যন্ত ৪১২টি আসন জিতেছে এবং প্রধানমন্ত্রী ঋষি সুনাকের কনজারভেটিভ পার্টি ১২১টি আসন জিতেছে। বাকি আসনগুলোতে অন্যান্য ছোট দলের প্রার্থীরা জয়ী হয়েছেন। এই নির্বাচনে মোট ৩৯২টি নিবন্ধিত দল ছিল। তবে মূল প্রতিদ্বন্দ্বিতা ছিল ঋষি সুনাকের কনজারভেটিভস এবং প্রধান বিরোধী নেতা কেয়ার স্টারমারের লেবার পার্টির মধ্যে।

দ্য গার্ডিয়ানের প্রতিবেদনে বলা হয়েছে, এখন ২টি আসনের ফলাফল আসতে বাকি। ১৯৯৭ সালে, তৎকালীন প্রধানমন্ত্রী টনি ব্লেয়ারের নেতৃত্বে লেবার পার্টিও একই রকম কিছু প্রদর্শন করেছিল। কেয়ার স্টারমার দ্বারা তার পুনরাবৃত্তি হয়েছে।

অন্যদিকে, ব্রিটেনের হবু প্রধানমন্ত্রী কিয়ের স্টার্মারকে শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। নিজের এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলের একটি পোস্টে মোদী ভারত-ব্রিটেন দ্বিপাক্ষিক কৌশলগত সম্পর্ক আরও মজবুত করার কথা জানান। আরও একটি পোস্ট করে ব্রিটেনের বিদায়ী প্রধানমন্ত্রী ঋষি সুনককেও শুভেচ্ছা জানিয়েছেন। মোদী এক্স হ্যান্ডেলে লিখেছেন, ব্রিটেনের সাধারণ নির্বাচনের জয়ের জন্য কিয়ের স্টার্মারকে আন্তরিক অভিনন্দন ও শুভ কামনা। সমস্ত ক্ষেত্রে ভারত-ইউকে ব্যাপক কৌশলগত অংশীদারিত্বকে আরও জোরদার করার জন্য আমি আমাদের ইতিবাচক এবং গঠনমূলক সহযোগিতার প্রত্যাশা করছি।'

১৪ বছর পরে ক্ষমতার পালাবদলের বার্তা নিয়ে বৃহস্পতিবার ভোটগ্রহণ শেষ হয়েছে ব্রিটেনে। ব্রিটিশ পার্লামেন্টের নিম্নকক্ষ 'হাউস অফ কমন্স'-এ মোট আসন ৬৫০। নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা 'জাদুসংখ্যা' ৩২৬। জনমত সমীক্ষার ফল সত্যি হলে, প্রধানমন্ত্রী ঋষি সুনকের নেতৃত্বাধীন কনজারভেটিভ পার্টির (টোরি) দ্বিগুণ ভোট এবং তিন গুণ আসন নিয়ে ক্ষমতা দখল করতে চলেছে কিয়ের স্টার্মারের নেতৃত্বাধীন লেবার পার্টি। স্টার্মার বলেছেন, "পরিবর্তনের কাজ আজ থেকেই শুরু হবে।" লেবার পার্টির বিপুল জয়ের পর সমর্থকদের উদ্দেশে এমনটাই বললেন দলের শীর্ষ নেতা কিয়ের স্টার্মার। ১৪ বছর পর ব্রিটেনে ক্ষমতায় ফিরছে লেবার পার্টি। গত নির্বাচনের তুলনায় তারা ২১১টি আসন বেশি পেতে চলেছে। অন্য দিকে সুনকের কনজারভেটিভ পার্টি হারাতে চলেছে ২৫০টি আসন।

এদিকে, ব্রিটিশ প্রধানমন্ত্রী হিসেবে শেষ বিবৃতি দিলেন ঋষি সুনক। দেশবাসীর উদ্দেশ্যে ঋষি বলেছেন, এই পরাজয়ের দায় আমি নিলাম। বিদায়ী ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনক বলেছেন, 'দেশের উদ্দেশে আমি প্রথমেই বলতে চাই, আমি দুঃখিত। আমি নিজের সব দিয়ে দিয়েছি, কিন্তু আপনারা একটি স্পষ্ট সংকেত পাঠিয়েছেন যে সরকারকে পরিবর্তন করতে হবে এবং আপনাদের একমাত্র রায় যা গুরুত্বপূর্ণ। আমি এই পরাজয়ের দায় নিচ্ছি...এই ফলাফলের পর আমি দলের নেতার পদ থেকে সরে দাঁড়াবো।' ঋষি আরও বলেছেন, 'অনেক কঠিন দিনের শেষে এই কঠিন দিন। ব্রিটেন বিশ্বের সেরা দেশ এবং ব্রিটিশ জনগণকে সম্পূর্ণরূপে ধন্যবাদ।'

ব্রিটেনে কিয়ার স্টার্মার-এর নেতৃত্বে লেবার পার্টি বিপুল ভোটে জিতে ক্ষমতায় আসতে চলেছে। ৬৫০ আসনের হাউস অফ কমনসের নির্বাচনে এ পর্যন্ত পাওয়া ফলাফল অনুযায়ী লেবার পার্টি জিতছে ৪১০-টি আসনে, প্রধানমন্ত্রী ঋষি সুনকের কনজারভেটিভ পার্টি জিতেছে ১১৯-টিতে। লিবারেল ডেমোক্র্যাটরা জিতেছেন ৭১-টিতে। স্কটল্যান্ড ন্যাশনালিস্ট পার্টি ৮-টি আসনে জয়লাভ করেছে। ২০১০ সালে লেবার পার্টি ক্ষমতা থেকে অপসারিত হয়।

সহায়তা প্রদানের আশ্বাস ও তদন্তের নির্দেশ মুখ্যমন্ত্রীর

বুলডোজার চালিয়ে গুড়িয়ে দিল বসতঘর, কাঠগড়ায় প্রধান-উপপ্রধান

নিজস্ব প্রতিনিধি, অমরপুর, ৫ জুলাই।। অমরপুরের ডালাক বাজারের একটি গরীব পরিবারে বসত ঘর গ্রাম প্রধানের নেতৃত্বে বুলডোজারের চালিয়ে ভেঙে গুড়িয়ে দেওয়া হয়েছে। পাশাপাশি কাজে বাধা দিতে গেলে বাড়ির লোকজনদেরকেও বেধড়ক মারধর করার অভিযোগ তুলেছেন ওই পরিবারের সদস্যরা। এদিকে ক্ষতিগ্রস্থ পরিবারটির সাথে সাক্ষাৎ করে সহায়তা প্রদানের আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা।

পাশাপাশি, পুলিশ প্রশাসন তদন্তক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দিয়েছেন।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ অমরপুর ডালাক বাজার এলাকায় অমানবিক ঘটনা প্রকাশ্যে এসেছে।

ওই এলাকায় আবাস যোজনার ঘর পেয়েছিলেন এক গরিব পরিবার। ওই এলাকার গ্রাম প্রধান গোপাল সরকার এবং উপ প্রধান সারথী মন্ডল সহ গ্রাম পঞ্চায়েতের কর্মীরা রাস্তা নিমার্ণ করার হবে বলে জানিয়েছেন পরিবারের সদস্যদের।

পরিবারের সদস্যরা ঘর বাদ দিয়ে রাস্তা নিমার্ণ করার জন্য তাদের কাছে আবেদন জানিয়েছিলেন। কিন্তু তাঁরা বুলডোজার চালিয়ে বসত ঘর ভেঙে গুড়িয়ে দিয়েছেন। পরিবারের জনৈল মহিলা বাধা দিতে আসলে তাকে বেধড়ক মারধর করেছে বলে ও অভিযোগ তুলেছেন।

এবিষয়ে সংবাদমাধ্যমে মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহার বলেন ,অমরপুরের ডালাক পঞ্চায়েত নিবাসী একটি পরিবারের বসতঘর ভেঙ্গে দেওয়ার বিষয়টি আমার গোচরে এসেছে।

আজ ক্ষতিগ্রস্থ পরিবারটির সাথে সাক্ষাৎকারে সামগ্রিক বিষয়ে অবগত হয়েছি এবং প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে তাদের প্রয়োজনীয় সাহায্য সহায়তা প্রদান করার জন্য।

পাশাপাশি, পুলিশ প্রশাসন তদন্তক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

হাথরাসের ঘটনায় ব্যথিত রাহুল গান্ধি সহায়তার আশ্বাস

আলিগড়, ৫ জুলাই (হি.স.)।। উত্তর প্রদেশের হাথরাসে ধর্মীয় অনুষ্ঠানে পদপিষ্ট হয়ে বিপুল সংখ্যক মানুষের মৃত্যুতে ব্যথিত কংগ্রেস নেতা রাহুল গান্ধী। শুক্রবার সকালে আলিগড়ের পিলাখনা গ্রামে এসে ক্ষতিগ্রস্তদের সঙ্গে দেখা করেছেন রাহুল গান্ধী, শুনেছেন তাঁদের কষ্টের কথা। সবাইকে যথাসাধ্য সাহায্যের আশ্বাস দিয়েছেন রাহুল গান্ধী।

রাহুলের কাছ থেকে সাহায্যের আশ্বাস পেয়ে শোকসন্তপ্ত একটি পরিবারের এক মহিলা সদস্য জানিয়েছেন, 'তিনি আমাদের সাহায্যের আশ্বাস দিয়েছেন। কীভাবে এমনটা হল, তা জানতে চেয়েছেন তিনি।' উল্লেখ্য, গত ২ জুলাই হাথরাসে পদপিষ্ট হয়ে প্রাণ হারিয়েছেন ১২১ জন। আহত হয়েছেন বহু মানুষ। এই ঘটনায় পুলিশ এখনও পর্যন্ত ৬ জনকে গ্রেফতার করেছে।

উত্তর পূর্ব ভারতে ভারী বৃষ্টির পূর্বাভাস

নয়াদিল্লি, ৫ জুলাই (হি.স.)।। পশ্চিম ও উত্তর-পূর্ব ভারতে আগামী ৩-৪ দিন ভারী বৃষ্টির পূর্বাভাস জারি করেছে ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)। বৃষ্টি এতটাই হতে পারে যে লাল সতর্কতা জারি করা হয়েছে আইএমডি-র পক্ষ থেকে। আইএমডি জানিয়েছে, আগামী ৩-৪ দিনের মধ্যে উত্তর-পশ্চিম ও পূর্ব ভারতে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং উত্তর-পূর্ব ভারতে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হতে পারে। ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ওডিশাতেও, ৭ জুলাই ওডিশার বিভিন্ন অংশে ভারী বৃষ্টি হতে পারে। ৬ জুলাই পর্যন্ত নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম ও ত্রিপুরায় ভারী বৃষ্টি প্রত্যাশিত। ৭ জুলাই পর্যন্ত দক্ষিণ অভ্যন্তরীণ কর্ণাটক এবং উপকূলীয় কর্ণাটকেও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। মধ্য মহারাষ্ট্রের আগামী ৮ জুলাই পর্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাস জারি করা হয়েছে। গোয়া, উত্তরাখণ্ডে প্রবল বৃষ্টির আশঙ্কা করছে আইএমডি।

৫৯ জনকে নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে

রাজ্যে আরও ৩টি কৃষি মহকুমা হবে ঃ কৃষিমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই ।। কৃষিমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন রাজ্যে আরও তিনটি কৃষি মহকুমা হবে। এগুলো হবে চড়িলাম, মুঙ্গিয়াকামী ও পেচারথল ব্লকে। বর্তমানে রাজ্যে ৪৭ টি কৃষি মহকুমা রয়েছে, তা বেড়ে হবে পঞ্চাশটি। কৃষিমন্ত্রী বলেন, রাজ্য সরকারের লক্ষ্য রাজ্যের ৫৮ টি ব্লকের প্রতিটিতে কৃষি মহকুমা গড়ে তোলা। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে ৫৯ জনের হাতে কৃষি আধিকরীক পদে নিয়োগপত্র বিতরণ অনুষ্ঠানে কৃষিমন্ত্রী একথা বলেন। টিপিএসসি-র মাধ্যমে নিয়োজিত এই কৃষি আধিকরীকদের অধিকাংশই উচ্চ শিক্ষিত। ৩৩ শতাংশ মহিলা সংরক্ষণ নীতি অনুসরন করে ৫৯ জনের মধ্যে ২১ জন মহিলা প্রার্থীকে নিয়োগপত্র দেওয়া হয়েছে। কৃষিমন্ত্রী নতুন অফার প্রাপ্তদের সকলকে রাজ্যের উন্নয়নে অংশিদার হবার আহ্বান জানান। কৃষকদের সহায়তায় এবং আত্ম নির্ভর ত্রিপুরা গড়ার কাজে তাদের আন্তরিক ভাবে কাজ করার পরামর্শ দেন। তিনি জানান, বর্তমান সরকারের ৬ বছর সময়ে কৃষি দপ্তরে সবশুদ্ধ ৮৫১ জনের চাকরি হয়েছে,। যা বিগত বামফ্রন্ট সরকারের পাঁচ বছর সময়ে ২৯৫ জনের চাকরি হয়। তাছাড়া এই সরকারের ৬ বছরে ১১৪৯ জনকে পদোন্নতি দেওয়া হয়।

কৃষিমন্ত্রী বলেন, ত্রিপুরা ক্রমশ এগিয়ে চলছে।। ২০১৭-১৮ অর্থ বছরে ত্রিপুরায় যেখানে জিএসডিপি ছিল ৪৩ হাজার ৭১৫ কোটি বর্তমানে তা বৃদ্ধি পেয়ে হয়েছে ৮০ হাজার কোটি টাকা। রাজ্য সরকারের লক্ষ্য ২০২৫ সালের মধ্যে জিএসডিপি ১ লক্ষ কোটি টাকায় নিয়ে যাওয়া। তিনি বলেন রাজ্যে মাথা পিছু আয় বৃদ্ধি পেয়ে হয়েছে ১ লাখ ৫৯ হাজার ৪১৯ টাকা। তিনি বলেন, কৃষকদের আয় যেমন বাড়ছে তেমনি মানুষের ক্রয় ক্ষমতাও অনেক বেড়েছে। রাজ্যে কৃষি দপ্তরকে একটি শ্রেষ্ঠ দপ্তর হিসাবে গড়ে তুলতে কৃষি আধিকারীকদের আরও বেশি দায়িত্ব নিয়ে কাজ করার জন্য বলেন তিনি। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কৃষি সচিব অপূর্ব রায়, কৃষি অধিকর্তা শরদিন্দু দাস। অনুষ্ঠানে অফার প্রাপ্তদের অভিভাবকরাও উপস্থিত ছিলেন।

১০ টি গবাদিপশু সহ আটক দুই পাচারকারী

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৫ জুলাই ।। ত্রিপুরার আন্তর্জাতিক সীমান্ত পথে গরু পাচারের ঘটনা দিনের পর দিন বেড়ে চলেছে। গরু পাচার রোধে বিএসএফের জওয়ানরা কঠোর মনোভাব গ্রহণ করেছে। আবারো গরু পাচারকে রোধ করল ১৭৯ নং বর্ডার সিকিউরিটি ফোর্সের জওয়ানরা। ঘটনার বিবরণে জানা যায়, দশটি গরুকে ভারত থেকে বাংলাদেশ পাচারের উদ্দেশ্যে দুইটি গাড়িতে তুলে যখন নিয়ে যাচ্ছিল তখন কর্তব্যরত বিএসএফের জওয়ানরা বাধা দেয়। এতে বিএসএফের ☞ ৬ এর পাতায় দেখুন

যুবকের দায়ের আঘাতে গুরুতর আহত বৃদ্ধ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই।। প্রতিবেশী যুবকের দায়ের আঘাতে গুরুতর আহত হলেন এক ব্যক্তি। আহত ব্যক্তির নাম হরলাল দাস (৬০)। ঘটনাটি ঘটেছে এয়ারপোর্ট থানার অন্তর্গত অনঙ্গনগর এলাকায়।

ঘটনার বিবরণে জানা যায়, প্রতিদিনকার মত নিজের ধান ক্ষেতে কাজ করছিলেন হরলাল দাস। তখনই দীপঙ্কর সরকার নামে এক যুবক ওই একই জমিতে লাকড়ি কাটছিলেন। হরলাল দাস তাকে নিজের জমিতে লাকড়ি কাটতে বাধা দিলে ☞ ৬ এর পাতায় দেখুন

অপহৃত দিব্যাঙ্গ নাবালিকা উদ্ধার

নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ৫ জুলাই।। উনকোটি জেলার কৈলাসহরের গৌরনগর এলাকা থেকে অপহরণ করে নিয়ে যাওয়া দিব্যাঙ্গ নাবালিকাকে উদ্ধার করা সম্ভব হয়েছে।তবে নাবালিকাকে শারীরিক পরীক্ষা করা নিয়ে ঝামেলা বেধেছে। ঘটনাটি ঘটে কৈলাসহর আরজিএম হাসপাতালে।

গত ২৮ জুন কৈলাসহর গৌরনগর এলাকার বাসিন্দা আত্তর আলীর ১২ বছরের বিশেষভাবে সক্ষম নাবালিকাকে অপহরণ করে নিয়ে যায় দুই যুবক। তারপর ওইদিনই কৈলাসহর মহিলা থানায় ওই নাবালিকার পরিবারের লোকেরা একটি মিসিং ডায়েরি করে।

☞ ৬ এর পাতায় দেখুন

নদীর পাড় ভাঙ্গন রোধে বোল্ডার নির্মানের দাবিতে সড়ক অবরোধ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই।। নদী পার ভাঙ্গন রোধে বোল্ডার নির্মাণের দাবিতে সড়ক অবরোধ করলেন সোনামুড়া মেলাঘর সড়কের ইন্দিরা নগর এলাকার সানীয় মানুষ। অবরোধের জেরে স্তব্ধ হয়ে পড়ে যান চলাচল। আটকে পড়েন যান চালক ও যাত্রীরা। তাতে, নিত্যযাত্রীদের ভীষণ ভোগান্তির শিকার হতে হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে পুলিশ ও মেলাঘর পুর পরিষদের কার্যনির্বাহী আধিকারিকরা।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, মেলাঘর পুর পরিষদের অন্তর্গত ইন্দিরানগর ৮ নং ওয়ার্ডের গোমতী নদীর তীরবর্তী বাসিন্দারা নদীর পাড় ভাঙ্গনে রীতিমতো চিন্তিত। যেকোনো মুহূর্তে জলের স্রোতে ভেসে যেতে পারে তাদের ঘরবাড়ি। দীর্ঘদিন যাবৎ তাদের এই সমস্যার কথা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানিয়ে আসলেও কাজের কাজ কিছুই হয়নি। তাই আজ নিরুপায় হয়ে এলাকাবাসীরা নদীর পাড়ে বোল্ডার বসানোর দাবিতে সড়ক অবরোধে বসেন। অবরোধের জেরে যানচলাচল বন্ধ হয়ে পড়ে। এদিকে অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে মেলাঘর থানার ওসি, মেলাঘর পুর পরিষদের কার্যনির্বাহী আধিকারিকরা। তাঁরা অবরোধকারীদের সাথে কথাবার্তা বলেন এবং তৎসঙ্গে নদীর পাড় ভাঙ্গন প্রত্যক্ষ করেন। তাঁরা আশ্বাস দিয়েছেন আগামী দিনে দ্রুত এই সমস্যার সমাধানের যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। ওই আশ্বাসের ভিত্তিতে সানীয়রা অবরোধ প্রত্যাহার করেন।

বিনিয়োগকারীদের রাজ্যে শিল্প স্থাপনে প্রয়োজনীয় সহায়তা করা হবে ঃ সান্ত্বনা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই।। শিল্পের প্রসারের মাধ্যমে রাজ্যের যুবক-যুবতীদের আর্থিকভাবে স্বনির্ভর করার লক্ষ্যে শিল্প ও বাণিজ্য দপ্তর বহুমুখী কর্মসূচি গ্রহণ করে কাজ করছে। পাশাপাশি বিনিয়োগকারীদের রাজ্যে বিনিয়োগে উৎসাহিত করার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে।আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা এ সংবাদ জানান।

সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্যমন্ত্রী দপ্তরের বিভিন্ন সাফল্যের খতিয়ান তুলে ধরে বলেন, বহিরাজ্যের বিনিয়োগকারীদের রাজ্যে শিল্প স্থাপনে উৎসাহিত করতে রাজ্যের মুখ্যমন্ত্রীকে চেয়ারম্যান করে 'ইনভেস্টমেন্ট প্রমোশন এজেন্সি অব ত্রিপুরা' (জ্জঞ্চষ্ট) নামে একটি কমিটি গঠন করা হয়েছে। শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব হচ্ছেন এই কমিটির মুখ্য কার্যনির্বাহী আধিকারিক। এই কমিটির মাধ্যমে দেশ-বিদেশের ইচ্ছুক বিনিয়োগকারীদের রাজ্যে শিল্প স্থাপনের সুযোগ সহ প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে।

সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্যমন্ত্রী জানান, রাজ্যের উৎপাদিত পণ্য বাজারজাতকরণ করার লক্ষ্যে বাধারঘাট মৌজায় একটি প্রধানমন্ত্রী একতা মল (ইউনিটি মল) স্থাপন করার উদ্যোগ নিয়েছে দপ্তর। ২৪ হাজার ১২২ বর্গমিটার এলাকা নিয়ে এই একতা মলটি স্থাপন করা হবে। তাতে প্রায় ১৫০ কোটি টাকা ব্যয় করা হবে। এই একতা মলটি স্থাপন করা হলে রাজ্যের উৎপাদিত পণ্য শুধু ত্রিপুরার মধ্যেই সীমাবদ্ধ থাকবেনা, সমগ্র দেশের সঙ্গেই যুক্ত হবে। ফলে রাজ্য ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে আরও এগিয়ে যাওয়ার সম্ভাবনা থাকবে।

শিল্প ও বাণিজ্যমন্ত্রী জানান, দেশ-বিদেশের বিনিয়োগকারীদের উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে বিনিয়োগ করার জন্য উৎসাহিত করতে গত ৬ মার্চ, ২০২৪ দিল্লীতে নর্থ ইস্টার্ন ইনভেস্টমেন্ট সামিট অনুষ্ঠিত হয়েছিল। এই সামিটে ত্রিপুরায় বিনিয়োগের জন্য ১৪টি চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। ফলে ত্রিপুরায় ১৮৬১.৫১ কোটি টাকা ☞ ৬ এর পাতায় দেখুন

পাহাড়ে বাড়ছে ম্যালেরিয়া ও জল বাহিত রোগীর সংখ্যা

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ৫ জুলাই।। রাজ্যের পাহাড়ি এলাকাগুলিতে বাড়ছে জলবাহিত রোগের সংখ্যা। একাধিক রোগী ভর্তি রয়েছেন তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে। মূলত বর্ষার মরশুমে অপরিশ্রুত পানীয় জল এবং মশার প্রাদুরভাবে এই জলবাহিত রোগের আক্রমণ হতে বেড়ে চলেছে বলে ধারণা করা হচ্ছে। মূলত আঠারো মুড়া পাহাড়ের পাদদেশ সংলগ্ন বিভিন্ন উপজাতি এলাকাগুলিতে এই জল বাহিত রোগের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

ম্যালেরিয়ায় আক্রান্ত রোগী জানিয়েছেন মূলত বর্ষার মরশুমে পাহাড়ের গা বেয়ে আসা অপরিশ্রুত জল তাদের পান করতে হয়। সেই কারণেই ঘরে ঘরে জ্বরে আক্রান্ত হচ্ছেন গিরি বাসিরা। কয়েকজন হাসপাতালে ভর্তি হলেও বেশিরভাগই রয়েছেন বাড়িতে। আঠারোমুড়া পাহাড়ের পাদদেশে বিভিন্ন উপজাতি গ্রামগুলিতে স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে ম্যালেরিয়ার জীবাণু আছে কিনা তা পরীক্ষা করা হোক। দাবি উঠেছে। না হলে এই জল বাহিত রোগে আক্রান্ত রোগীর সংখ্যা আরো বৃদ্ধি পাবে বলে ধারণা করা যাচ্ছে। রাজ্যের স্বাস্থ্য দপ্তর অবিলম্বে ম্যালেরিয়া রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করুক এমনটাই দাবি সচেতন নাগরিকদের।

পাঁচ দফা দাবির ভিত্তিতে ডিওয়াইএফআই-এর বিক্ষোভ মিছিল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই ।। শিক্ষা স্বাস্থ্য সহ সমস্ত দপ্তরের শূন্যপদ পুরন সহ বিভিন্ন দাবিতে শুক্রবার ডিওয়াইএফআই সদর ডিভিশন কমিটির উদ্যোগে এক বিক্ষোভ নিচের সংঘটিত করা হয় রাজধানী আগরতলাতে।

মূলত ৫ দফা দাবিকে সামনে রেখে এদিনের এ বিক্ষোভ মিছিলটি সংঘটিত করা হয়েছে। দাবি গুলির মধ্যে উল্লেখযোগ্য হল শিক্ষা স্বাস্থ্য সহ সমস্ত দপ্তরের শূন্য পদ অবিলম্বে পূরণ করতে হবে। এসটিজিটি, পি আই, জিআরএস ফায়ার সার্ভিস, জেল পুলিশ, পুলিশ, এবং গ্রুপ ডি পদে নিয়োগ প্রক্রিয়া অবিলম্বে চালু করতে হবে। সরকারি দপ্তরে বেসরকারি নিয়োগ বন্ধ করতে হবে। নিশা কারবারীদের বিরুদ্ধে এবং নেশার সামগ্রাজ্যের অবসান করতে হবে। এছাড়াও রাজের শিক্ষা স্বাস্থ্য বিদ্যুৎ পরিষেবার হাল দুটো ফিরিয়ে আনতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার দাবী জানিয়েছে এ দিন ডিওয়াইএফআই ডিভিসান কমিটি।

এদিনের এই বিক্ষোভ মিছিলটি ছাত্র যুব ভবনের সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। এ দিনের বিক্ষোভ মিছিল সম্পর্কে ডিওয়াইএফআই রাজ্য সভাপতি পলাশ ভৌমিক বলেন, ☞ ৬ এর পাতায় দেখুন

নিয়োগের দাবিতে ফের টেট উত্তীর্ণদের বিক্ষোভ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই।। নিয়োগের দাবিতে ফের শিক্ষা ভবনের বিক্ষোভ প্রদর্শন করেন টেট উত্তীর্ণ বেকার যুবক যুবতীরা। তাঁদের দাবি, অতিসত্বর নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করে রাজ্যে শিক্ষক স্বল্পতা দূর করা হোক।

তাঁদের অভিযোগ, গত ২০২২ সালের ডিসেম্বর মাসে ৩৯০০০ জন পরীক্ষার্থী টেট পরীক্ষায় বসেছিল। তাতে টেট ওয়ান এবং টেট টু মিলে মোট ৩৬১ জন পরীক্ষার্থীরা উত্তীর্ণ হয়েছিলেন। কিন্তু টিআরবিটি এখনো পর্যন্ত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করছে না। এ বিষয়ে একাধিকবার মুখ্যমন্ত্রী থেকে শুরু করে অন্যান্য মন্ত্রীর দরজায় কড়া নাড়লেও তাদের দাবি পূরনের কোনো উদ্যোগ নেওয়া হয়নি। গত ২ বছর যাবৎ তারা বেকারত্বের জ্বালায় ভুগছেন। তাই তাঁরা বাধ্য হয়ে আজ নিয়োগের দাবিতে শিক্ষা ভবনের সামনে বিক্ষোভ দেখিয়েছেন।

তাঁদের আরও অভিযোগ, রাজ্যের বিভিন্ন স্কুল শিক্ষক স্বল্পতায় ভুগছে। নিত্যদিন শিক্ষক নিয়োগের দাবিতে ছাত্র ছাত্রীরা পথ অবরোধ করছে। কিন্তু রাজ্য সরকার শিক্ষক স্বল্পতা দূরীকরণে কোনো উদ্যোগ নিচ্ছে না।

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৬৩ ▫ ৬ জুলাই ২০২৪ ইং ▫ ২১ আষাঢ় ▫ শনিবার ▫ ১৪৩১ বঙ্গাব্দ

বনমহোৎসবের সার্থকতা

আমরা প্রতিবছর বনমহোৎসব বেশ জাকজমকপূর্ণ অনুষ্ঠানের মধ্য দিয়া পালন করিয়া থাকি।প্রাচীন ভারতবর্ষেও বৃক্ষ পূজার ব্যাপক প্রচলন ছিল। ফুল-ফল-ছায়া প্রদানকারী রূপে, আদিম মানুষের প্রধান আশ্রয়স্থল রূপে, প্রাণীজগতের প্রাণদায়ী বায়ুর শোধক রূপে বৃক্ষের সঙ্গে মানবজীবনের নিবিড় যোগসূত্রকে প্রাচীন ভারতবাসীরা পরমজ্ঞানে স্বীকার করিতেন। তাই তৎকালীন সময়ে বনস্পতির সুরক্ষিতকরণের উদ্দেশ্যেই জারি করা হইত বিধিনিষেধের বিজ্ঞপ্তি, বট-অশ্বত্থাদি বৃক্ষের পূজার নির্দেশাবলি।প্রাচীনকাল থেকেই মানবজীবনে বৃক্ষের প্রয়োজন প্রশ্নাতীত। খাদ্য-বস্ত্র-বাসস্থানের অবশ্য প্রয়োজনীয়তাকে পূরণ করিয়া প্রকৃতির সবুজের দল। কাগজ, বস্ত্র প্রভৃতি শিল্পের কাঁচামাল সংগৃহীত হয় অরণ্যাঞ্চল থেকে; আবার গৃহনির্মাণ, গৃহস্থের আসবাবপত্র তৈরি, বিবিধ যানবাহন নির্মাণ শিল্পের কাঁচামালের জোগান মিলে শাল, সেগুন, আবলুস, মেহগনি প্রভৃতি গাছের কাঠ থেকে। তাহা ছাড়া বৃক্ষজাত নানাপ্রকার পদার্থ একদিকে যেমন বহু দরিদ্র মানুষের জীবিকা সংগ্রহের পথ প্রশস্ত করে তেমনি অন্যদিকে উদ্ভিদলব্ধ ফল প্রাণীকুলের ক্ষুধানিবৃত্তি ঘটায়।। একইভাবে বৃক্ষতল থেকে প্রাপ্ত শুষ্ক পত্রসমূহ জ্বালানিরূপে কিংবা উত্তাপ প্রদানের কাজে ব্যবহৃত হয়; হোগলা, গোলপাতা গৃহস্থের ছাউনিকে পূর্ণতা দান করে শুধু তাই নয়, বনজসম্পদ-ধন্য ভারতবর্ষের কাষ্ঠসম্পদ বিদেশে রপ্তানির মাধ্যমে এই দেশের অর্থভাণ্ডার সমৃদ্ধ হয়। বায়ুতে অক্সিজেন ও কার্বন ডাইঅক্সাইডের স্বাভাবিক মাত্রা বজায় রাখিয়া একদিকে যেমন সালোকসংশ্লেষকারী বৃক্ষরা জীবকুলকে শ্বাসবায়ু প্রদান করে, তেমনি অন্যদিকে ধরিত্রী-বক্ষে মৃত্তিকাক্ষয় নিবারণ, মৃত্তিকার রসপুষ্টি সাধন, ধরণিগর্ভে জলসম্পদের সঞ্চয় ঘটানো ও আবহাওয়া প্রশান্তি বিধানে প্রধান ভূমিকা গ্রহণ করে। তাহার পুষ্পশোভা আমাদের সৌন্দর্যলিঙ্গাকে তৃপ্ত করে।

প্রাচীন ভারতবর্ষের সৌন্দর্যের প্রধান অঙ্গ বন-তপোবনসমূহ বর্তমান প্রযুক্তি নির্ভরতার যুগে-বিজ্ঞানের যুগে ধীরে ধীরে অন্তর্হিত হইয়া গেছে। যন্ত্রদানবের ক্রুর প্রহারের ফলে স্বাধীনতাপূর্ব ভারতবর্ষের প্রায় সাড়ে সাত কোটি হেক্টর বনভূমির প্রায় অর্ধেকাংশ স্বাধীনতা উত্তরকালে বহুকষ্টে নিজের অস্তিত্ব রক্ষায় সমর্থ হইয়াছে। ক্রমবর্ধমান জনসংখ্যার বাসস্থান ও খাদ্যসংস্থান সমস্যাকে কেন্দ্র করিয়া বহু অরণ্যাঞ্চল বর্তমানে গল্পকথায় রূপান্তরিত হইয়াছে। অরণ্যের জায়গায় কোথাও গড়িয়া উঠিয়াছে শহুরে সভ্যতা আবার কোথাও-বা কৃষিজমি নিজের আত্মবিস্তার ঘটিয়াছে। আন্তর্জাতিক হিসাবানুযায়ী যেখানে ৩৩.৩ু বনভূমি থাকা প্রয়োজন সেখানে ভারতে তাহার পরিমাণ মাত্র ২৩ু, যার অবশ্যস্বীকার্য ফলশ্রুতিতে প্রকোপ বাড়িয়া চলিয়াছে অনাবৃষ্টির ও বাড়িয়া চলিয়াছে মরুভূমির পরিমাণ। ফলত, বর্তমান যুগে মরু-রাক্ষসের করাল গ্রাস থেকে প্রকৃতিদেবীকে সুরক্ষিতকরণের জন্য, বায়ুমণ্ডলের ভারসাম্যবিধানের জন্য চলিয়াছে নবনব অরণ্যানির বিকাশসাধন।

বর্তমানের প্রযুক্তিবিদ্যার জয়গাথা রচনার যুগে একদিকে যেমন প্রয়োজনীয় বস্তু সামগ্রীর সঙ্গে সঙ্গে বিলাসদ্রব্যের উৎপাদনের প্রয়োজনে কর্তিত হইতেছে উদ্ভিদসমাজ তখনই বৈজ্ঞানিক পরীক্ষানীরিক্ষায় এ সত্যও প্রমাণিত হইতেছে যে পৃথিবীর বক্ষদেশের রুক্ষতা দূরীভূত করিয়া তাহাকে প্রাণরসে সিঞ্চিত করিতে পারে অরণ্যদেবীই। তাই বর্তমানে ভারতীয় কেন্দ্রীয় তথা রাজ্যসরকার বনসংরক্ষণের অনুকূলে বহু আইন প্রণয়ন করিয়াছেন। অবশ্য অরণ্যের স্নিগ্ধতা ও প্রাণপ্রাচুর্য সংরক্ষণের এই ব্যবস্থা শুধু আধুনিক বিজ্ঞান শিক্ষিত জগতেই নয় প্রাচীন ইতিহাসের ধারাতেও অব্যাহত ছিল। কৌটিল্যের অর্থশাস্ত্রে, অশোকের শিলালিপিতে পাওয়া যায় মৌর্যযুগের বৃক্ষরোপণ সংক্রান্ত তথ্যাবলি। হর্ষবর্ধনও পথের দু-ধারে অশোকের ন্যায় পথিকবর্গের জন্য ছায়াপ্রদায়ী বৃক্ষরোপণ করাইতেন। বিশ্বসাহিত্যিক রবীন্দ্রনাথ ঠাকুর সর্বপ্রথম শান্তিনিকেতনে নৃত্য-গীত সহযোগে বৃক্ষরোপণোৎসব পালন করিয়া বনমহোৎসবের পথপ্রদর্শন করান।প্রতি বছর ব্যাপক মাত্রায় বনমহোৎসব উপলক্ষ্যে চারা রোপণ সমাধা হইলেও চারাগাছগুলির সংরক্ষণ ব্যবস্থায় শৈথিল্য, তদারকি ব্যবস্থার অভাব, জলসেচন ও পরিচর্যার অভাব ইত্যাদি কারণে ২৫ু গাছ নষ্ট হইয়া যায়। তাই সর্বস্তরের মানুষের মধ্যে বৃক্ষরোপণ ও রক্ষণ সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি প্রয়োজন, নতুবা বনমহোৎসব নামমাত্র উৎসবে পরিণত

হইবে। নগরজীবনের দুষিত পরিবেশকে শুদ্ধতার স্পর্শ দানের জন্য আমাদের স্মরণ করা প্রয়োজন প্রাচীনকালের আরণ্যক সভ্যতার উদার প্রশান্ত জীবনের কথা। কিন্তু বনভূমিতে প্রত্যাবর্তন সম্ভব নয় বলিয়া আমাদের পার্শবর্তী সমাজকে সবুজ বন্ধনে বাধিয়া ফেলিলেই প্রকৃতিতে সমৃদ্ধি আসিতে পারে। অতএব প্রত্যেককে দায়িত্বশীল ভূমিকা পালন করিতে হইবে।

স্বল্প বৃষ্টিতেই স্বস্তিতে তিলোত্তমা, বিরামহীন বর্ষণে নাজেহাল উত্তরবঙ্গ

কলকাতা, ৫ জুলাই (হি.স.): খুব বেশি বৃষ্টি হচ্ছে না তিলোত্তমায়, স্বল্প বৃষ্টিতেই খুশি থাকতে হচ্ছে। আর এই স্বল্প বৃষ্টিতেই স্বস্তিতে মহানগরী, আবহাওয়া মোটামুটি মনোরমই। বৃষ্টি হচ্ছে দক্ষিণবঙ্গের অন্যান্য জেলাগুলিতেও, তবে বিরামহীন বৃষ্টিতে নাজেহাল দার্জিলিং, কালিম্পঙ, জলপাইগুড়ি-সহ উত্তরবঙ্গের বিভিন্ন জেলা।

আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, দক্ষিণবঙ্গে আপাতত ভারী বৃষ্টির কোনও সম্ভাবনা নেই। বর্ষার সময় যেমন বৃষ্টি হয়, বিক্ষিপ্তভাবে তেমনই বৃষ্টি হবে। তবে, উত্তরবঙ্গে ৭ জুলাই পর্যন্ত ভারী বৃষ্টির কমলা ও হলুদ সতর্কতা জারি করা হয়েছে। ৬ জুলাই দার্জিলিং, কালিম্পঙ, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় কমলা সতর্কতা জারি করা হয়েছে। ৭ জুলাই দার্জিলিং, কালিম্পঙ, জলপাইগুড়ি, অলিপুরদুয়ার, কোচবিহার ও উত্তর দিনাজপুর জেলায় ভারী বৃষ্টি প্রত্যাশিত।

দু’’দিনের সফরে কেরল যাচ্ছেন উপ-রাষ্ট্রপতি, রয়েছে বেশ কিছু কর্মসূচি

নয়াদিল্লি, ৫ জুলাই (হি.স.): দু’’দিনের সফরে কেরলে যাচ্ছেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়। ৬ ও ৭ জুলাই সস্ত্রীক কেরল সফরে যাচ্ছেন উপ-রাষ্ট্রপতি ধনখড়। দু’’দিনের এই সফরে তিরুবনন্তপুরমে উপ-রাষ্ট্রপতির বেশ কিছু কর্মসূচি রয়েছে।

কেরল সফরের প্রথম দিনে উপ-রাষ্ট্রপতি ধনখড় ইন্ডিয়ান ইনস্টিটিউট স্পেস, সায়েন্স অ্যান্ড টেকনোলজি (আইআইএসটি)-র দ্বাদশতম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। ওই দিন মেধাবী শিক্ষার্থীদের জন্য বর্তমান ইনস্টিটিউটের মেডেল অফ এক্সিলেন্স প্রদান করবেন পরের দিন, ভাইস-প্রেসিডেন্ট কোল্লাম এবং অষ্টমুডি ব্যাকওয়াটার পরিদর্শন করার কথা রয়েছে।

একটি বৃক্ষ, অনেক প্রাণ

প্রতিমা ঘোষ

পৃথিবীর আয়তন ৫০ কোটি ৯৫ লক্ষ ৩৫ হাজার বর্গ কিলো মিটার তার মধ্যে স্থলভাগ ১৪ কোটি ৮১ লক্ষ ৩৪ হাজার গর্ব কিমি বাকিটা জল। তাছাড়াও স্থল ভাগের মধ্যে অনেক ছোট বড় হ্রদ ও জলের নানা উৎস আছে। পৃথিবীর ৭৯ শতাংশ জল এবং ২১ শতাংশ স্থল। পৃথিবীকে জানতে হলে অতীতে দৃষ্টিপাত করতে হবে । পাঁচশো কোটি বছরের মধ্যে তিনশো কোটি বছর কোন প্রাণী ছিল না। তার নাম ছিল অ্যাজেইক যুগ। ২০০ কোটি বছর আগে প্রথম জীবের সন্ধান পাওয়া যায়। তাকে বলা হয় ইওজোইক ক্রমে উদ্ভিদ ও প্রাণীর যুগ।

গাছ পালা বিশেষজ্ঞকে বলা হয় ডেন্ড্রালাজিস্ট এই উদ্ভিদ ও জীবন নিয়েই বিশাল পৃথিবী। বিজ্ঞানীদের মতে ৫০ বছরের একটি বৃক্ষ থেকে পাওয়া যায় একটি মানুষের জন্যে ২৫ লক্ষ টাকা মূল্যের অক্সিজেন। একজন মানুষের দিনে প্রয়োদন হয় ৩ কেজি বিশুদ্ধ অক্সিজেন। সে ত্যাগ করে ১২ কেজি কার্বন ডাই অক্সাইড। সেটি গ্রহণ করে গাছ। আবার একটি শিরিষ গাছ বছরে সাড়ে ২৮ জন কার্বন ডাই অক্সাইড গ্রহণ করে। একটি বৃক্ষ গড়ে ১৫ কেজি থেকে ৩০ কেজি অক্সিজেন ছাড়তে পারে। সেই হিসাবে একটি গাছের উপরনির্ভর করে প্রায় সাড়ে সাতশো প্রাণী। সে বৃক্ষর নাম কার যায়—বট, অশ্বথ, মেহদনি, শিরিষ, মিম, হিমজুড়ি, আম, জাম,কাঁঠাল প্রভৃতি। গাছ প্রকৃতির ভারসাম্য বজায় রেখে প্রাণীর জীবনকে রক্ষা করছে। বৃক্ষ ও প্রাণী উভয় উভয়ের পরিপূরক। গাছকে বাঁচাতে গেলে অনেক নিয়ম মানা উচিত ভালোবাসতে হবে, যত্ন করতে হবে। তার জন্য পরিশ্রম করতে হবে নিয়ম মেনে।

১৯১৪ সালের ৫ জুন। ইউনাটেড নেশনস এর উদ্যোগে পরিবেশ সংক্রান্ত সার্বিক সচেতনতা বৃদ্ধির জন্য ১৪৩টি দেশ মিলে এই দিনটি পালনের জন্য গুরুত্ব নেয়। ২০১৯ সাল বিশ্ব পরিবেশ ভাবনায় ছিল ‘বায়ুদূষণ ও তার বিপদ’। গোটা পৃথিবীর বিশ্ব উষ্ণায়ন সমস্যা হয়ে দাঁড়ায়। ১৯৭০ সালের ২২ জুন বসুন্ধরা দিবস পালতি হচ্ছে। লক্ষ্য পৃথিবীর জন্য গাছ অর্থাৎ ‘টি ফর দি আর্থ’। প্রতিদিন নানা কাজের জন্য পৃথিবী থেকে সাড়ে তিনশো কোটি গাছ নষ্ট হয়ে যাচ্ছে।

গাছপালা বিশেষজ্ঞকে বলা হয় ডেন্ড্রোলাজিস্ট ২০০৮ সালের ৫ জুন বিশ্ব পরিবেশ দিবসে স্লোগান তৈরি হয় (Co2-Kich The Habit) আমাদের চরিত্র পাল্টাতে হবে। সকলের মধ্যে সচেতনতা বাড়াতে হবে। চেষ্টা করতে হবে (Co2) নির্গমনকে কী উপায়ে কমানো যায়। গাছ লাগিয়ে বাতাসে গ্যাসের মাত্রা কমাতে হবে।

দেশ উন্নতির দিকে এগিয়ে চলেছে। প্রাচীন মূল্যবান বৃক্ষও ছেদন করতে হচ্ছে ব্রিজ, রাস্তা, পার্ক, বিলাসবহুল বহুতল ফ্লাট বাড়ি তৈরির জন্য অন্যদিকে খনিজ তেল, কয়লা, এসি মেশিনের বাড়বাড়ন্ত অতিরিক্ত পরিমাণে গ্রীন হাউস তৈরি, জীবাশ্ম জ্বালানি প্রভৃতি ব্যবহার করলে গ্যাসের ঘনত্ব বাড়ে। আবহাওয়ায় কার্বনডাই অক্সাইড বেড়ে যায়। ফলে তাপমাত্র বৃদ্ধি পেয়ে যায়। সেটা প্রাণীদের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। উদ্ভিদ ও জীবন নিয়েই এই বিশাল পৃথিবী। একে অন্যের উপর নির্ভরশীল। দেওয়া-নেওয়া করে বেঁচে থাকা। সুতরাম গাছ নষ্ট করা চলবে না। বরং যত্ন করে বাঁচিয়ে রাখতে হবে। প্রত্যেকটি মানুষকে একটি গাছ লাগিয়ে তার যত্নের দায়িত্ব নিতে হবে। একদিন ‘বন মহোৎসব’ পালন করে কর্তব্য রক্ষা করা যাবে না। গাছকে অন্তর দিয়ে ভালোবাসাতে হবে নিত্য কাজের মধ্যে রেখে।

সাধারণত গাছকে চারভাগে শ্রেণি ভাগ করা হয়েছে---১। বনস্পতি-যে গাছের ফুল চোখে পড়ে না, কিন্তু ফল হয়। অতি বৃহৎ গাছ। যেমন—বট, অশ্বথ প্রভৃতি। ২। বনস্পত্য—যে গাছে ফুল ফল দুটোই দৃশ্যমান। যেমন--- যে কোনও ফল গাছ। আম, জাম, পেয়ারা প্রভৃতি। ৩। ওষধি গাঠ—মাত্র একবার ফল দিয়ে যে গাছ মরে যায়। যেমন—কলাগাছ, ধান, ভুট্টা। ৪। বীরুধ—বল্লবী বা ব্রততী। লতা জাতীয় গাছ। যে গাছ সোজা থাকতে পারে না। অন্য গাছকে অবলম্বন করে বেড়ে ওঠে। ধরার জন্য আঁকশি থাকে। পৃথিবীতে যত উদ্ভিত আছে তাদের বয়সের উপর নির্ভর করে তিনটি ভাগে ভাগ করা যায়। যেমন —ক) বর্ষজীবী খ) দ্বিবর্ষজীবী এবং গ) বহু বর্ষজীবী প্রভৃতি গাছ। দুই বছরের বেশি থেকে অনেকবর্ষ যে গাছ বাঁচে তাদেরই বলা হয় বহুবর্ষজীবী উদ্ভিদ।

গাছের সঠিক সংখ্যা জানার জন্য গাছ সুমারি প্রয়োজন। জানতে হবে ক) গাছ কী প্রকারের খ) গাছটি কোন প্রজাতির গ) গাছের বিজ্ঞান সম্মত নাম ও সাধারণ নান কী? ঘ) গাছ-বৃক্ষ, গুল্ম, না ঔষধি, ঙ) গড় আয়ু কত? প্রভৃতি।

৫ জুন বিশ্ব পরিবেশ বিদসের দিন ধার্য করা হয়েছে। বিশ্বকে সুস্থ রাখাতে গাছকে যত্ন করে বড় হতে দিতে হবে। ঘটা করে একদিন পরিবেশ দিবস পালন না করে প্রতিদিন পরিবেশ দিবস মনে গেঁথে রাখতে হবে। পরিবেশ, মানুষ, পশু-পাখি, কীট-পতঙ্গ প্রভৃতি একে অপরের পরিপূরক। মানব সভ্যতা উন্নতির জন্য প্রকৃতি ধ্বংস শুধু নয় কলুষিতও হচ্ছে। সংগ্রহে যা পেয়েছি।

২০০৫ সালে ৩৪ নং জাতীয় সড়ক করতে কাটা হয় ১১০টি বড় বৃক্ষ। যশোহর রোডের ধারের ১২০টি বড় মোটা ও বয়স্ক বৃক্ষ ছিল যাদের গুঁড়ির বেড়ই ছিল সাড়ে চার মিটার। গাছ বিক্রি করে আয় হয় ৪০ লক্ষ চাকা। নিয়ম আছে একটি গাছ কাটলে ছয়টি চারা রোপণ করতে হবে। সে নিয়ম মানা হয়নি। ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাসের ধারে প্রায় পনেরো ফুট স্থান জুড়ে রাজ্য সরকারের লাগায়ো প্রায় ৫০টি বড় গাঠ রাতের অন্ধকারে গোপনে কারা কেটে নেয়, তার হদিস পাওয়া যায়নি।

আবার বনগাঁ থেকে চাকদহ পর্যন্ত ৩১ কিমি রাস্তার সংস্কারের জন্য দুই হাজারের মতো গাছ কাটা হয়। হাবরা থেকে আওয়ালসিদ্ধি পর্যন্ত জিরাট রোড সংস্কারের জন্য ছোট বড় জাগুলিয়ায় ১১ কিমি রাস্তা সংস্কারের জন্য কাটা হয় ২৬২টি গাছ। সোদপুর থেকে মধ্যমগ্রাম পর্যন্ত রাস্তা সংস্কারের জন্য কাটা হয় ১১৭টি গাছ। ২০১৮ সালের হিসাবে দেখা যায় যশোহর রোডে বর্তমান ১১২ নম্বর জাতীয় সড়কে পাঁচটি রাস্তা ওভার ব্রিজ করার জন্য ৩৫৬টি গাছ কাটার কথা হয়, বারাসাত থেকে বনগাঁ পর্যন্ত ৫৯ কিমি রাস্তার ধারের প্রায় ৪৫০০ গাছ কাটা হয়। রাস্তা হয় চার লেনের। চওড়া সাড়ে পাঁচ মিটার। ওভার ব্রিজ হয় ১৬ মিটার চওড়া। শহরের উন্নতির জন্য বৃক্ষ ছেদন না চাইলেও করতে হয়। নিয়ম আছে তার পরিবর্তে গাছের চারা লাগাতে হবে। যাদের চারা বিতরণ করা হয়, তাদের জন্য ক্যামেরাম্যানও সাংবাদিকরা উপস্থিত থাকে। প্রচুর ঘটা-পটার ছবি ওঠে দাতা ও গ্রহিতাদের। কিন্তু তারা বেশির চারা বাঁচাতে পারে না। চারা বাঁচাতে গেলে গাছ সম্পকে জ্ঞান থাকা প্রয়োজন। গাঠ কষ্ট সহিষ্ণু না। আরাম পছন্দ করে। কারা রোদ পছন্দ করে বা কোন প্রজাতি ছায়া ভালোবাসে। তাদের কতটা কী খাদ্য, জল কখন কীভাবে দিতে হবে। এ সমস্ত বিষয়ে সম্পূর্ণ জ্ঞান থাকা প্রয়োজন। বুঝতে হবে গাছ আর মানুষের সম্পর্ক বড় মধুর। গাছের পাতা, ফুল, ফল, বীজ, কান্ড, ডাল, মূল প্রভৃতি সমস্তই আমরা খাদ্য হিসাবে গ্রহণ করি। সে পশুরা গাছের পাতা, খড়, ঘাস প্রভৃতি গাছের অংশ খেয়েই বেড়ে ওঠে। পরোক্ষ ভাবে সেখানেও গাছের উপর মানুষকে নির্ভর করতে হয়। কাগজ, বাড়ি, আসবাবপত্র, যানবাহন, নৌকা এনকি পেপার ন্যাপকিন, টিসু, পেপার, চপইসিক্ সমস্ত প্রস্তুত করতে গাচের সাহায্য প্রয়োজন হয়।

২০০৬ সাল পশ্চিমবঙ্গ বৃক্ষরক্ষা আইনে বলা হয় সবুজ বাঁচায়ে কাজ করার কথা। কিন্তু সেটা মানা যায়নি। একটি গাছের বৃদ্ধির জন্য প্রয়োজন জল, বায়ু, আলো, উৎকৃষ্ট মাটি ও যত্ন। অসুস্থ হলে চিকিৎসা জরুরি। গাছ নানা কাজ করে। প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষা করে। গাছের শিকড় মাটি আটকে রেখে ভূমি ক্ষয় রোধ করে। গাছের মৃদু হাওয়া মানুষের মনে প্রফুল্লতা আনে। ফুলে ফুলে নানা রঙে রাঙিয়ে পরিবেশ স্নিগ্ধ ও দৃষ্টি নন্দন করে তোলে। গাছের বিভিন্ন সময়ের ফুল-ফল দেখে ঋতুর উপস্থিতি বোঝা যায়। গাছ শিকড়ের সাহায্যে মাটি থেকে খাদ্য সংগ্রহ করে। পাতার মধ্যে সে খাদ্য তৈরি হয় সূর্যের আলো ও বাতাসের সাহায্য। তারপর গাছের শরীরের বিভিন্ন অংশে ছড়িয়ে পড়ে। একটি গাছের জন্য প্রয়োজদন জল, বায়ু, আলো উৎকৃষ্টা মাটি ও পরিবেশ। গাছের একটি প্রধান শত্রু ছত্রাক রোগ, তার জ্বলন্ত স্বাক্ষর বিশপুরের বোটানিকাল গার্ডেনের প্রাচীন বটবৃক্ষ। যার কথা ‘গিনেস বুকে’ স্থান পেয়েছে। বয়স প্রায় ২৫০ বছর। ১৯২৫ সালে ছত্রাকের আক্রমণে বটবৃক্ষর মূল কণ্ড কেটে বাদ দেওয়া হয়। গাছ অসংখ্য ঝুরি নামিয়ে মাটিতে শক্ত হয়ে আটকে বটবৃক্ষের নাম রেখেছে। বর্তমানে ঝুরির সংখ্যা চার হাজারের বেশি। ঝুরিগুলো সামনে এগিয়ে মাটিতে মাটিতে মুখ ঢুকিয়ে গাছের রূপ নিচ্ছে। তার জন্য নাম দেওয়া হয়েছে ‘ওয়াকিং ট্রি’। গাছের ছালে যে ছত্রাক বয় তাকে বলে লাইকেন। পাইকেন সব সময় গায়ে গায়ে লেগে থাকে। কোন প্রজাতি সুতোর মতো, কোনটা দড়ির মতো। লাইকেনের বৃদ্ধি খুব ধীরে হয়। কখনও চুলের মত গাছের গায়ে আটকে আটকে সম্পূর্ণ গাছটাকে ঢেকে ফেলতে পারে। আবার দেখা যায় উপকারী ছত্রাক। যার থেকে দানি পেনিসিলিন ঔষধ আবিষ্কার হয়েছে।

গাছকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্য উদ্ভিদ বিশেষজ্ঞরা এগিয়ে আসেন। নজর পড়ে রবীন্দ্র সরোবরের দিকে দেখা যায় সরোবর লাগোয়া এলাকায় প্রায় ২১/২ হাজার গাছ আছে। অনেকগুলো প্রায় মৃত। অনেক গাছের ছাল কেটে সংক্রমণ দেখা যায়। অনেক গাছের গোড়া বাধানো বসার সুবিধার জন্য। তার ফলে গাছের শিকড় ছড়িয়ে যেতে পারে না। গাছের গুরুত্ব উপলব্ধী করে বনরক্ষা সমিতি গড়ে উঠেছে। অশোক, অ্যাঙ্কোলিকা, ঘৃতকুমারী, নয়নতারা, অর্জুন, তুলসি, নিম প্রভৃতি গাছ থেকে বিভিন্ন রোগের ঔষধ প্রস্তুত করা হয়। ওদের বলা হয় ওষধী গাছ। অনেক গবেষণা চলছে।

আমাদের দেশে মাজুলি নামে একটি গ্রাম আছে। সেখানে প্রায় ১৭০ প্রজাতির ঔষধী গাছের পরিচয় পাওয়া যায়। সেখানে মাটি আবহাওয়া ঔষধী গাছের পক্ষে উপযোগী। ফুল-ফলের আকর্ষণে অসংখ্য পাখি ও ছোট ছোট পশু-পাখীদের আনা গোনা থাকেই। পরিবেশটা পাখিদের কাকলিতে শ্রুতি মধুর হয়ে ওয়ে। ১৯৭০ এর ২২ জুন বসুন্ধরা দিবস পালিত হচ্ছে। প্রকৃতিকে বাঁচানোর জন্য নানাভাবে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ব্যবস্থা হচ্ছে।

গাছ প্রসঙ্গে লিখতে গিয়ে সুন্দবনের কথা এসেই যায়। বিশ্বের সর্ববৃহৎ ম্যালগ্রেস সুন্দরবন গড়ে উঠেছে। ভারতের বুকে। পৃথবীর উষ্ণায়নের জন্য বরফ গলে সমুদ্রের জল বেড়ে যাওয়ায় ডুবে যাচ্ছে সুন্দরী গাছের সুন্দরবনের দ্বীপগুলো। তাছাড়াও গাছকাটা, মধুভাঙ্গা, মাশরুম চাষ, মাছ ধরা, রেশমচাষ, শালপাতার প্লেট তৈরি প্রভৃতি কাজের জন্য স্থানীয় মানুষদের জঙ্গেলে যেতে হয়। প্রকৃতির সঙ্গে যুদ্ধ করে সামগ্রী সংগ্রহ করতে জঙ্গলে যেতে হয়। প্রতি বছর বাঘ, সাপ, কুমীর ও নাা প্রতার জন্তু জানোয়ার ও কীট-পতঙ্গের কবলে পড়ে স্থানীয় বাসীন্দাদের মধ্যে হাসি-আনন্দর চাইতে কান্না ভরা জীবন চলে। অভাব সর্বত্র। ওদের জীবন পাল্টাতে ঝড়খালিতে ১০ হাজার হেক্টর স্থান নিয়ে গড়ে উঠেছে ‘ইকোলজিক্যাল পার্ক’। সেখানে শিক্ষা দেওয়া হচ্ছে কীভাবে নতুন বৃক্ষ রোপণ করে সংরক্ষণ করতে হবে সংরক্ষণ করতে হবে। ১১০ টি ব-দ্বীপে এক রকম গাছ। বাদাবনের নজন্য ঝড়-জল্লোচ্ছ্বাস থেকে মাটির ক্ষয় কিছুটা রক্ষা হচ্ছে। ৪৪টি দ্বীপে মানুষের বাস। আধুনিক চিন্তা ভাবনায় স্থির হচ্ছে কী করে সহজে চারা গাছ দ্রুত বেড়ে উঠবে। উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ, বাঁকুড়া, মেদিনীপুর প্রভৃতি স্থানে কাজ চলছে দ্রুতগতিতে। বৃক্ষ আমাদের বেঁচে থাকার প্রধান সম্পদ। যে করেই হোক বৃক্ষকে রক্ষা করতেই হবে। অনেকে গাছকে ভালোবেসে রক্ষা করেন। কেউ বা সখ করে গাছ লাগান। বিজ্ঞানীরা পৃথিবীর জীবনজগতে রক্ষা করার জন্য গাছকে বাঁচানুর আপ্রাণ চেষ্টা করেন। তার জন্য চলে অনেক পরীক্ষা নিরীক্ষা।

পুরুলিয়ার এক দম্পতি পুরোহিত ডেকে মন্ত্রোচ্চারণ করে, বরযাত্রী ও কনেযাত্রীদের পাতাপেতে খাইয়ে বট ও অশ্বথ গাছের বিয়ে দেন। বিবাহ সংস্কারের কারণে কেউ গাছ দুটির ক্ষতি করবে না এই আশায়। সত্যিই গাছদুটি অক্ষত আছে।

বিহারের মধুবনী জেলায় রামপুরাহাট থেকে রাজনগর পর্যন্ত পাঁচ কিমি সোজা রাস্তা। রাস্তার দু’ধার ধরে বড় বড় গাছ দীর্ঘ বছর ধরে শোবা বর্ধন করে চলেছে। একবার দেখা গেল রাত্রে অন্ধকারে কাঠ মাফিয়ারা বৃক্ষ কেটে নিয়ে যাচ্ছে। স্থানীয় বাসিন্দারাও জেলাশাসকের অফিসের মানুষ কোনওভাবেই গাছ রক্ষা করতে পারছিল না। অবশেষে ‘গ্রাম বিকাশ পরিষদ’ এর কর্মকর্তারা মহিলাদের সাহায্য চান যারা গাছকে দেবতা জ্ঞানে পুজো করে। মহিলারা তুলি-রং নিয়ে এগিয়ে যায়। গাছের শরীরে নানা রঙ্গে মাধ্যমে গণেশ, শিব-দুর্গা, রাম-সীতা, রাধা-কৃষ্ণ ছাড়াও গৌতম বুদ্ধ, মহাবীর প্রভৃতির ছবি ফুটিয়ে তোলে। মাফিয়ারা গাছ কাটতে এসে গাছের শরীরে দেব-দেবী ও মহাপুরুষদের ছবি দেখে সেখানে কুঠার বসাতে সাহস পেল না। গায়ে নানা রক্ষের বিভিন্ন দেব-দেবী ও মহাপুরুষদের ছবি সহ গাছগুলো রাস্তার শোভা বর্ধন করে আছে। বর্তমানে সে রাস্তার নাম ‘মধুবনী সরণী’। বর্তমানে সেটি একটি দর্শনীয় রাস্তা হয়ে গেছে। উত্তর আমেরিকার ক্যালিফোর্ণিয়াতে আছে অতি দীর্ঘকায় বৃক্ষ। নাম ‘রেড উড ট্রি’। উচ্চতা প্রায় ৩০০ ফুট পর্যন্ত হয়। আয়ুও প্রায় ৪০০ বছর পর্যন্ত। ওই স্থানে পর পর অনেকগুলো সুউচ্চ বৃক্ষ দেখে শুধু মুগ্ধ হইনি। নীচে দাঁড়িয়ে গাছের মাথা দেখতে গিয়ে মাথা ঘুরে পড়ে যাবার অবস্থা। ওখানকার জলবায়ু-মাটি রেডউড গাছের পক্ষে উপযুক্ত মনে হয়। ১৯৬৮ খ্রি, পৃথিবীর উচ্চতম গাছগুলো নিয়ে তৈরি হয়েছে ‘রেড উড ন্যাশনাল পার্ক’ পার্কের আয়তন ৮৮ বর্গ মাইল, প্রত্যেকটি গাছ এতো উঁচু হতে পারে না দেখলে বিশ্বাসই করতাম না। বিশাল গাছের বেড় চক্রাকারে একফালি কাঠ কেটে যত্ন করে সংরক্ষিত করে রাখা আছে দর্শকদের জন্য। উচ্চতা পাঁচ ফুটের বেশি। সকলে তার পাশে দাঁড়িয়ে ছবি তুলতে ব্যস্ত দেখে আমরাও দাঁড়িয়ে পড়লাম। উচ্চতায় আমার মাথা ছাড়িয়ে গেলো। বাকলার নীচে, কাচের গুঁড়িতে বলয় সৃষ্টি করা। গাছের বয়স নির্ণয় হয় ওই বলায় চিহ্ন দেখে। প্রতিবছর একটা করে বলয় চিহ্ন সৃষ্টি হয়। এই গাছগুলো বৃদ্ধির জন্য কোনও বাইরের খাবার প্রয়োজন হয় না। নিজের ঢারা পাতার সঙ্গে বৃষ্টির জল মিশে সারের কাজ করে। জন্ম হয় পাশাপাশি। শ্বাস নিতে কষ্ট হয়। ঈশ্বর গাছের প্রাণ দিয়েছেন। দেননি চলার মমতা। তাই মাথা উঁচু করে দাঁড়াতে হয়। প্রতিযোতি চালে কে কত লম্বা হয়ে শ্বাস নিতে পারবে। জঙ্গলের মধ্যের বাস্তব সত্যি ঘটনা মানুষের নজরে এলো। ‘গাছ কাটা নিষেধ’ নোটিশ পড়লো। তৈরি হলো মানুষ চলার রাস্তা। অসমান স্থান সমান হলো, ছোট ছোট গাছ কাটা হলো। তৈরি হলো কারপার্ক, ইনফরমেশন সেন্টার, রেস্টরুম প্রভৃতি। আমেরিকার ফরেস্ট ডিপার্টমেন্ট সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বিশ্বের মানুষের কাছে পৌঁছে দিল পৃথিবীর সর্বোচ্চ বৃক্ষ ‘রেডউড ট্রি’ এর কথা। সেই থেকে প্রতিদিন উপছে পড়ে দেশ-বিদেশের টুরিস্টরা। আমরাও স্ব-চক্ষে দেখে এলাম পৃথিবী বিখ্যাত গাছ।

আমেরিকার ক্যালিফোর্ণিয়ায় ব্লাক নদীর ধারে ‘সাইপ্রাস’ প্রজাতির গাছের সন্ধান পাওয়া গেছে। অনুমান ৬০০ খ্রস্ট পূর্বাব্দের আগে এদের জন্ম। তাছাড়াও একাধিক প্রাচীন গাছের সাক্ষাতও মিলেছে, ‘ব্রিসিলকোন পাইন’ গাছের বয়স ৫০০ বছর ধরা হয়েছে। এদের সেকোইয়া গাছও বলা যায়।

গাছ ও ফার্ণ যে কত রকমের আছে অস্ট্রোলিয়া না গেলে অজানা থেকে যেতো। অস্ট্রোলিয়ার কারিপাইন গাঠ ৪০-৫০ মিটার পর্যন্

হাথরাসের ঘটনায় রাজনীতি করতে নারাজ রাহুল, ক্ষতিপূরণে জোর দিতে আহ্বান কংগ্রেস নেতার

হাথরাস, ৫ জুলাই (হি.স.): উত্তর প্রদেশের হাথরাসে পদপিষ্ট হয়ে বিপুল সংখ্যক মানুষের মৃত্যুর ঘটনা নিয়ে রাজনীতি করতে নারাজ লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। তবে, উত্তর প্রদেশ সরকার তথা মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের কাছে ক্ষতিপূরণে জোর দিতে আহ্বান জানিয়েছেন কংগ্রেস নেতা। হাথরাসের ধর্মীয় অনুষ্ঠানে পদপিষ্ট হয়ে প্রাণহানির ঘটনায় যাঁরা প্রিয়জনদের হারিয়েছেন সেই শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের সঙ্গে শুক্রবার সকালে দেখা করেন রাহুল গান্ধী। শোনেন তাঁদের কষ্টের কথা।

পরে রাহুল গান্ধী বলেছেন, 'অনেক পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে এবং অনেক মানুষ মারা গেছে, আমি রাজনীতি করতে চাই না। সিস্টেমে ঘাটতি রয়েছে... আমি মনে করি তাদের আরও বেশি ক্ষতিপূরণ পাওয়া উচিত, কারণ তাঁরা খুবই দরিদ্র পরিবার। আমি উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রীকে আন্তরিকভাবে ক্ষতিপূরণ দেওয়ার জন্য অনুরোধ করছি... যত তাড়াতাড়ি সম্ভব আরও ক্ষতিপূরণ দেওয়া উচিত... পরিবারের সদস্যরা বলেছে, পুলিশের ব্যবস্থা যথেষ্ট ছিল না।'

রাহুল গান্ধী আরও বলেছেন, 'এটি খুবই দুঃখজনক ঘটনা। গুরুত্বপূর্ণ বিষয়টি হল সর্বাধিক ক্ষতিপূরণ দেওয়া উচিত, কারণ তাঁরা দরিদ্র পরিবার। ক্ষতিপূরণ দিতে দেরি হলে তা কারও উপকারে আসবে না। নিহতের পরিবারের সদস্যদের সঙ্গে আমার ব্যক্তিগত আলাপ হয়েছে এবং তারা আমাকে বলেছে, সেখানে কোনও পুলিশি ব্যবস্থা নেই। তাঁরা স্তব্ধ এবং আমি তাঁদের অবস্থা বুঝতে চেয়েছিলাম।'

পরাজয় মেনে নিলেন ঋষি, ব্রিটেনে জাদু সংখ্যা ছুঁয়ে ফেলল লেবার পার্টি

লন্ডন, ৫ জুলাই (হি.স.): 'দুঃখিত'-এই মন্তব্য করে নিজের হার স্বীকার করে নিলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনক। ইতিমধ্যেই ম্যাজিক ফিগার (জাদু সংখ্যা) ছুঁয়ে ফেলেছে লেবার পার্টি। ১৪ বছর পরে ক্ষমতার পালাবদলের বার্তা নিয়ে বৃহস্পতিবার ভোটগ্রহণ শেষ হয়েছে ব্রিটেনে। ব্রিটিশ পার্লামেন্টের নিম্নকক্ষ 'হাউস অফ কমন্স'-এ মোট আসন ৬৫০। নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা 'জাদু সংখ্যা' ৩২৬।

পূর্ণাঙ্গ ফলপ্রকাশের আগেই পরাজয় স্বীকার করে নিলেন ব্রিটেনের বিদায়ী প্রধানমন্ত্রী ঋষি সুনক। ইতিমধ্যেই স্পষ্ট হয়ে গিয়েছে যে, ৪০০-র কাছাকাছি আসন পেয়ে ব্রিটেনে ফের ক্ষমতায় আসতে চলেছে লেবার পার্টি। শোচনীয় পরাজয় হতে চলেছে ক্ষমতাসীন দল কনজারভেটির পার্টি (টোরি)-র। শুক্রবার সকালেই দলের সমর্থকদের উদ্দেশে সুনক বলেন, "লেবার পার্টি সাধারণ নির্বাচনে জিতেছে। আমি কিয়ের স্টার্মারকে ফোন করে এই জয়ের জন্য শুভেচ্ছা জানিয়েছি। আজই শান্তিপূর্ণ ভাবে ক্ষমতা হস্তান্তর হবে।" একই সঙ্গে তাঁর সংযোজন, "আমি দুঃখিত। আমি এই পরাজয়ের দায় স্বীকার করছি।" কনজারভেটিভ পার্টি শোচনীয় ভাবে পরাজিত হলেও নিজের রিচমন্ড অ্যান্ড নর্থঅ্যালার্টন আসনে জিতেছেন ব্রিটেনের বিদায়ী প্রধানমন্ত্রী ঋষি সুনক।

বালতাল রুটে বর্ষণ, বৃষ্টি মাথায় নিয়ে অমরনাথের উদ্দেশ্যে রওনা পুণ্যার্থীরা

জম্মু, ৫ জুলাই (হি.স.): কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে বার্ষিক অমরনাথ যাত্রা সুষ্ঠু ও নির্বিঘ্নেই চলছে। শুক্রবার অমরনাথ যাত্রার সপ্তম দিনেও পুণ্যার্থীরা পবিত্র গুহা দর্শন করেছেন। পাশাপাশি এদিন সকালেই পুণ্যার্থীদের আরও একটি দল অমরনাথের উদ্দেশ্যে রওনা হয়েছে। বৃষ্টিও শুরু হয়েছে কাশ্মীরে, এদিন ভোরে জম্মু ও কাশ্মীরের গান্ডেরবাল জেলায় বালতাল থেকে অমরনাথের যাত্রাপথে বৃষ্টি হয়েছে। বৃষ্টি মাথায় নিয়েই অমরনাথের উদ্দেশ্যে রওনা হয়েছেন পুণ্যার্থীরা।

তীর্থযাত্রীদের যাতে কোনও রকম সমস্যা না হয়, তাই সব ধরনের পরিষেবা পৌঁছে দিতে প্রশাসন তৎপর রয়েছে। যাত্রাপথে মোতায়েন রয়েছে বিপুল সংখ্যক নিরাপত্তা বাহিনী। চলতি বছর অমরনাথ যাত্রা শুরু হয়েছে ২৯ জুন থেকে, চলবে আগামী ১৯ আগস্ট পর্যন্ত। প্রতিদিন সকাল এবং সন্ধ্যায় তীর্থযাত্রীদের জন্য লাইভ টেলিকাস্টের (সরাসরি সম্প্রচার) ব্যবস্থা করা হচ্ছে।

কেজরিওয়ালের জামিন-আর্জিতে সিবিআই-কে নোটিশ দিল্লি হাইকোর্টের, ১৭ জুলাই পরবর্তী শুনানি

নয়াদিল্লি, ৫ জুলাই (হি.স.): আবগারি দুর্নীতি মামলায় অরবিন্দ কেজরিওয়ালের জামিন-আর্জির প্রেক্ষিতে সিবিআই-কে নোটিশ পাঠাল দিল্লি হাইকোর্ট। কেজরিওয়াল জামিনের যে আবেদন জানিয়েছেন, সে বিষয়ে সিবিআই-কে নোটিশ পাঠিয়ে জবাব চেয়েছে দিল্লি হাইকোর্ট। এ বিষয়ে পরবর্তী শুনানি হবে আগামী ১৭ জুলাই।

আবগারি দুর্নীতিতে সিবিআই-এর মামলায় জামিনের আবেদন জানিয়ে সম্প্রতি দিল্লি হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়াল। সেই আবেদনের প্রেক্ষিতে শুক্রবার সিবিআই-কে নোটিশ পাঠিয়েছে দিল্লি হাইকোর্ট।

উল্লেখ্য, আবগারি দুর্নীতি মামলায় গত ২৬ জুন দিল্লির মুখ্যমন্ত্রী তথা এএপি প্রধান অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করেছে সিবিআই। এই মুহূর্তে তিনি বিচারবিভাগীয় হেফাজতে রয়েছেন।

টালিগঞ্জে বাড়িতে ঢুকে লুটপাটের চেষ্টা, গৃহকর্তী চিৎকার করতেই চলল গুলি

কলকাতা, ৫ জুলাই (হি.স.): কলকাতার টালিগঞ্জে বাড়িতে ঢুকে লুটপাটের চেষ্টা চালাল দুষ্কৃতীরা। গৃহকর্তী চিৎকার করতেই চালল গুলি। বৃহস্পতিবার সন্ধ্যায় এমনটা ঘটল টালিগঞ্জ থানা এলাকার লেক অ্যাভিনিউ রোডে। এই ঘটনায় এখনও পর্যন্ত তিন জনকে আটক করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, তিন জনই অন্য রাজ্যের বাসিন্দা।

পুলিশ সূত্রের খবর, বৃহস্পতিবার সন্ধ্যায় লেক অ্যাভিনিউ রোডের একটি বাড়িতে হানা দেয় তিন দুষ্কৃতী।

ANNUAL TENDER NOTICE.

THE UNDERSIGNED ON BEHALF OF THE GOVERNOR OF TRIPURA IS INVITING TENDER IN SEALED COVER FROM THE BONAFIDE FIRM/SUPPLIERS FOR SUPPLY OF SPARE PARTS / FABRICATION ITEMS /JOB / TYRE RE-TRADING AND BATTERY RECONDITIONING FOR THE YEAR OF 2024-25.

THE QUOTATIONS WILL BE RECEIVED ON 22-07-2024 FROM 1100 HOURS TO 1500 HOURS IN THE OFFICE OF THE M.T SECTION, DHALABIL, KHOWAI DISTRICT AND THE QUOTATIONS WILL BE OPENED ON THE SAME DAY AT 1600 HOURS BY A BOARD OF OFFICERS IN PRESENCE OF REPRESENTATIVES OF FIRMS / SUPPLIERS WILLING TO REMAIN AT THAT TIME.

LIST OF SPARE PARTS, FABRICATION ITEMS, JOBS, TYRE RE- TRADING AND BATTERY RECONDITIONING, INCLUDING TERMS & CONDITIONS MAY BE COLLECTED FROM THE MT SECTION OF KHOWAI TRIPURA DISTRICT POLICE LOCATED AT DHALABIL KHOWAI FROM 05-07- 2024 TO 10-07-2024 DURING OFFICE HOURS.

ICA/C/773/24

(DR. RAMESH CH. YADAV, IPS)
SUPERINTENDENT OF POLICE
KHOWAI DISTRICT, TRIPURA

PRESS NOTICE INVITING e TENDER No:- 05/EO/TRRDA/ 2024-25 date: 04/07/2024
PRADHAN MANTRI GRAM SADAK YOJANA-III

The Chief Engineer, PWD(PMGSY) & Empowered Officer, TRIPURA RURAL ROADS DEVELOPMENT AGENCY on behalf of the Governor of Tripura invites the percentage rate bids in electronic tendering system regarding "REQUEST FOR PROPOSAL (RFP) FOR SETTING UP A PROJECT MANAGEMENT UNIT (PMU) IN TRRDA FOR PMGSY-III (BATCH-I, 2023-24) ROAD FOR MANAGEMENT, SUPERVISIONAND QUALITY CONTROL OF PROPOSED ROAD ROAD FOR UPGRADATION IN NEW TECHNOLOGIES FULL DEPTH RECLAMATION (FDR)" from the reputed firms/ consultants/companies having experience in similar nature of work.

Date of release of Invitation for RFP through e-procurement: 04/07/2024 (dd/mm/yyyy)

Last Date/Time for receipt of bids through e-procurement: For further details please log on to www.pmgsytenderstrp.gov.in 02/08/2024 up to 1500 HRS

ICA/C/767/24

Empowered Officer, Tripura RRDA
7th Block, 2nd Floor, Secretariat Building, Agartala

PRESS NOTICE INVITING e-TENDER NO. EE-IED/PWD/AGT/12/2024-25 dated 04/07/2024

The Executive Engineer, Internal Electrification Division, PWD, Agartala: Tripura* on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender in single bid system from the eligible Central & State public sector undertaking/ enterprise and eligible Contractors/ Firms/ Private Ltd. Firm /Agencies of Appropriate Class for internal electrification works registered with PWD/ TTAADC/ MES/ CPWD/ Railway/ Gov't Organization of other State & Central having valid electrical contractor license issued by the Government of Tripura for the following work:-

Sl No	Name of work	Estimated Cost	Earnest Money	Time of completion
1	DNIT NO.ACE/Project Unit/PWD Buildings/ Elect/DNIT/04/2024-25	₹ 35,98,378.00	₹ 71,968.00	60 (sixty) days

Last date and time for document downloading and bidding is on 24/07/2024 upto 3.00 PM and opening of bid at 3.30 PM on 24/07/2024, if possible. For more details kindly visit: https://tripuratenders.gov.in

The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

ICA/C/746/24

For and on behalf of the Governor of Tripura
(DEBASHIS PAUL)
Executive Engineer,
Internal Electrification Division, PWD (Buildings), Agartala, West Tripura
Contact: 8837256802

PNIET No: 02/EE/WR/D-V/KMP/2024-25 Dated 21-06-2024

The Executive Engineer, W.R Division No-V, Kamalpur, Dhalai Tripura* on behalf of the Governor of Tripura', invites online percentage rate e-tender for the following work:

Sl No.	DNIeT No.	Estimated Cost	Earnest Money	Bid Fee
1.	No. 01/EE/WR/D-V/KMP2024-25	Rs. 5,16,183.00	Rs. 10,324.00	Rs. 1,000/-
2.	No. 02/EE/WR/D-V/KMP2024-25	Rs. 4,38,359.00	Rs. 8,767.00	Rs. 1,000/-
3.	No. 03/EE/WR/D-V/KMP2024-25	Rs. 5,01,672.00	Rs 10,033.00	Rs. 1,000/-
4.	No. 04/EE/WR/D-V/KMP2024-25	Rs 3,86,643.00	Rs. 7,733.00	Rs. 1,000/-
5.	No. 05/EE/WR/D-V/KMP2024-25	Rs 4,79,529.00	Rs. 9,591.00	Rs. 1,000/-
6.	No. 06/EE/WR/D-V/KMP2024-25	Rs 9,88,634.00	Rs. 19,773.00	Rs. 1,000/-
7.	No. 07/EE/WR/D-V/KMP2024-25	Rs 9,54,793.00	Rs. 19,096.00	Rs. 1,000/-

Last date & time for online Bidding: 12-07-2024 upto 3:00 PM

Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

ICA/C/742/24

Executive Engineer
WR Division No.V
Kamalpur Dhalai Tripura

বীরভূমে ফের নৃশংস ঘটনা ! আগুনে পুড়ে মৃত্যু মা ও ছেলের, পিতা গুরুতর জখম

বীরভূম, ৫ জুলাই (হি.স.): বীরভূম জেলায় ফের ঘটল নৃশংস ঘটনা! ঘুমন্ত অবস্থায় তিন জনকে পুড়িয়ে মারার চেষ্টা হল। আগুনে ঝলসে মৃত্যু হয়েছে মা ও পুত্রের। হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন পিতা। নৃশংস এই ঘটনাটি ঘটেছে বীরভূমের বোলপুর থানার অন্তর্গত রায়পুর সুপুর গ্রাম পঞ্চায়েতের নতুনগীত গ্রামে।

বৃহস্পতিবার রাতে খাওয়াদাওয়া করে ঘুমিয়ে পড়েছিলেন ওই পরিবারের সদস্যরা। এক তলা বাড়িতে জানলা খুলে ছোট ছেলে আয়ান শেখ (৪)-কে নিয়ে ঘুমিয়েছিলেন বছর চল্লিশের শেখ তুতা। ঘরে ছিলেন স্ত্রী রুপা বিবি (৩০)-ও। অভিযোগ, রাতের অন্ধকারে দুষ্কৃতীরা জানলা দিয়ে কেরোসিন তেল ছিটিয়ে ঘরে আগুন ধরিয়ে পালিয়ে যায়। রুম্পা বিবির চিৎকার-চেঁচামেচিতে দৌড়ে আসেন পাশের ঘরে শুয়ে থাকা তাঁর বড় ছেলে শেখ রাজ। চেঁচামেচি শুনে গ্রামের লোকজনও বাড়ির সামনে জড়ো হন। তত ক্ষণে তিন জনই আগুনে ঝলসে যান।

অগ্নিদগ্ধ তিন জনকে প্রথমে বোলপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু সেখানে তাঁদের শারীরিক অবস্থার অবনতি ঘটে। তার পরেই তাঁদেরকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু সেখানে প্রথমে রুম্পা বিবির ছোট ছেলে আয়ানের মৃত্যু হয়। মৃত্যু হয় রুম্পারও। গুরুতর জখম হয়েছেন তুতা শেখ। এই ঘটনার খবর পেয়ে বৃহস্পতিবার গভীর রাতেই ঘটনাস্থলে যায় বোলপুর থানার পুলিশ।

বিহারে সেতু ভেঙে পড়ার জন্য বৃষ্টিকে দায়ী করলেন জিতেনরাম, তদন্ত নিয়েও যথেষ্ট আশাবাদী

পাটনা, ৫ জুলাই (হি.স.): বিহারে একের পর এক সেতু ভেঙে পড়ার ঘটনায় বৃষ্টিকে দায়ী করলেন কেন্দ্রীয় মন্ত্রী জিতেন রাম মানঝি। তাঁর মতে, 'এখন বর্ষার সময়। সেখানে অস্বাভাবিক পরিমাণে বৃষ্টি হয়েছে, যা সেতু ভেঙে পড়ার কারণ। কিন্তু, রাজ্যের মুখ্যমন্ত্রী তদন্ত নিয়ে অত্যন্ত সংবেদনশীল।' কেন্দ্রীয় মন্ত্রী জিতেনরাম আরও বলেছেন, 'মুখ্যমন্ত্রী গতকালই একটি বৈঠক করেছেন এবং কঠোর নির্দেশ দিয়েছেন যে, কোনও ধরণের অবহেলার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া উচিত।' উল্লেখ্য, বিহারে গত ১৭ দিনে মোট ১২টি সেতু ভেঙে পড়েছে। বৃহস্পতিবারই বিহারের সরণ জেলায় গণ্ডকী নদীর উপর থাকা একটি সেতু ভেঙে পড়ে। যদিও হতাহতের কোনও ঘটনা ঘটেনি। উত্তর প্রদেশের হাথরাসে পদপিষ্ট হয়ে প্রাণহানির ঘটনায় জিতেনরাম বলেছেন, 'ভারত আস্থার দেশ... প্রশাসনের বিষয়টি দেখা উচিত ছিল। "সেবাদারদের" প্রশাসনের কাছে সাহায্য চাওয়া উচিত ছিল, কিন্তু তারা তা করেনি...গ্রেফতার চলছে এবং ভোলেবাবাকে খুঁজে বের করার জন্য পুরস্কার ঘোষণা করা হয়েছে।'

জগদ্দলে বন্ধ জুটমিল, কর্মহীন হয়ে পড়লেন অনেক শ্রমিক

জগদ্দল, ৫ জুলাই (হি.স.): এবার জগদ্দলে বন্ধ হল জুটমিল। টেম্পোরারি সাসপেনশন অফ ওয়ার্কের নোটিস দিয়ে অ্যাংলো ইন্ডিয়া জুটমিল বন্ধ করে দিল মিল কর্তৃপক্ষ। ফলে একরাতেই কাজ হারালেন অনেক শ্রমিক। শুক্রবার কাজ করতে এসে এই নোটিস দেখে হতবাক জুটমিলের শ্রমিকরা।

PNIe-T No- 02/EE/KCP/2024-25, dated, the, 03.07.2024

The Executive Engineer, PWD(R&B), Kanchanpur Division, Kanchanpur, North Tripura, invites tender from the eligible bidders up to 15:00 hours on 26.07.2024 for 33 (Thirty three) Nos. work against DNIe-T No.- 10/EE/KCP/2024-2025, DNIe-T No.- 11/EE/KCP/2024-2025, DNIe-T No.- 12/EE/KCP/2024-2025, DNIe-T No.- 13/EE/KCP/2024-2025, DNIe-T No.- 14/EE/KCP/2024-2025, DNIe-T No.- 15/EE/KCP/2024-2025, DNIe-T No.- 16/EE/KCP/2024-2025, DNIe-T No.- 17/EE/KCP/2024-2025, DNIe-T No.- 18/EE/KCP/2024-2025, DNIe-T No.- 19/EE/KCP/2024-2025, DNIe-T No.- 20/EE/KCP/2024-2025, DNIe-T No.- 21/EE/KCP/2024-2025, DNIe-T No.- 22/EE/KCP/2024-2025, DNIe-T No.- 23/EE/KCP/2024-2025, DNIe-T No.- 24/EE/KCP/2024-2025, DNIe-T No.- 25/EE/KCP/2024-2025, DNIe-T No.- 26/EE/KCP/2024-2025, DNIe-T No.- 27/EE/KCP/2024-2025, DNIe-T No.- 28/EE/KCP/2024-2025, DNIe-T No.- 29/EE/KCP/2024-2025, DNIe-T No.- 30/EE/KCP/2024-2025, DNIe-T No.- 31/EE/KCP/2024-2025, DNIe-T No.- 32/EE/KCP/2024-2025, DNIe-T No.- 33/EE/KCP/2024-2025, DNIe-T No.- 34/EE/KCP/2024-2025, DNIe-T No.- 35/EE/KCP/2024-2025, DNIe-T No.- 36/EE/KCP/2024-2025, DNIe-T No.- 37/EE/KCP/2024-2025, DNIe-T No.- 38/EE/KCP/2024-2025, DNIe-T No.- 39/EE/KCP/2024-2025, DNIe-T No.- 40/EE/KCP/2024-2025, DNIe-T No.- 41/EE/KCP/2024-2025, & DNIe-T No.- 42/EE/KCP/2024-2025, of PNIeT No-02/EE/KCP/2024-25, Dated, 03.07.2024 and circulated vide Memo No F.8(11)/EE/KCP/2024-2025/741-808, dated 3.07.2024, For details visit https://tripuratenders.gov.in for contact at Mobile No-8974460076 for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.

ICA/C/769/24

Executive Engineer
Kanchanpur Division, PWD(R&B)
Kanchanpur, North Tripura.

PNieT No.: 05/EE/WRD-VI/ e-tender/2024-25. Dt.03.07.2024

The Executive Engineer, W.R Division No-VI, Kailashahar, Tripura(U). invites e-tender from eligible bidders up to 3-00 PM on 25.07.2024 for 2 (Two) No(s). Emergency MI & Flood protection works under W.R Division No-VI, Kailashahar during the year 2024-25. For details visit www.tripura.nic.in or e-mail to eepwdwr6@gmail.com for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.

ICA/C/774/24

for and on behalf of the Governor of Tripura.
Designation: Executive Engineer Water Resource Division No-VI, Kailashahar Tripura(U).

PRESS NIET. NO. 03/EE/DWS/DIVN/UDP/2024-25
Dated. 02-07-2024

The Executive Engineer, DWS Division. Udaipur, Gomati, Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender in single bid system from the eligible Central & State public sector undertaking / enterprise and eligible Contractors / Firms / Private Ltd. Firm /Agencies of Appropriate Class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway / P&T / Other State PWD/ Central & State Sector undertakingand and Trade Licence, 3-Phase connection, Electricity Bill (any of Last Three months) (for Sl. No. 1) for the following works:-

Sl. No.	Name of Work	Estimated Cost	Earnest Money
1	DNIeT No. 05/EE/DWS/DIVN/UDP/2024-25	₹ 1,170,031.00	₹ 23,401.00
2	DNIeT No. 06/EE/DWS/DIVN/UDP/2024-25	₹ 1,276,360.00	₹ 25,527.00
3	DNIeT No. 07/EE/DWS/DIVN/UDP/2024-25	₹ 1,419,401.00	₹ 28,388.00
4	DNIeT No. 08/EE/DWS/DIVN/UDP/2024-25	₹ 4,780,712.00	₹ 95,614.00
5	DNIeT No. 09/EE/DWS/DIVN/UDP/2024-25	₹ 1,298,460.00	₹ 25,969.00
6	DNIeT No. 10/EE/DWS/DIVN/UDP/2024-25	₹ 882,748.00	₹ 17,655.00
7	DNIeT No. 11/EE/DWS/DIVN/UDP/2024-25	₹ 1,036,364.80	₹ 20,727.00
8	DNIeT No. 12/EE/DWS/DIVN/UDP/2024-25	₹ 1,206,514.00	₹ 24,130.00
9	DNIeT No. 13/EE/DWS/DIVN/UDP/2024-25	₹ 1,206,514.00	₹ 24,130.00
10	DNIeT No. 14/EE/DWS/DIVN/UDP/2024-25	₹ 1,206,514.00	₹ 24,130.00

Last date and time for document downloading and bidding: Up to 15.00 Hrs on 25- 07-2024 Place, Time and date of opening of online bid : 0/0 the Executive Engineer, DWS Division, Udaipur at 15:30 on 25-07-2024 if possible

Details tender notice may be seen in the office of the Executive Engineer, DWS Division, Udaipur and office of the Assistant Engineer, DWS Sub-Division No- 1/11, Udaipur/Kakraban/ Killa/Rig and the website https://www.tripuratenders.gov.in

ICA/C/753/24

(Er. Goutam Reang)
Executive Engineer
DWS Division, Udaipur
Gomati District, Tripura

PNIe-T No:- 06/PNIeT/EE/DWS/BLN/2024-25
e-Tender in two bid system are invited for the following work:-

Sl. No.	Name of the work	Estimated cost	Earnest money	Time for Completion	Last Date And Time For Document Downloading And Bidding	Time And Date Of Opening Of Bid/ Technical Bid	Tender Fee
1	2	3	4	5	6	7	8
1.	Drilling & Development of 4 Nos. DTW alongwith other allied works under DWS Division, Belonia D'NIe-T No. : 02/CE/PWD(DWS)/2024-25	₹ 5,22,99,656.00	₹ 10,45,993.00	120 (One Hundred and Twenty) Days	Upto 3.00 P.M on 26.07.2024	At 3.30 P.M On 26.07.2024if possible	₹ 8,000.00

All details can be seen in the office of the undersigned. NB: The detailed press notice & bid documents for the work be website www.tripuratenders.gov.in or https://etenders.gov.in/eprocure/app https://eprocure.gov.in at free of cost. The bid can only be submitted after uploading the mandatory scanned documents as specified in this tender document on the e-Procurement website www.tripuratenders.gov.in

For any query please contact to office of the undersigned during office hours/ dwsdivision belonia@gmail.com/ eedwsdivbln@yahoo.in

ICA/C/738/24

For and on behalf of Governor of Tripura.
(Er. B. Debbarma)
Executive Engineer DWS Division, Belonia,
South Tripura District, Tripura

"Conserve Water and Save Life"

TENDER NOTICE

Sealed quotation for "making of flag for using in the field of Hybrid paddy demonstration through SRI" within Kakraban Agri. Sub-Division, Udaipur, Gomati, Tripura, for a period of 1 (one) year, will be received on 23rd July 2024 in the chamber of Superintendent of Agriculture, Kakraban, Udaipur, Tripura, from 11 A.M to 3 P.M. for details, please visit www.agri.tripura.gov.in.

ICA/C/778/24

Superintendent of Agriculture
Kakraban Agri. Sub-Division
Udaipur, Gomati, Tripura

SHORT NOTICE INVITING QUOTATION

Sealed quotations are invited by the Medical superintendent, IGM Hospital, Agartala, from the interested bidders (bonafide manufacturers/authorized distributors or suppliers), for supply of some medicine for use in IGM Hospital, Agartala. Detailed informations alongwith tender paper may be collected from the office of the undersigned on or before 12/07/2024 upto 4.30 P.M. and last date of bid submission is 15/07/2024 upto 04.30 P.M. & quotation will be opened on 17/07/2024 at 2.30 P.M. or on next working day at 12 noon, if possible & interested bidders may remain present at the time of bid opening session.

ICA/C/ 245/24

Medical Superintendent
IGM Hospital, Agartala.

NIT No:-e-PT-1/EE/RDSD/ 2024-25

Date,15/03/2024 (3rd Call). The Executive Engineer,RD Store Division,Agartala, WestTripura invites e-tender (two bid) from eligible bidders up to 3.00 P.M of 22/07/2024 for "Hiring of 1(one) Maruti Eeco including fuel and driver for the office work of the Executive Engineer RD Store Division,Agartala". For details, visit website https://tripuratenders.gov.in and contact at 0381-2309395/ 09436138717, email : eerdsd10@gmail.com. Any subsequent corrigendum will be available in the website only.

ICA/C/749/24

Executive Engineer
R.D. Store Division,
Agartala West Tripura

কাজের সন্ধান

অনলাইনে ১,১০৪ জন এপ্রেন্টিস পরীক্ষা ছাড়াই রেলে নিয়োগ

কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।। সারা দেশ জুড়ে ভারতীয় রেলে এপ্রেন্টিস নিয়োগের জন্য অনলাইনে অথবা ডাকযোগে দরখাস্ত পাঠাতে বলা হয়েছে, আসন সংখ্যা এই মুহূর্তে প্রায় ১২,০০০টি হলেও নর্থ-ইস্টার্ণ রেল বা উত্তর-পূর্ব রেলওয়েতে ১,১০৪টি। শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, অধিক নম্বর এবং আইটিআই পাশ হলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ জুলাই। বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর জন্য পরে ডাকা হবে। ইচ্ছুক উপযুক্ত প্রার্থীরা নর্থ-ইস্টার্ণ রেল বা উত্তর-পূর্ব রেলওয়েতে গোরখপুর, ইজ্জতনগর, লক্ষ্মৌ, গন্ডা, বারানসী ডিভিশনের যে-কোনও একটির উদ্দেশ্যে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। অন্য রেলওয়ের জন্যও অনলাইনে দরখাস্ত পাঠানো সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য অনলাইনে আবেদন করতে পারেন ১১ জুলাইয়ের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ১১ জুলাই। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। একইভাবে একাধিক ডিভিশনেও আবেদন করা যাবে না। অধিকতর পেশগত যোগ্যতা যথা বিই/ বিটেক/ এমবিএ/ এমসিএ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের বিবেচনা করা হবে না। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন ইন্ডিয়ান রেলওয়ের ওয়েবসাইটে 'এপ্রেন্টিস' ট্যাব-এ। রেলওয়ের জোন অনুযায়ী অনলাইনে আবেদন করার পদ্ধতিও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্‌অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্‌ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে।

ভারতীয় রেলে চাকরির জন্য এধরনের ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। ভারতীয় রেলে সারা দেশ জুড়ে ট্রেড এপ্রেন্টিস হিসেবে প্রায় ১২,০০০ জনকে বাছাইয়ের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। ইন্ডিয়ান রেলওয়েতে বিশেষ করে নর্থ-ইস্টার্ণ রেল বা উত্তর-পূর্ব রেলওয়েতে ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ১২-০৬-২০২৪-এর হিসেবে ১৫ থেকে ২৪ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন 'ইন্ডিয়ান রেলওয়ে'র ওয়েব সাইটে, 'এপ্রেন্টিস' ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - এনইআর/ আরআরসি/ এক্ট এপ্রেন্টিস/ ২০২৪-২৫। তারিখ ১২ জুন, ২০২৪। ডিভিশন ও ট্রেড অনুযায়ী আসন সংখ্যার বিভাজন এই রকম — গোরখপুরে মেকানিকেল ওয়ার্কশপে মোট আসন ৪১১টির মধ্যে অসংরক্ষিত ১৬৬টি। এছাড়া, ইডব্লিওএস-এর ৪২টি, এসসি'র ৬০টি, এসটি'র ৩২টি, ওবিসি'র ১১১টি পদ সংরক্ষিত। পাশাপাশি এক্স-সার্ভিসম্যানের জন্য ১৪টি, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য ১৬টি পদ সংরক্ষিত। গোরখপুর ক্যান্টনমেন্টে সিগন্যাল ওয়ার্কশপে মোট আসন ৬৩টির মধ্যে অসংরক্ষিত ২৭টি। এছাড়া, ইডব্লিওএস-এর ৬টি, এসসি'র ৯টি, এসটি'র ৪টি, ওবিসি'র ১৭টি পদ সংরক্ষিত। পাশাপাশি এক্স-সার্ভিসম্যানের জন্য ১টি, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য ৩টি পদ সংরক্ষিত। গোরখপুর ক্যান্টনমেন্টে ব্রিজ ওয়ার্কশপে মোট আসন ৩৫টির মধ্যে অসংরক্ষিত ১৬টি। এছাড়া, ইডব্লিওএস-এর ৩টি, এসসি'র ৫টি, এসটি'র ৩টি, ওবিসি'র ৮টি পদ সংরক্ষিত। পাশাপাশি এক্স-সার্ভিসম্যানের জন্য ১টি, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য ১টি পদ সংরক্ষিত। ইজ্জতনগর মেকানিকেল ওয়ার্কশপে মোট আসন ১৫১টির মধ্যে অসংরক্ষিত ৬০টি। এছাড়া, ইডব্লিওএস-এর ১৫টি, এসসি'র ২৪টি, এসটি'র ১১টি, ওবিসি'র ৪১টি পদ সংরক্ষিত। পাশাপাশি এক্স-সার্ভিসম্যানের জন্য ৫টি, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য ৬টি পদ সংরক্ষিত। ইজ্জতনগর ডিজেল শেড-এ মোট আসন ৬০টির মধ্যে অসংরক্ষিত ২৪টি। এছাড়া, ইডব্লিওএস-এর ৬টি, এসসি'র ১০টি, এসটি'র ৪টি, ওবিসি'র ১৬টি পদ সংরক্ষিত। পাশাপাশি এক্স-সার্ভিসম্যানের জন্য ২টি, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য ২টি পদ সংরক্ষিত। ইজ্জতনগর ওয়াগনে মোট আসন ৬৪টির মধ্যে অসংরক্ষিত ২৬টি। এছাড়া, ইডব্লিওএস-এর ৬টি, এসসি'র ১০টি, এসটি'র ৫টি, ওবিসি'র ১৭টি পদ সংরক্ষিত। পাশাপাশি এক্স-সার্ভিসম্যানের জন্য ২টি, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য ৩টি পদ সংরক্ষিত। লক্ষ্মৌ জাংশান ক্যারেজ এন্ড ওয়াগনে মোট আসন ১৫৫টির মধ্যে অসংরক্ষিত ৬১টি। এছাড়া, ইডব্লিওএস-এর ১৭টি, এসসি'র ২৪টি, এসটি'র ১০টি, ওবিসি'র ৪৩টি পদ সংরক্ষিত। পাশাপাশি এক্স-সার্ভিসম্যানের জন্য ৪টি, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য ৬টি পদ সংরক্ষিত। গন্ডা ডিজেল শেড-এ মোট আসন ৯০টির মধ্যে অসংরক্ষিত ৩৯টি। এছাড়া, ইডব্লিওএস-এর ৮টি, এসসি'র ১৩টি, এসটি'র ৭টি, ওবিসি'র ২৩টি পদ সংরক্ষিত। পাশাপাশি এক্স-সার্ভিসম্যানের জন্য ৩টি, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য ৪টি পদ সংরক্ষিত। বারানসী ক্যারেজ এন্ড ওয়াগনে মোট আসন ৭৫টির মধ্যে অসংরক্ষিত ৩৫টি। এছাড়া, ইডব্লিওএস-এর ৭টি, এসসি'র ১০টি, এসটি'র ৫টি, ওবিসি'র ১৮টি পদ সংরক্ষিত। পাশাপাশি এক্স-সার্ভিসম্যানের জন্য ২টি, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য ৩টি পদ সংরক্ষিত অন্যান্য ডিভিশন, ওয়ার্কশপ, ক্লাস্টারের ট্রেড ও ক্যাটেগরী অনুযায়ী আসন সংখ্যার আরও বিস্তারিত বিভাজন জানতে এঁদের ওয়েবসাইটে লগ অন করে দেখে নিতে হবে।

সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।। * বিএসএফ-এ **এ.এস.আই, স্টেনো, হেড-কনস্টেবল, মিনিস্টেরিয়াল** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫২৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, টাইপিংয়ে দক্ষ হলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ জুলাই, বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র সারা দেশ জুড়ে, তবে তারিখ ও বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্‌অ্যাপ নম্বরনথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্‌অ্যাপ নম্বরে।

* প্রতিরক্ষা মন্ত্রকের অধীনে **ওয়ার্কার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৯ জুলাই, বাছাইকৃতদের ট্রেড টেস্ট ও ইন্টারভিউর দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* এইমস-এ **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৩১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুলাই, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রেল মন্ত্রকে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১১০৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেনি, মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ জুলাই, বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র সারা দেশ জুড়ে, তবে তারিখ ও বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **টেকনিক্যাল, অ্যাসিস্ট্যান্ট, ম্যানেজার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৭১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ জুলাই, বাছাইকৃতদের ট্রেড টেস্ট ও ইন্টারভিউর দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* ভারতীয় নৌসেনায় **অগ্নিবীর, এমআর, মিউজিশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদঃ ১০০টি (সম্ভাব্য), শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, নির্দিষ্ট বিষয়ে দক্ষ হতে হবে, বয়স ঃ ১৭-২১ বছর, অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ জুলাই, বাছাইকৃতদের স্কিল টেস্ট ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৭০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিই, বিটেক, বিবিএ, বিসিএ ... যে-কোনও বিষয়ে ডিগ্রিপাশ, বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুলাই, বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ ২৮ জুলাই। বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **স্পেশালিস্ট অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদঃ ১০২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি ডিপ্লোমা, সিএ পাশ, বয়স ঃ ২৩-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুলাই, বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* এইমস-এ **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদঃ ১৩১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুলাই, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* এয়ারপোর্ট সার্ভিস-এ **সিনিয়র কাস্টমার সার্ভিস এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০৪৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুলাই, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা অথবা সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* অর্ডিন্যান্স ফ্যাক্টরিতে **ওয়ার্কার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদঃ ১৫৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুলাই, মেধাভিত্তিক বাছাইকৃতদের ট্রেড টেস্ট বা সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* মেডিক্যাল রিসার্চ-এ **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মেডিক্যাল যোগ্যতা, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুলাই, বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউ বা পরীক্ষার কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* এয়ারপোর্ট সার্ভিসে **হ্যান্ডিম্যান, সার্ভিস এক্সিকিউটিভ, এজেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩২৫৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, এমবিএ পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৮ ও অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ জুলাই, বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখতে হবে।

* রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদঃ ৫৪৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ গ্র্যাজুয়েট অর্থাৎ বিএ, বিকম, বিএসসি, বিই, বিটেক, বিবিএ, বিসিএ ... যে-কোনও বিষয়ে ডিগ্রিপাশ, বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ জুলাই, বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখতে হবে।

* শিপ-ইয়ার্ডে **প্রজেক্ট অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুলাই, বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউ বা পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় নিগমে **এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পিজি পাশ, বয়স ঃ ১৮-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুলাই, বাছাইকৃতদের ইন্টারভিউ এবং পরীক্ষার দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **এ.এস.আই, স্টেনো, হেড-কনস্টেবল, মিনিস্টেরিয়াল (বিএসএফ)**
শূন্যপদ ঃ ১৫২৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, টাইপিংয়ে দক্ষ হলে অগ্রাধিকার পাবেন,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ জুলাই,
বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র সারা দেশ জুড়ে, তবে তারিখ ও বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ওয়ার্কার (প্রতিরক্ষা মন্ত্রক),**
শূন্যপদ ঃ ২০১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৯ জুলাই,
বাছাইকৃতদের ট্রেড টেস্ট ও ইন্টারভিউর দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (রেল মন্ত্রক)**
শূন্যপদ ঃ ১১০৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেনি, মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ জুলাই,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **টেকনিক্যাল, অ্যাসিস্ট্যান্ট, ম্যানেজার (কর্পোরেট সেক্টর)**
শূন্যপদ ঃ ২৭১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ জুলাই,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অগ্নিবীর, এমআর, মিউজিশিয়ান (নেভি)**
শূন্যপদ ঃ ১০০টি (সম্ভাব্য),
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, নির্দিষ্ট বিষয়ে দক্ষ হতে হবে,
বয়স ঃ ১৭-২১ বছর,
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ জুলাই,
বাছাইকৃতদের স্কিল টেস্ট ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ওয়ার্কার (অর্ডিন্যান্স ফ্যাক্টরি),**
শূন্যপদ ঃ ১৫৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুলাই,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ট্রেড টেস্ট বা সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক)**
শূন্যপদ ঃ ২৭০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিই, বিটেক, বিবিএ, বিসিএ ... যে-কোনও বিষয়ে ডিগ্রিপাশ,
বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুলাই,
বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ ২৮ জুলাই। বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **স্পেশালিস্ট অফিসার (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ১০২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি ডিপ্লোমা, সিএ পাশ,
বয়স ঃ ২৩-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুলাই,
বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (এইমস),**
শূন্যপদ ঃ ১৩১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুলাই,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইনটারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সিনিয়র কাস্ট মার সার্ভিস এক্সিকিউটিভ (এয়ারপোর্ট সার্ভিস),**
শূন্যপদ ঃ ১০৪৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুলাই,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা অথবা সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ওয়ার্কার (অর্ডিন্যান্স ফ্যাক্টরি),**
শূন্যপদ ঃ ১৫৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুলাই,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ট্রেড টেস্ট বা সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (মেডিক্যাল রিসার্চ),**
শূন্যপদ ঃ ১২১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মেডিক্যাল যোগ্যতা, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুলাই,
বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউ বা পরীক্ষার কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **হ্যান্ডিম্যান, সার্ভিস এক্সিকিউটিভ, এজেন্ট (এয়ারপোর্ট সার্ভিস),**
শূন্যপদ ঃ ৩২৫৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, এমবিএ পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৮ ও অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ জুলাই,
বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখতে হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক)**
শূন্যপদ ঃ ৫৪৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ গ্র্যাজুয়েট অর্থাৎ বিএ, বিকম, বিএসসি, বিই, বিটেক, বিবিএ, বিসিএ ... যে-কোনও বিষয়ে ডিগ্রিপাশ,
বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ জুলাই,
বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **প্রজেক্ট অফিসার (শিপ-ইয়ার্ড),**
শূন্যপদ ঃ ৬৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাই

পদ্মা সেতুর জন্য বাংলাদেশ বিশ্বে সম্মান পেয়েছে : শেখ হাসিনা

মনির হোসেন,ঢাকা,জুলাই ০৫।। পদ্মা সেতুকে 'গর্বের প্রতীক' হিসেবে আখ্যায়িত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, নিজস্ব অর্থায়নে সেতুটি নির্মিত হওয়ায় আন্তর্জাতিক সম্প্রদায় এখন বাংলাদেশকে যথাযথ মূল্যায়ন করছে। তিনি বলেন,এখন বাংলাদেশ শুনলেই মানুষ সমীহ করে আন্তর্জাতিক পরিমন্ডলে। বাংলাদেশের জনগণ একটা মর্যাদার আসনে অধিষ্ঠিত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুক্রবার বিকেলে পদ্মা সেতুর মাওয়া প্রান্তে পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের কাজের সমাপনী উপলক্ষ্যে আয়োজিত সুধী সমাবেশে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। গত দু'বছরে পদ্মা সেতুর টোল প্রাপ্তিতে সংশ্লিষ্ট সকলের মত তাঁরও সন্তুষ্টি ব্যক্ত করে সরকার প্রধান বলেন, আমি টাকার অংক দিয়ে এটা বিচার করবো না। কারণ এই সেতু আমাদের গর্বের সেতু। এটা টাকার অংক দিয়ে বিচার করার নয়।

বিশ্ব ব্যাংকের ভুয়া দুর্নীতির অভিযোগ মিথ্যা প্রমাণ করে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের চ্যালেঞ্জ গ্রহণের যুগান্তকারী সিদ্ধান্তের প্রসংগে তিনি বলেন, আমি শুধু এটুকু বলতে চাই এই একটা সিদ্ধান্ত বাংলাদেশকে অন্তত সেই মর্যাদা দিয়েছে, আগে যারা কথায় কথায় আমাদের ওপর খবরদারি করতো, আর ভাবখানা ছিল এরা ছাড়া বাংলাদেশ চলতেই পারেনা, সেই মানসিকতাটা বদলে গেছে। মানুষ এখন গর্ব করে আন্তর্জাতিকভাবে বুক ফুলিয়ে চলত পারে। এটাই সবথেকে বড় পাওয়া।

প্রধানমন্ত্রী বলেন, এখন বাংলাদেশের নাম শুনলেই মানুষ সমীহ করে আন্তর্জাতিক পরিমন্ডলে। বাংলাদেশের জনগণ একটা মর্যাদার আসনে অধিষ্ঠিত হয়েছে। লাখো শহীদের রক্তের বিনিময়ে অর্জিত আমাদের এই স্বাধীনতা। সেই স্বাধীনতা ব্যর্থ হয়নি, সফল হয়েছে এবং আমরা এখন আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে ২০৪১ সালের বাংলাদেশকে উন্নত সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ হিসেবে গড়ে তুলবো, ইনশাল্লাহ। সেই সাথে আমরা ২০২১ থেকে ২০৪১ পর্যন্ত প্রেক্ষিত পরিকল্পনা করেছি পাশাপাশি প্রজন্মের পর প্রজন্মের উন্নত জীবনের জন্য নেদারল্যান্ডের সাথে চুক্তি করে 'ডেল্টা পরিকল্পনা-২১০০' প্রনয়ণ ও বাস্তবায়নও আমরা শুরু করে দিয়েছি।

তিনি বলেন, এটাই সবথেকে বড় পাওয়া যে লাখো শহীদের রক্তের বিনিময়ে অর্জিত আমাদের এই স্বাধীনতা আর এই পতাকা আজকে সারাবিশ্বে গর্বের সাথে এগিয়ে যাবে। আমরা এগিয়ে যাব অপ্রতিরোধ্য গতিতে। যত বাধা আসুক ইনশাল্লাহ অতিক্রম করে জাতির পিতার সে আদর্শ বাস্তবায়ন করেই এদেশকে এগিয়ে নিয়ে যাব। পদ্মা সেতু নির্মাণ বন্ধে দেশি ও আন্তর্জাতিক ষড়যন্ত্রের কথা স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, আমাদের অনেক বাধা অতিক্রম করে পদ্মা সেতু নির্মাণ করতে হয়েছে। আমরা সম্পূর্ণ বাংলাদেশের জনগণের টাকায় সেতুটি নির্মাণ করেছি।

প্রধানমন্ত্রী বলেন, যখন সবাই না করছে আর আমি যখন বলেছি আমি করবো। সে সময় দেশের জনগণ আমার সঙ্গে ছিল। আর আজকে সে পদ্মা সেতুর কাজ শেষ করতে পেরেছি যা আমার দক্ষিণাঞ্চলের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের দ্বার উন্মোচন করেছে। আল্লাহ রাব্বুল আলামিনের কাছে সত্যিই কৃতজ্ঞ। আর কৃতজ্ঞ আমার দেশবাসীর কাছে।

তিনি বলেন, এই পদ্মা সেতুটা একটি জটিল স্ট্রাকচার। কারণ আমাজনের পরে সবথেকে খরস্রোতা হচ্ছে এই পদ্মা নদী। এই জটিল পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ, কখনো নদীর পার ভেঙ্গেছে, নানা ধরনের সমস্যা দেখা দিয়েছে, একে একে সবকিছু অতিক্রম করে আমরা এই সেতুটি নির্মাণ করেছি। প্রধধানমন্ত্রী পদ্মা সেতু নির্মাণ করতে গিয়ে দুর্যোগে মৃত্যুবরণকারি এবং সেতুর কাজে সম্পৃক্ত ছিলেন এবং প্রয়াত, তাদের প্রতিও তিনি কৃতজ্ঞতা জানিয়ে তাদের রুহের মাগফিরাত কামনা করেন। তিনি সাবেক যোগাযোগ মন্ত্রী প্রয়াত সৈয়দ আবুল হোসেন এবং প্রকৌশলী, গবেষক, ও বিজ্ঞানী অধ্যাপক ড় জামিলুর রেজা চৌধুরীকেও শ্রদ্ধাভরে স্মরণ করেন।

শেখ হাসিনা বলেন, সেই পদ্মা নদীকে দু'কূলে বেঁধে দেওয়া আর এই সেতু নির্মাণ করা, এই জটিল কাজের সাথে যারা জড়িত সেই সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কৃতর্পক্ষ এবং পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের নিবেদিত কর্মকর্তা-কর্মচারি, দেশি-বিদেশি প্রকৌশলী, জাতীয় ও আন্তর্জাতিক পরামর্শক ও বিশেষজ্ঞগণ, নিরাপত্তার তদারকিতে সেনাবাহিনী এবং পুলিশ ও অন্যান্য আইনশৃংখলা রক্ষাকারি সংস্থা এবং নির্মাণ শ্রমিক বৃন্দ তাদের প্রতি আজকে আমি আমার কৃতজ্ঞতা ও আন্তরিক ধন্যবাদ জানাতেই আজ আমি এখানে এসেছি।

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। স্বাগত বক্তব্য রাখেন সেতু বিভাগের সিনিয়র সচিব মো. মনজুর হোসেন। প্রকল্প পরিচালক মো. শফিকুল ইসলাম প্রকল্প সমাপনী বক্তব্য উপস্থাপন করেন। সাবেক মন্ত্রী পরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম স্মৃতিচারন করে বক্তৃতা করেন। অনুষ্ঠানে পদ্মা সেতুর ওপর একটি প্রামান্য চিত্রও প্রদর্শিত হয়। এরআগে প্রধানমন্ত্রী মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন।

২০০১ সালের ৪ জুলাই মুন্সিগঞ্জের মাওয়ায় ভিত্তিপস্তর স্থাপন ও নিজস্ব অর্থায়নে নির্মাণ শেষে ২০২২ সালের ২৫ জুন এই স্থানে পদ্মা সেতুর শুভ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পরের দিন যান চলাচলের জন্য তা উন্মুক্ত করা হয়। এরআগে ২০১৫ সালের ১২ ডিসেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাওয়ায় বহুল প্রত্যাশিত পদ্মা সেতুর নির্মাণ কাজ উদ্বোধন করেন।

সংশ্লিষ্ট সূত্র মতে, পদ্মা বহুমুখী সেতুর নির্মাণের কাজ চলতি বছরের ৩০ জুন শেষ হয়েছে। মূল সেতুর দৈর্ঘ্য ৬ দশমিক ১৫ কিলোমিটার। এর অ্যাপ্রোচ সড়ক ১২ দশমিক ১১৭ কিলোমিটার। ভায়াডাক্ট ৩ দশমিক ১৪৮ কিলোমিটার (সড়ক) এবং ৫৩২ মিটার (রেল)। গত দুই বছরে পদ্মা সেতু দিয়ে ১ কোটি ২৭ লাখ যানবাহন চলাচল করেছে। চলতি বছরের ২৯ জুন পর্যন্ত রাজস্ব আদায় হয়েছে ১ হাজার ৬৬১ কোটি টাকা। প্রতিদিন গড়ে যান চলাচল করেছে প্রায় ১৯ হাজার। প্রতিদিন গড়ে টোল আদায় হয়েছে ২ কোটি ৩০ লাখ টাকা।

পদ্মা সেতু হওয়ার সুফল বলতে গিয়ে তিনি বলেন, পদ্মাপাড়ের মানুষ আমরা সবসময় কষ্ট ভোগ করতাম, আসতে-যেতে। প্রথমে ১৯৫২ সালে দাদার সঙ্গে আমরা ঢাকায় যেতে নৌকায় পার হই এই পদ্মা। চার দিন চার রাত লেগেছিল। তখন আব্বা (বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান) জেলে। এই যাতায়াতে কত মানুষের জীবন গেছে। মানুষ বিভিন্ন সেবা থেকে বঞ্চিত হয়েছে। আজকে আর কেউ সেবা বঞ্চিত হয় না।

শেখ হাসিনা '৭৫ পরবর্তী সময়ে বিদেশে বাংলাদেশের করুণ ভাবমূর্তির কথা স্মরণ করে বলেন, ক্ষমতা ছিল না, বিদেশে গেছি, তখন বাংলাদেশের নামটা শুনলে কেউ জিজ্ঞাসা করত, এটা কি ভারতের কোনও অংশ? জিজ্ঞেস করত, এদেশে তো শুধু ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, দুর্ভিক্ষ লেগে থাকে।

মিসকিন হিসেবে আমাদেরকে হিসেব করা হতো। যেটা আমাদের জন্য অত্যন্ত কষ্ট, ব্যথার ছিল। লাখো শহীদের রক্তের বিনিময়ে স্বাধীন জাতির কোনো মর্যাদা থাকবে না, আমরা মাথা তুলে কথা বলতে পারব না, আমাদের আত্মমর্যাদাবোধ থাকবে না, এটা কি ধরনের বাংলাদেশ?

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি বলেন, ভারতের কাছে গ্যাস বিক্রিতে বাধ সাধায় ২০০১ সালে সরকার গঠন করতে পারিনি। ওই সময় অনেক ভোট পেয়েছিলাম, কিন্তু প্রয়োজনীয় সিট পাইনি। বাংলাদেশের সম্পদ না বেচায় যদি ক্ষমতায় না আসি, তাতে আমার কিছু যায়-আসে না। শেখ মুজিবের মেয়ে কখনও দেশের সম্পদ বেচে ক্ষমতায় আসে না। তিনি বলেন, পদ্মা সেতুতে কথিত (বিশ্ব ব্যাংকের অভিযোগ) দুর্নীতির প্রমাণ চেয়েছিলাম আমি। মন্ত্রী-উপদেষ্টাদের বিরুদ্ধে মামলা করতে বলেছিলেন তারা, আমি করিনি। পদ্মা সেতু নিজেদের টাকায় করেছি।

ড় ইউনূসের প্রসঙ্গ টেনে প্রধানমন্ত্রী বলেন, একটা পদ। সেটা হলো একটা ব্যাংকের এমডির পদ। এ পদটা নিয়ে যত জটিলতা, যত সমস্যা। এখন ব্যাংকে যদি আইন থাকে, একজন ২০ বছর থাকতে পারবে। এরই মধ্যে তার বয়স ৭০ হয়ে গেছে। অতিরিক্ত সময় (এমডি পদে) থেকে ফেলেছেন। তারপরও তিনি সেখানে থাকেন কী করে? একজন নামিদামি নোবেল বিজয়ী সামান্য একটা এমডি পদের জন্য এত লালায়িত কেন? এই প্রশ্নের উত্তর কখনো পেলাম না। তিনি বলেন, যে বড় দেশে তাকে (ড় ইউনূস) প্রমোট করে, সে দেশের রাষ্ট্রদূত তাঁর অফিসে এসে অফিসারদের ধমকান ও বলেন, এই এমডির পদ না থাকলে এই টাকা (পদ্মা সেতুতে অর্থায়ন) বন্ধ হয়ে যাবে। যেজন্য এক সময় তিনি তাদের সঙ্গে দেখা করা বা কথা বলা বন্ধ করে দেন বলেও জানান।

তিনি বলেন, এই এমডি পদের জন্য আমার কাছে তদবির করতে হিলারি ক্লিনটন দুইবার ফোন করলেন। শেরি ব্লেয়ার ফোন করলেন। ফ্রান্সের প্রেসিডেন্টের প্রতিনিধি আসলো। পৃথিবীর অনেকেই আসলো। আমি শুধু জিজ্ঞেস করলাম, আমাকে বলেন এই এমডি পদে কী মধু আছে?

প্রধানমন্ত্রী বলেন, হিলারি ক্লিনটনের নির্দেশে বিশ্ব ব্যাংকের বিদায়ী প্রেসিডেন্টকে দিয়ে পদ্মা সেতুর অর্থায়ন বন্ধ করানোর পরে অন্য দাতারাও অর্থায়ন বন্ধ করে দিলে তিনি বিশ্বের অনেক নেতার সঙ্গে আলাপ করে দেখেছেন, তাদের অনেকেরই ধারণা বিশ্ব ব্যাংকের অর্থায়ন ছাড়া মনে হয় এ ধরনের সেতু করা যাবে না। তবে, মালয়েশিয়া সরকার সাহায্য করতে চাইলেও দেশের তথাকথিত বুদ্ধিজীবীদের বিরোধিতায় তা সম্ভব হয়নি।

তারপর তিনি নিজস্ব অর্থায়নে শুরু করতে চাইলেও যখন একই ধরনের চাপ আসে তখন তিনি বলেছিলেন, সব টাকা একবারে লাগবে না। আস্তে আস্তে করব, যখন পারব করব এবং নিজেদের টাকাতেই করব। এক সময় বিশ্ব ব্যাংকের ভুয়া দুর্নীতির অভিযোগ কানাডার ফেডারেল কোর্টে মিথ্যা প্রমাণ হয় বলেও তিনি উল্লেখ করেন।

৩০ সেপ্টেম্বর পর্যন্ত চলবে সম্পূর্ণতা অভিযান

নয়াদিল্লি, ৫ জুলাই : নীতি আয়োগের উদ্যোগে দেশজুড়ে শুরু হয়েছে 'সম্পূর্ণতা অভিযান, যাকে ঘিরে নাগরিকদের উল্লেখযোগ্য অংশগ্রহণ পরিলক্ষিত হয়েছেউ এ উপলক্ষ্যে দেশের ৫০০টি উন্নয়ন প্রত্যাশী ব্লক এবং ১১২টি উন্নয়ন প্রত্যাশী জেলায় সূচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়উ ৪ জুলাই থেকে শুরু হওয়া এই অভিযান চলবে ৩০ সেপ্টেম্বর পর্যন্তউ এই তিন মাসের অভিযানের লক্ষ্য হচ্ছে, সমস্ত উচ্চাকাঙ্ক্ষী বা উন্নয়ন প্রত্যাশী জেলা ও ব্লকে ১২টি মূল সামাজিক ক্ষেত্রের সূচকের ১০০ু পরিপূর্ণতা অর্জন করা। অভিযানের প্রথম দিনে জম্মু-কাশ্মীর থেকে আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জ পর্যন্ত জেলা ও ব্লক-স্তরের লক্ষ লক্ষ আধিকারিক, সামনের সারির কর্মী, স্থানীয় নেতা, স্থানীয় শিল্পী, ছাত্র-ছাত্রী এবং স্থানীয় প্রতিনিধিদের (ব্লক প্রমুখ/প্রধান) ব্যাপক উৎসাহী অংশগ্রহণ দেখা গেছে। "সম্পূর্ণতা অভিযান"-এর লক্ষ্য পূরণ করতে এবং চিহ্নিত সূচকগুলির পরিপূর্ণতার দিকে অগ্রগতিকে ত্বরান্বিত করতে উন্নয়ন প্রত্যাশী জেলা ও ব্লকগুলি "সম্পূর্ণতা অঙ্গীকার"-এর মাধ্যমে "সম্পূর্ণতা অভিযান"-এর প্রতি তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে। এই কর্মসূচিগুলির মধ্যে অভিযানের মূল সূচকগুলির উপর জোর দিয়ে শিবিরের আয়োজন করা হয়উ যেমন মধ্যপ্রদেশের রতলাম এবং সিংরৌলিতে হয়েছে এরকম শিবির। সেরকমই উত্তরাখণ্ডের উধম সিং নগর এবং হরিয়ানার নুহ জেলার সদর দফতরেও জাঁকজমকের সঙ্গে স্থানীয় মানুষের অংশগ্রহণের মধ্য দিয়ে এই কর্মসূচির সূচনা করা হয়।

অন্ধ্রপ্রদেশের আন্নামাইয়া জেলার কুরাবালাকোটা মণ্ডলে আয়োজিত স্বাস্থ্য শিবিরে স্থানীয় জনগণ ব্যাপক উৎসাহের সঙ্গে অংশগ্রহণ করেন। উত্তর প্রদেশের গোরক্ষপুর জেলার বাঁশগাঁও ব্লক এবং হিমাচল প্রদেশের কুলু জেলার নির্মান্ড ব্লকে গর্ভবতী মহিলা ও ছোট শিশুদের জন্য আঞ্চলিক খাবারের পুষ্টিকর বৈচিত্র্য প্রদর্শনের জন্য শত শত আশা ও অঙ্গনওয়াড়ি কর্মী জড়ো হয়েছিলেন। "সম্পূর্ণতা অভিযান'-এর উল্লেখ করা সুনির্দিষ্ট সেলফি পয়েন্টগুলোতে হাসিখুশি মুখ নিয়ে ছবি তোলা সাধারণ দৃশ্য ছিল সেখানেউ কিছু জায়গায় সম্পূর্ণতা অভিযানের মূল কাজের সূচক এবং লক্ষ্য সম্পর্কে সচেতনতা তৈরি করার জন্য সম্পূর্ণতা যাত্রারও আয়োজন করা হয়েছিল। অন্ধ্রপ্রদেশের পার্বতীপুরম মান্যমের ভামিনী ব্লকে স্কুল পড়ুয়ারা এবং এনসিসি ক্যাডেটরা এই ধরনের একটি সম্পূর্ণতা যাত্রায় জড়ো হয়েছিল। হরিয়ানার চরখি দাদরি জেলার বাধরা ব্লকের মতো নানা জায়গায় চিত্রকলা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে শিশুরাও এই অনন্য কর্মসূচিকে সমর্থন করেছে। উদ্বোধনী অনুষ্ঠানে নানা জায়গায় আরও কিছু কর্মসূচি নেওয়া হয়েছে, যেমন সাংস্কৃতিক অনুষ্ঠান, পথনাটক, প্রদর্শনী স্টল, মৃত্তিকা স্বাস্থ্য কার্ড বিতরণ ইত্যাদি। উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিও উৎসাহের সঙ্গে এই কর্মসূচিতে অংশগ্রহণ করে। অরুণাচল প্রদেশের উপ-মুখ্যমন্ত্রী শ্রী চৌনা মেইন অরুণাচল প্রদেশের নামসাই জেলার চৌখাম ব্লকে এক অনুষ্ঠানে সম্পূর্ণতা অভিযানের সূচনা করেছেন। নাগাল্যান্ডের কিফিরে এলাকার উদ্বোধনী অনুষ্ঠানে এই অভিযানের উৎসাহপূর্ণ সূচনা করে বক্তব্য রাখেন বিধায়ক শ্রী সি কিপিলি সঙ্গতম। একইরকম ভাবে সূচনা অনুষ্ঠান উপলক্ষ্যে মণিপুরের চুরাচাঁদপুর জেলার লামকা দক্ষিণ ব্লকে ডায়াবেটিস এবং উচ্চ রক্তচাপের উপর একটি বিনামূল্যে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়উ

তিন মাসব্যাপী এই "সম্পূর্ণতা অভিযান" অভিযানের অংশ হিসাবে, জেলা ও ব্লক আধিকারিকরা নির্বাচিত জনপ্রতিনিধিদেরকে সঙ্গে নিয়ে ১২টি সূচকে ১০০ু পরিপূর্ণতা অর্জনের জন্য চিহ্নিত সমস্ত উন্নয়ন প্রত্যাশী ব্লক এবং জেলাগুলিতে গ্রামসভা, পথনাটক, পৌষ্টিক আহার মেলা, স্বাস্থ্য শিবির, আইসিডিএস শিবির, সচেতনতা পদযাত্রা এবং র‍্যালি, প্রদর্শনী, পোস্টার তৈরি এবং কবিতা প্রতিযোগিতার মতো সচেতনতা কর্মসূচির আয়োজন করবে।

নীতি আয়োগের আধিকারিক এবং তরুণ পেশাদাররা ৩০০টি জেলায় ব্যক্তিগতভাবে উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করছেন, যাতে এই অভিযানকে কার্যকরভাবে সংগঠিত ও বাস্তবায়িত করতে স্থানীয় প্রশাসনকে সহযোগিতা ও পথপ্রদর্শন করা যায়। সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রক ও বিভাগ এবং রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সরকারগুলির সঙ্গে সহযোগিতার ফলে অভিযানের উদ্দেশ্য অর্জনের প্রচেষ্টা শুধুমাত্র শক্তিশালীই হবে না, বরং প্রত্যন্ত অঞ্চলে আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করতে প্রতিযোগিতামূলক ও সহযোগিতামূলক যুক্তরাষ্ট্রীয় মনোভাবও শক্তিশালী হবে।

"সম্পূর্ণতা অভিযান"-এর গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিঃ

উন্নয়ন প্রত্যাশী ব্লকগুলোর মূল দক্ষতার সূচক (কে.পি.আই):

১) প্রসবপূর্ব যত্নের (এএনসি) জন্য প্রথম ত্রৈমাসিকে গর্ভবতী মহিলাদের নিবন্ধন শতকরা হার;

২) ব্লকের লক্ষ্যযুক্ত জনসংখ্যার মধ্যে ডায়াবেটিসের জন্য স্ক্রিনিং করা ব্যক্তিদের শতকরা হার;

৩) ব্লকের লক্ষ্যযুক্ত জনসংখ্যার মধ্যে উচ্চ রক্তচাপের জন্য স্ক্রিনিং করা ব্যক্তিদের শতকরা হার;

৪) আইসিডিএস কর্মসূচির আওতায় নিয়মিত পরিপূরক-পুষ্টি গ্রহণকারী গর্ভবতী মহিলাদের শতকরা হার;

৫) মাটির নমুনা সংগ্রহের লক্ষ্যমাত্রার মধ্যে মৃত্তিকা স্বাস্থ্য কার্ড তৈরি করার শতকরা হার; এবং

৬) ব্লকের মোট স্বসহায়ক দলগুলোর মধ্যে রিভলভিং তহবিল পাওয়া দলগুলোর শতকরা হারউ

উন্নয়ন প্রত্যাশী জেলাগুলোর মূল দক্ষতার সূচক (কে.পি.আই):

দামছাড়া আর ডি ব্লক নীতি আয়োগের ৯০ দিনের উন্নয়নমূলক কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জেলা শাসক দেবপ্রিয় বর্ধন, পানিসাগর বিধায়ক বিনয় ভূষণ দাস, নীতি আয়োগের ডাইরেক্টর ডক্টর অমৃত পাল কাউর সহ অন্যান্যরা উ

গ্রাহক সন্তুষ্টির ওপর গুরুত্ব প্রদান করে

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেল মদদ পরিষেবাযোগে প্রাপ্ত অনুরোধ নিষ্পত্তি

মালিগাঁও, ৫ জুলাই, ২০২৪: দায়িত্বশীল ও দায়বদ্ধ সত্তা হিসেবে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ট্রেন যাত্রার সময় যাত্রী পরিষেবার অনুরোধ অথবা রেলওয়ে চত্বরে সংঘটিত ঘটনার দ্রুত মোকাবিলা করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে আসছে। যাত্রী অনুরোধের পর্যবেক্ষণকে জোনের মধ্যে 'কী পার্ফমেন্স ইণ্ডিকেটরচ' হিসেবে বিবেচনা করা হয়। অনুরোধ, অভিযোগ ও অনুসন্ধানের মুখ্য সমাধানের দিকে এক ফলপ্রসূ পর্যবেক্ষণ ব্যবস্থা স্থাপন করতে ২০১৯ সালে রেল মদদ চালু করা হয়েছিল। যাত্রীরা ওয়েবসাইট এবং রেল মদদ অ্যাপের হেল্পলাইন নং. ১৩৯-এর মাধ্যমে অভিযোগ দায়ের করতে পারেন এবং সহায়তা চাইতে পারেন। বিভিন্ন পদ্ধতিতে দায়ের করা অভিযোগ ও অনুরোধগুলিকে একটি মঞ্চে নিয়ে এসে নির্দিষ্ট সময়ের মধ্যে সেগুলি মোকাবিলা করার জন্য এই পোর্টালের মাধ্যমে চ্যানেলাইজ করা হয়।

বিগত অর্থবর্ষ ২০২৩-২৪-এর সময় উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে প্রাপ্ত অনুরোধের ১০০ শতাংশ নিষ্পত্তি করতে সক্ষম হয়েছে। বিগত অর্থবর্ষের গড় নিষ্পত্তির সময় ছিল ১০৫ মিনিট। তুলনামূলকভাবে বর্তমান অর্থবর্ষ ২০২৪-২৫-এর ১ এপ্রিল থেকে শুরু হওয়া সময়সীমার জন্য এখনও পর্যন্ত উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে অনুরোধ নিষ্পত্তির সময় হিসেবে ৭৩ মিনিটের মধ্যে ১০০ শতাংশ পালনের হার ধরে রাখতে সক্ষম হয়েছে। এছাড়া উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে বিগত ২০২৩-২৪ অর্থবর্ষে ফার্স রেসপন্স টাইম (এফআরটি) ১৬ মিনিটের তুলনায় বর্তমান অর্থবর্ষে (২০২৪-২৫) তা ১২ মিনিটে বজায় রেখেছে। জরুরীকালীন সাহায্যের অনুরোধ মোকাবিলার ক্ষেত্রে দক্ষতার একটি সূচক হলো এফআরটি।

যাত্রীদের মধ্যে রেল মদদ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে রেলওয়ের পক্ষ থেকে সকল স্তরে এক সমন্বিত প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। অভিযোগের দ্রুত ও সন্তুষ্টিজনক সমাধানের ফলে যাত্রীদের মধ্যে অভিযোগ নিরাময় ব্যবস্থার প্রতি বিশ্বাস পুনরায় ঘুরে এসেছে, যা ট্রেন যাত্রার সময় অথবা রেলওয়ে চত্বরে থাকার সময় যাত্রীদের সম্মুখীন হওয়া যে কোনও অসুবিধার ক্ষেত্রে আশার আলো হিসেবে কাজ করে।

এর ফলস্বরূপ, বহু যাত্রী এখন রেল মদদ অভিযোগ পদ্ধতি ব্যবহার করা শুরু করেছেন। বিগত অর্থবর্ষ ২০২৩-২৪-এ মোট ১৫১৮৮৭টি এবং বর্তমান অর্থবর্ষ ২০২৪-২৫-এর আজকের তারিখ পর্যন্ত ৫৩৫৪১টি অনুরোধ নিষ্পত্তি করা হয়েছে।

৪৮ ঘণ্টায় ৭টি শিশুর মৃত্যু, প্রশ্নের মুখে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ

মুর্শিদাবাদ, ৫ জুলাই (হি.স.) : মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে শিশু মৃত্যুর সংখ্যা বাড়ছে। হাসপাতাল সূত্রে খবর, গত দু'দিনে ৭টি শিশুর মৃত্যু হয়েছে। জানা গিয়েছে, অপুষ্টিজনিত সমস্যায় শিশুদের মৃত্যু হচ্ছে। পাশাপাশি বেলডাঙা, ফরাক্কা-সহ জেলার বিভিন্ন প্রান্তের বেসরকারি হাসপাতাল থেকে রুগ্ন শিশুদের পাঠিয়ে দেওয়া দেওয়া হচ্ছে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে।

মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের শিশু বিভাগের চিকিৎসকদের দাবি, অপুষ্টি জনিত বাচ্চাদের রেফার করা হচ্ছে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে। যার মধ্যে ৫০০ গ্রাম ওজনের বাচ্চাও রয়েছে। অধ্যক্ষ চিকিৎসক অমিতকুমার দা বলেন, "একদিনে ৮ জন শিশুর মৃত্যু হয়েছে এই খবর নেই। হাসপাতালে শিশু বিভাগে ২৪ ঘণ্টায় শিশু মৃত্যু বাড়ল কিনা তা খতিয়ে দেখা হবে।"

TENDER NOTICE

Sealed tender in plain paper is invited by the under singed on behalf of Tripura Forest Development and Plantation Corporation Ltd. from resourceful person/vehicle owners of Indian Nationality for hiring 01 (one) Maruti Eeco Petrol 5 seater AC latest model not before the manufacturing year 2022 in good condition for use in the Office of the Southern Forest Corporation, Division No.II Sabroom.

upto 3.00 Interested person may submit their tender rate on as before 24.07.2024 pm in the Office of the undersigned and if possible will be opened on the same day at 4.00p.m. The tenderer or their authorized representatives may remain present at the time of opening as per term and condition which can be seen in the website www.tfdapc.tripura.gov.in or in the office of the undersigned during working hours of any working day.

ICA/C/779/24

S. Das, TFS-II)
Divisional Manager
Southern Forest Corporation Div.No.II
Sabroom, South Tripura

PNIET No:- 10/EE/PWD(DWS)/AMB/2024-25
Single bid Item rate e-tender is invited for the following work:-

SL NO	NAME OF THE WORK	ESTIMATED COST	EARNEST MONEY	TIME FOR COMPLETION	CLASS OF BIDDER
1	DNIeT 53/EE/PWD(DWS)/AMB/2024-25	Rs. 797021.00	Rs. 15940.00	365 (three sixty five) days	Appropriate Class
2	DNIeT 54/EE/PWD(DWS)/AMB/2024-25	Rs. 797021.00	Rs. 15940.00	365 (three sixty five) days	
3	DNIeT 55/EE/PWD(DWS)/AMB/2024-25	Rs. 797021.00	Rs. 15940.00	365 (three sixty five) days	
4	DNIeT 56/EE/PWD(DWS)/AMB/2024-25	Rs. 797021.00	Rs. 15940.00	365 (three sixty five) days	
5	DNIeT 57/EE/PWD(DWS)/AMB/2024-25	Rs. 797021.00	Rs. 15940.00	365 (three sixty five) days	
6	DNIeT 58/EE/PWD(DWS)/AMB/2024-25	Rs. 797021.00	Rs. 15940.00	365 (three sixty five) days	
7	DNIeT 59/EE/PWD(DWS)/AMB/2024-25	Rs. 797021.00	Rs. 15940.00	365 (three sixty five) days	

Last Date and Time for Document Downloading and Bidding: 26-07- 2024 up to 15.00 Hrs
Date and Time for Opening of BID: 29-07-2024 at 16.00 Hrs.
Website for Document Downloading and Bidding at Application : https://tripuratenders.gov.in
Tender Fee: 1000.00 each, (non refundable).
Depositing of
of Tender Fee & EMD to be done by online payment mode as specified in DNIeT through https://tripuratenders.gov.in for any query M- 9436355955 / 03826-267230
All details are available in the www.eprocure.gov.in/epublishing

ICA/C/ 783/24

(Er. H. Chakma)
Executive Engineer
DWS Division, Ambassa,
Dhalai District, Tripura dt. 03-07-2024

GOVERNMENT OF TRIPURA
Secondary Education Department

PRESS NOTICE INVITING e- TENDER NO: 05, 06, 07 and 08 /EE/ENGG.CELL/DSE/2024-25 Dt. 05/07/2024. The Engineering Cell, Secondary Education Department, Old Shishu Bihar Complex, Agartala, Tripura invites on behalf of the 'Governor of Tripura' sealed percentage rate e- tender(s) from the Central & State public sector undertaking / enterprise and eligible Contractors /Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/ Railway/Other State PWD up to 3.00 P.M. on 23/07/24 &18/07/24/ & 24/07/24 & 25//07/24 for the following works:-

Sl No	Name of Work	Estimated Cost	Earnest Money	Last Date of Bidding	Time for completion	Date of opening
1	Construction of double storied school building of 02 addl class room & 01 Science Lab at Jolaibari MM Girls HS School, Jolaibari, South Tripura under PM Shri scheme. PNIeT No. 05/ EE/ENGG CELL/DSE/2024-25. DNIet No. 05/SE/ENGG CELL/DSE/2024-25.	Rs. 60,00000.00	Rs. 120000.00	Up to 15.00 Hrs on 23/07/2024	270 days.	24/07/2024 on 11.00 AM.
2	3rd Call for Major Repair the school building of Churaibari HS School, Kadamala, Bilthair HS School, Panisagar and Kalacherra HS School, Kalacherra under PM Shri in North Tripura. PNIeT No. 06/ EE/ENGG CELL/DSE/2023-24 DNIet No. 38/EE/ENGG CELL/DSE/2023-24.	Rs. 1050000.00	Rs. 21000.00	Up to 15.00 Hrs on 18/07/2024...	60 days.	19/07/2024 on 11.00 AM.
3	Construction of dilapidated Schol building at Luka HS School in Bekafa Block of South Tripura District for the year 2022-23 (Part-2) PNIeT 07/ EE/ENGG CELL/DSE/2024-25 DNI e 06/EE/ENGG CELL/DSE/2024-25.	Rs. 1700000.00	Rs 34000.00	Up to 15.00 Hrs on 24/07/2024	150 days.

পানিসাগর মহকুমার দামছড়া ব্লকে সম্পূর্ণতা অভিযান কর্মসূচি পালিত

নিজস্ব প্রতিনিধি, পানিসাগর, ৫ জুলাই: উত্তর ত্রিপুরা জেলার পানিসাগর মহকুমার দামছড়া ব্লকে শুক্রবার সম্পূর্ণতা অভিযান কর্মসূচি পালিত হয়েছে। অনুষ্ঠানকে কেন্দ্র করে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।

শুক্রবার পানিসাগর মহকুমার জনজাতি এলাকা বলে পরিচিত দামছাড়া আর ডি ব্লক এ সম্পূর্ণতা অভিযান উৎসব সম্পন্ন হয়। উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন পানিসাগরের বিধায়ক বিনয় ভূষণ দাস, উত্তর জেলার জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন, নীতি আয়োগের ডাইরেক্টর ডক্টর অমৃত পাল কোর, এডিএম সুভাষচন্দ্র সাহা, পানিস সাগরের এসডিএম সুশান্ত দেববর্মা।

এই অনুষ্ঠানের সভাপতি করেন দাম ছড়া ব্লকের বিএসি এর চেয়ারম্যান উপেন্দ্র রিয়াঙ। কেন্দ্রীয় সরকার সাধারণ মানুষকে উন্নতির শিখরে পৌঁছে দেওয়ার জন্য যে ৪০টি সুযোগ দিয়েছেন তা নিয়ে প্রতিদিন রাত সাধারণ মানুষকে সচেতন করেন। চল্লিশটি নিয়মের প্রথমটি হচ্ছে গর্ভবতী মায়েদের রেজিস্ট্রেশন করানো।শহরের বিভিন্ন এলাকায় এই রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন হলেও প্রত্যন্ত এলাকায় রেজিস্ট্রেশন পায় হয় না সেই ক্ষেত্রে আশা কর্মীদের সহায়তায় কেমন করে গর্ভবতী মায়েরা ১০০ু রেজিস্ট্রেশন করাতে পারেন এবং গর্ভবতী মায়েদের যে সুযোগ সুবিধা সরকারের পক্ষ থেকে দেওয়া হচ্ছে সেই সুযোগ গ্রহণ করা। কারণ গর্ভবতী মায়েরা হচ্ছে আগামী দিনের জননী এবং দেশের ভবিষ্যৎ তাদের ওপর নির্ভরশীল। তাছাড়া ঘরে ঘরে ডায়াবেটি স এবং হাইপারটেনশন এর যে সমস্যা রয়েছে তার সঠিক চিকিৎসা করা।তার জন্য প্রত্যেক আশা কর্মীরা সবার বাড়িতে গিয়ে গিয়ে খোঁজ খবর নেবেন এবং যাদের বয়স ৩০ বছরের এর উপরে তাদের সঠিক সরকারি সাহায্যের হাত বাড়িয়ে দেওয়া। কৃষি ক্ষেত্রে সরকার বিভিন্ন ধরনের লোনের ব্যবস্থা করেছেন এই লোনগুলিতে এস এস জি এর সদস্যরা যাতে সঠিক সাহায্য করে তার দিকে নজর রাখা। সরকারের চল্লিশটি সুযোগকে কার্যকর করার জন্য জনপ্রতিনিধিজা রয়েছেন। তিন মাসের এই সম্পূর্ণতা অভিযান এর সাফল্য ১০০ শতাংশ করার জন্য মানুষের প্রতি আহ্বান জানানো হয়।

হাসপাতাল

● আটের পাতার পর

প্রায় একরকম মানব সেবায় নিয়োজিত হয়ে একটি হাসপাতালের উদ্বোধন হতে চলেছে ২০২৫ প্রথম দিকে।তা নিয়ে শুক্রবার সকাল১১ টায় একটি সাংবাদিক সম্মেলন করলেন হাসপাতাল কর্তৃপক্ষ। এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন কেজিএন সুরিয়া মাল্টিন্যাশনাল হসপিটাল এর চেয়ারম্যান মোঃ আব্দুর রহিম এবং অপারেশন ও লজিস্টিক বিভাগের হেড অনিক দেবনাথ।ধর্মনগরের তথা উত্তর জেলা ও বরাক উপত্যকার মানুষকে বাইরে গিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ না করে কিভাবে ধর্মনগরের বুকে সঠিক স্বাস্থ্য পরিষেবা পাওয়া যায় তা নিয়ে এই মাল্টি হসপিটালটি বিভাগের উদ্বোধন হতে চলেছে। এই হাসপাতালের প্রতি ডাক্তার হবে রসিডেন্সিয়াল অর্থাৎ নামি নামি ডাক্তার নিয়ে ভাবতে হবে না।এখানে থাকছে এমডি মেডিসিন জেনারেল এবং লেপারোস্কোপিক সার্জেন, গাইনোকোলজি, চাইল্ড ডেভেলপমেন্ট, গেস্ট্রো, নিউরোলজিস্ট, এন্ডোক্রিনোলজিস্ট, কার্ডিওলজি এবং অর্থোপেডিক্স বিভাগ। পাঁচটি ওপিডি,১২ টি আই সি ইউ, ছয়টি এইচডি ইউ, চারটি এনআইসিইউ, নয়টি কেবিন তার মধ্যে ছয়টি ডিলাক্স এবং তিনটি ডাবল ডিলাক্স, দুইটি কটি, ছয়টি ডায়ালাইসিস করার মত ব্যাট যুক্ত সুবিধা, ২৪ ঘন্টা থাকবে অ্যাম্বুলেন্সের সুযোগ সুবিধা।তাছাড়া এমআরআই, কার্ডিয়াক কম্পিউটারাইজ তম গ্রাফি, এক্সরে, প্যাথলজিকাল ল্যাব, ইকো, সোনোগ্রাফি প্রভৃতির সুবিধা। যদি কেউ দরকার হয় তাহলে প্যাথলজিকাল ল্যাব এর জন্য তার বাড়ি থেকে ও সংগ্রহ করে টেস্ট করা হবে বলে জানিয়েছেন কর্তৃপক্ষ।

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

জরুরী পরিষেবা

হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

নদীয়ায় চোরাচালান রুখলো সীমান্তরক্ষী বাহিনী, বাজেয়াপ্ত গাড়ি বিপুল সোনা-নগদ, হেফাজতে ৭

নদীয়া, ৫ জুলাই (হি. স.) : ভারত-বাংলাদেশ সীমান্তে ফের বড় সাফল্য পেল সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। কলকাতার ডিরেক্টরেট অফ রেভিনিউ ইন্টেলিজেন্স (ডিআরআই)-এর সঙ্গে যৌথ অভিযানে বিএসএফ বেশ কয়েকজন চোরাচালানকারীকে হেফাজতে নিয়েছে।

জানা গেছে, পশ্চিমবঙ্গের নদীয়া জেলার ১১ নম্বর রাজ্য সড়কের সীমানগরে ভারত-বাংলাদেশ সীমান্তের কাছে একাধিক তল্লাশি অভিযানে ৭ জন চোরাচালানকারীকে হেফাজতে নিয়েছে ডিআরআই এবং বিএসএফ। ধৃতদের কাছ থেকে ১৬টি সোনার ইট ও ৯ কেজি ৫৭২ গ্রাম ওজনের একাধিক সোনার বিস্কুট উদ্ধার হয়েছে। শুধু তাই নয় নগদ ১১ লাখ ৫৮ হাজার ৫০০ টাকা ও সোনা পাচারের জন্য ব্যবহৃত একটি গাড়ি বাজেয়াপ্ত করা হয়েছে। বাজেয়াপ্ত সোনার মোট বাজার মূল্য ৬.৮৬ কোটি টাকা বলে জানিয়েছে বিএসএফ।

বন্যায় বিপর্যস্ত মণিপুর ঘরছাড়া বহু বাসিন্দা

ইম্ফল, ৫ জুলাই (হি. স.) : গত কয়েকদিনের অতিভারী বৃষ্টিতে বাণভাসী মণিপুর। এখনও পর্যন্ত প্রায় ৩৫ হাজার বাড়ি ভেঙে গিয়েছে। পরিস্থিতি মারত্মক আকার ধারণ করেছে। ইতিমধ্যেই অন্তত ২০ হাজারের বেশি মানুষ ঘরবাড়ি ছেড়ে চলে গিয়েছেন। রাজ্য সরকারের বিপর্যয় মোকাবিলা বাহিনীর সমীক্ষা অনুযায়ী দাবি, খোলা হয়েছে ১৪টি ত্রাণ শিবির। ২০ হাজার ৬৩৯ মানুষ ঘরবাড়ি ছেড়ে চলে গিয়েছেন। এদের মধ্যে ত্রাণ শিবিরে ১২৫১ জন আশ্রয় নিয়েছেন।জানা গিয়েছে, ইম্ফল ও তার আশপাশের এলাকায় অতিভারী বৃষ্টির জেরেই এই দুর্ভোগ। বৃষ্টি থামার কোনও লক্ষণ এখনই নেই। ইতিমধ্যেই উদ্ধারকারী দল কাজ শুরু করে দিয়েছে। পাশাপাশি রাজ্য সরকারের তরফে পুলিশ, দমকল, স্বাস্থ্য, জল, পিডব্লুডি, সেচ ও বন দফতরকেও উদ্ধারের কাজে নিযুক্ত করা হয়েছে।

মুম্বই-পুণে হাইওয়েতে ৩টি গাড়ির সংঘর্ষে মৃত্যু একজনের

মুম্বই, ৫ জুলাই (হি.স.) : মুম্বই-পুণে রাজ্য সড়কের খালাপুর এলাকায় টানেলের কাছে ৩টি গাড়ির মধ্যে সংঘর্ষে ঘটনাস্থলেই একজন চালকের মৃত্যু হয়। দুর্ঘটনাটি ঘটেছে শুক্রবার সকাল ৭টা নাগাদ। ঘটনার খবর পেয়ে দ্রুত হাইওয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে নিহত চালকের দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য এমজিএম হাসপাতালে পাঠিয়েছে।

পুলিশ জানিয়েছে, মুম্বই-পুণে এক্সপ্রেসওয়ের খালাপুর এলাকায় টানেলের কাছে শুক্রবার সকাল ৭টা নাগাদ তিনটি গাড়ি, একটি কন্টেনার, একটি গ্যাস ট্যাঙ্কার এবং একটি গাড়ি একে অপরের সাথে সংঘর্ষে জড়িয়ে পড়ে। দুর্ঘটনা এতটাই মারাত্মক ছিল যে, ৩টি গাড়িই ছিন্নভিন্ন হয়ে যায়। এ দুর্ঘটনায় ঘটনাস্থলেই চালকের মৃত্যু হয়। নিহত চালকের নাম অক্ষয় ধলে (বয়স ৩০)। ঘটনার পর থেকে কন্টেনার চালক পলাতক। পুলিশ তার খোঁজে তল্লাশি চালাচ্ছে।

কাশ্মীরে ঝিলম নদীতে পড়ল ট্যাঙ্কার, প্রাণহানির আশঙ্কা

শ্রীনগর, ৫ জুলাই (হি.স.): জম্মু ও কাশ্মীরের বান্দিপোরা জেলায় ঝিলম নদীতে গিয়ে পড়ল তেলের ট্যাঙ্কার। শুক্রবার ঘটনাটি ঘটেছে উত্তর কাশ্মীরের বান্দিপোরা জেলার সুম্বলের ওয়াঙ্গিপোরায়। জানা গিয়েছে, দ্রুতগতির তেলের ট্যাঙ্কারটি নিয়ন্ত্রণ হারিয়ে সোজা গিয়ে পড়ে ঝিলম নদীতে। ঘটনার পরই শোরগোল পড়ে যায় এলাকায়। ইতিমধ্যেই উদ্ধারকাজ শুরু করেছে বিপর্যয় মোকাবিলা বাহিনী।

পুলিশ জানিয়েছে, শুক্রবার দ্রুতগামী একটি তেলের ট্যাঙ্কার নিয়ন্ত্রণ হারিয়ে সোজা গিয়ে পড়ে ঝিলম নদীতে। খবর পাওয়ার কিছুক্ষণের মধ্যেই ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও উদ্ধারকারী দল। শুরু হয়েছে উদ্ধারকাজ। তেলের ট্যাঙ্কারের চালকের খোঁজ পাওয়া যায়নি। এই ঘটনায় প্রাণহানির আশঙ্কা করা হচ্ছে।

লাগাতার বৃষ্টিতে গঙ্গোত্রী যমুনোত্রী জাতীয় সড়কে ধস

দেরাদুন, ৫ জুলাই (হি. স.): অবিরাম বৃষ্টিতে নাকাল উত্তরাখণ্ড। গঙ্গার জল বেড়ে গিয়েছে অস্বাভাবিকভাবে। বিপদসীমা ছাপিয়ে রাস্তার উপর দিয়ে বইছে গঙ্গার জল। ভেসে যাচ্ছে রাস্তাঘাট, ঘর-বাড়ি। একটানা বৃষ্টির কারণে গঙ্গোত্রী এবং যমুনোত্রী জাতীয় সড়ক-সহ উত্তরকাশীর বিভিন্ন রাস্তায় ভূমিধস নেমেছে।জানা গেছে, পাহাড়ের উপর থেকে পাথর, কাদামাটি ধসে রাস্তা অবরুদ্ধ হয়েছে। পর্যটকদের নিরাপত্তার জন্য স্থানীয় প্রশাসনের তরফে এই মুহূর্তে উত্তরাখণ্ড ভ্রমণে সতর্কতা জারি করা হয়েছে।

বাঁকুড়ায় বিপর্যয় মোকাবিলার প্রশিক্ষণ

বাঁকুড়া, ৫ জুলাই (হি. স.) : বিপর্যয় মোকাবিলা বিষয়ে দুদিনের প্রাথমিক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হল বাঁকুড়ায়। জেলা পুলিশ ও সিভিল ডিফেন্সের পক্ষ থেকে গত কাল থেকে আয়োজিত দুদিনের এই শিবিরে ১০০ পুরুষ ও ৩০ মহিলা পুলিশ কর্মী অংশ নেয়। প্রাকৃতিক বিপর্যয় ও দুর্ঘটনায় আপাতকালিন মোকাবিলায় প্রাথমিক যেসব ব্যবস্থা নেওয়া প্রয়োজন সে বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।জলে ডুবে যাওয়া বা জলের তোড়ে ভেসে যাওয়া মানুষ কে উদ্ধারের কৌশল,বিপজ্জনক বাড়ি বা দুর্ঘটনা সল থেকে উদ্ধার করার কৌশল সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয় যে বিপর্যয়কালিন জরুরি অবস্থায় কার্যকর ব্যবস্থা নেওয়ার উপযুক্ত ধারনা ও দক্ষতা গড়ে তুলতে এই প্রশিক্ষন শিবিরের আয়োজন।

পাঁচ দফা

● প্রথম পাতার পর

রাজ্যের যুব সমাজ কে একটি অন্ধকারের দিকে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। এর বিরুদ্ধে প্রত্যেককে এগিয়ে আসে প্রতিবাদে অংশগ্রহণ করার জন্য আহ্বান জানান তিনি। কাজের দাবিতে এবং নেশার বিরুদ্ধে লড়াইকে আরো তীব্র করে তুলতে রাজ্যব্যাপী আন্দোলনের ডাক দেন তিনি।

পাচারকারী

● প্রথম পাতার পর

জওয়ানদের সাথে গরু পাচারকারীদের সংঘর্ষ বাঁধে। গরু পাচারকারীদের পক্ষ নেয় বেশ কিছু মহিলা বিএসএফকে তাদের কর্তব্য পালনে বাধার সৃষ্টি করে।

তখন ধর্মনগর থানা থেকে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরবর্তী সময় শুক্রবার সকালে বিএসএফ দুই গরু পাচারকারী একটি বলেরো গাড়ি এবং ছোট বড় মিলিয়ে মোট ১০ টি গরুকে ধর্মনগর থানার হাতে তুলে দেয়। গরু পাচারের সঙ্গে যুক্ত যে দুজনকে তুলে দেয় তাদের নাম হচ্ছে লিয়াকত আলি এবং ইসলাম উদ্দিন, উভয়ের বাড়ি সাকাইবাড়ি এলাকায় বলে জানা যায়। তাদেরকে জিজ্ঞাসাবাদে তারা বলে যে কুমারঘাট ফটিকরায়ের বছু মিয়ার কাছে তারা গরুগুলি হত্যান্তর করছিল।

সজনেখালী রেঞ্জ অফিসে স্মারকলিপি মৎস্যজীবীদের

গোসাবা,৫ জুলাই (হি. স.): দিনের পর দিন মৎস্যজীবীদের উপর নানারকম ভাবে অত্যাচার করছেন বনকর্মীরা। মাছ ধরতে গেলে নৌকা, জাল কেঁড়ে নেওয়া হচ্ছে। হাজার হাজার টাকা জরিমানা করা হচ্ছে। এমনকি মাছ ধরার অনুমতি পত্র বিএলসি (বোট লাইসেন্স সার্টিফিকেট) কেঁড়ে নেওয়ার অভিযোগও রয়েছে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের বিরুদ্ধে। আর এসবের প্রতিবাদে শুক্রবার দুপুরে সজনেখালি রেঞ্জ অফিসে স্মারকলিপি জমা দিলেন কয়েকশো মৎস্যজীবী। সুন্দরবন বন উপকূল মাছ কাঁকড়া মৎস্যজীবী কল্যান সমিতির পক্ষ থেকে ৯ দফা দাবিতে ডেপুটেশন জমা দেওয়া হয় এদিন।

সুন্দরবনের মৎস্যজীবীদের দীর্ঘদিন ধরে নতুন বিএলসি দেওয়া হচ্ছে না। ফলে পুরাতন বিএলসি যাদের রয়েছে সেগুলিই মূলত ভরসা সুন্দরবনের নদী খাঁড়িতে মাছ কাঁকড়া ধরার জন্য। বিএলসিধারীরা অনেকেই এখন মাছ কাঁকড়া ধরতে যান না। ফলে তাঁদের কাছ থেকে সেগুলি ভাড়া নিয়ে অন্য মৎস্যজীবীরা মাছ কাঁকড়া ধরছেন বর্তমানে। এতে একদিকে যেমন বিএলসির মূল মালিকরা বেশ কিছু টাকা উপার্জন করছেন, তেমনি যারা মাছ, কাঁকড়া ধরতে যাচ্ছেন তাঁরাও উপকৃত হচ্ছেন। কিন্তু এখানেই আপত্তি বন দফতরের। এই সমস্ত বিএলসি বাজেয়াপ্ত করার কথা ঘোষণা করেছে বন দফতর। পরিবর্তে যারা সত্যি কারের মৎস্যজীবী রয়েছেন তাঁদেরকে নতুন বিএলসি দেওয়ার কথা ঘোষণা করেছে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প। ব এই সিদ্ধান্তের প্রতিবাদেই মূলত বিক্ষোভ দেখাতে শুরু করেছেন মৎস্যজীবীরা। লাহিড়ীপুরের বাসিন্দা নীলিমা মাঝি বলেন, " আমার স্বামী মাছ ধরত। তাঁর নামেই বিএলসি। কিন্তু তিনি মারা যাওয়ার পর অসুস্থ ছেলেকে নিয়ে এই বিএলসির ভাঁড়ার টাকাতেই সংসার চালাই। এই বিএলসি বাতিল করলে কি খাবো? কিভাবে সংসার চলবে জানি না? তাই বিক্ষোভে সামিল হয়েছি।" পাখিরালয়ের বাসিন্দা দেবী মিস্ত্রী বলেন, " আমার স্বামী মাছ কাঁকড়া ধরতে গিয়ে বাঘের আক্রমণে মারা যান। তাঁর নামে থাকা বিএলসি ভাড়া দিয়ে সংসার চলে। দুটো ছোট ছোট সন্তান রয়েছে। এই বিএলসিই ভরসা আমার। এটা বাতিল করলে কিভাবে চলবে জানি না!" এই মৎস্যজীবী সংগঠনের অন্যতম সদস্য শ্রীধর মণ্ডল বলেন, " বন দফতর লাগাতার মৎস্যজীবীদের উপর অত্যাচার করছে। দা, টর্চ লাইট, রেডিও নিয়ে মাছ ধরতে যাওয়ায় নিষেধাজ্ঞা জারি করেছে। কোর এলাকায় যেখানে মাছ পাওয়া যায় সেখানে যাওয়ায় নিষেধাজ্ঞা জারি করেছে। সর্বোপরি বিএলসি বাতিলের প্রক্রিয়া শুরু করেছে। এতে সুন্দরবনের খেঁটে খাওয়া মৎস্যজীবী সম্প্রদায়ের উপর অন্ধকার নেমে আসবে। তাই এইসব সিদ্ধান্তের প্রতিবাদে আমরা স্মারকলিপি জমা দিলাম। কাজ না হলে আগামিদিনে বৃহত্তর আন্দোলনে নামবো।" সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের ডেপুটি ফিল্ড ডিরেক্টর জোন্স জাস্টিন বলেন, " যাদের নামে বিএলসি তাঁদের অনেকেই মারা গিয়েছে। অনেকেই মাছ ধরতে যান না। এই পেশার সাথেও যুক্ত নন। অথচ তাঁদের বিএলসি মোটা টাকায় ভাড়া খাটানো হচ্ছে। এগুলিকে বাতিল করে প্রকৃত মৎস্যজীবীদের নতুন বিএলসি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাকি যে অভিযোগ আছে সেগুলি ক্ষতিয়ে দেখা হবে।'

অভিযান শ্রম দফতরের ক্যানিং থেকে উদ্ধার দুই শিশু শ্রমিক

ক্যানিং,৫ জুলাই (হি. স.): গোপন সূত্রে খবর পেয়ে জেলা শিশু সুরক্ষা দফতরের আধিকারিক, শিশু সুরক্ষা নিয়ে কাজ করা এনজিওর সদস্য ও ক্যানিং থানার পুলিশকে সঙ্গে নিয়ে অভিযান চালিয়ে দুই জন শিশু শ্রমিককে উদ্ধার করল ক্যানিং মহকুমা শ্রম দফতর। শ্রম আধিকারিক তন্ময় মণ্ডল, মিহির নস্কর ও শুভেন্দু সর্দারের তৎপরতায় বারো বছরের দুই শিশু শ্রমিককে ক্যানিংয়ের সাতমুখী বাজার এলাকার একটি রেস্টুরেন্ট থেকে উদ্ধার করা হয় বৃহস্পতিবার সন্ধ্যায়। দুই শিশু শ্রমিককে উদ্ধার করে তাঁদেরকে আপাতত দিগম্বরপুর অঙ্গীকার নামে একটি সরকারী হোমে রাখা হয়েছে। শুক্রবার হোমে নিয়ে যাওয়া হয় তাদেরকে।

শ্রম দফতর সূত্রের খবর, দীর্ঘদিন ধরেই ক্যানিং ১ ব্লকের বিভিন্ন প্রান্তে শিশু শ্রমিকদের দিয়ে বিভিন্ন দোকান, হোটেল, রেস্টুরেন্টে কাজ করানোর অভিযোগ উঠছিল। সেই অভিযোগ পেয়ে বৃহস্পতিবার বিকেলে দক্ষিণ ২৪ পরগনা জেলা শিশু সুরক্ষা দফতরের কাউন্সিলর অর্পিতা রায় চৌধুরী, পুলিশ ও স্থানীয় এনজিওর দুই প্রতিনিধিকে সঙ্গে নিয়েই শ্রম দফতরের আধিকারিকরা অভিযান শুরু করেন। যদিও প্রথম পাঁচটি জায়গায় তল্লাশি চালিয়ে কোন সাফল্য আসেনি। আগেই এই অভিযানের খবর পেয়ে শিশু শ্রমিকদের সরিয়ে ফেলা হয়েছিল বলে অনুমান আধিকারিকদের। তবে সাতমুখী বাজারের একটি রেস্টুরেন্টে ক্রেতা সেজে খাবার কিনতে গিয়ে এই দুই শিশু শ্রমিককে উদ্ধার করেন আধিকারিকরা। কেন শিশু শ্রমিককে কাজে রেখেছেন রেস্টুরেন্ট মালিক সে বিষয়ে কৈফিয়ত তলব করেন তাঁরা। রেস্টুরেন্ট মালিক লতিফ শেখ বলেন, " ওদের বাবা মা কাজে দিয়ে গেছে। বাড়িতে অভাব রয়েছে, ঠিকমত খেতে পারে না। এখানে কাজ করে খেতে পায়, মাস শেষে টাকাও পায়। তাই রেখেছিলাম। আর কখনও শিশু শ্রমিক রাখবো না।" ধৃত এক নাবালকের বাবা মুন্না গাজী বলেন, " স্কুলে ভর্তি করেছিলাম কিন্তু পড়াশুনা করলো না। এখানে ওখানে ঘুরে বেড়ায়। আমি গরিব মানুষ দুবেলা ঠিকমতো খেতে দিতে পারিনা। তাই কাজে দিয়েছিলাম।"

ক্যানিং মহকুমা শ্রম আধিকারিক তন্ময় মণ্ডল বলেন, " আমরা স্থানীয় মানুষদের কাছ থেকে অভিযোগ পেয়েই অভিযানে যাই। আপাতত দুজন শিশু শ্রমিককে উদ্ধার করেছি। আগামী দিনেও এই শিশু শ্রমের বিরুদ্ধে অভিযান চলবে।" অর্পিতা বলেন, " উদ্ধার হওয়া শিশুদের যথাযথ কাউন্সিলিং করে তাঁদেরকে সমাজের মূল স্রোতে ফেরানোর উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি ওদের পরিবারের সঙ্গেও কথা বলা হবে ওদের সুস্থ জীবনযাপণের জন্য।'

ক্যানিংয়ে আগ্নেয়াস্ত্র সহ গ্রেফতার ১

ক্যানিং,৫ জুলাই (হি. স.): গোপন সূত্রে খবর পেয়ে ক্যানিং থানার পুলিশ আগ্নেয়াস্ত্র সহ এক যুবককে গ্রেফতার করল শুক্রবার। এদিন ভোরে ক্যানিংয়ের বাহিরসোনা এলাকা থেকে গ্রেফতার করে পুলিশ। তালদির বাসিন্দা জিশান গাজী নামে ওই যুবক দুষ্কৃতি কার্যকলাপের জন্য এলাকায় ঘোরাঘুরি করছিল বলে খবর পায় পুলিশ। সঙ্গে সঙ্গে পুলিশের বিশেষ দল সাদা পোষাকে সেখানে গিয়ে অভিযুক্তকে ধরে ফেলে। ধৃতের কাছ থেকে একটি দেশি পাইপ গান ও এক রাউন্ড গুলি উদ্ধার করেছে পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে ক্যানিং থানার পুলিশ।

ছেলের অকথ্য অত্যাচার ঘর ছেড়ে গাছতলায় আশ্রয় নিয়েছেন মা

মালদা, ৫ জুলাই (হি.স.): ছেলের অকথ্য অত্যাচারে খোলা আকাশ এখন মায়ের আশ্রয়। বিগত সাতদিন ধরে গাছ তলায় ঝড় জলের মধ্যেই দিন কাটাচ্ছেন প্রৌঢ়া। নিজের ঘরে ঢুকতে পারছেন না। পিটিয়ে অকথ্য নির্যাতন করে ঘর থেকে মাকে তাড়িয়েছে ছেলে। স্থানীয়রা দয়া করে কেউ খেতে দিলে খাওয়ার জুটছে। মারধর এতটাই যে প্রথমে আহত হয়ে পড়েছিলেন। স্থানীয়দের চেষ্টায় সুস্থ হয়ে ছেলের বিরুদ্ধে অভিযোগ জানিয়েছেন থানায়। অভিযোগ জানিয়েছেন এলাকার কাউন্সিলরের কাছেও। তবে এখনও পর্যন্ত গাছের নিচেই রয়েছেন প্রৌঢ়া। ঘটনাটি ঘটেছে ইংরেজবাজার পুরসভার ২৩ নম্বর ওয়ার্ডের কুলদীপ মিশ্র কলোনিতে।

গঙ্গা হরিজন নামের ওই মহিলার অভিযোগ, দিনের পর দিন তাঁর ওপর অত্যাচার চালায় তাঁর পুত্র মোহন হরিজন। তাঁর হাত ভেঙেছে, মাথা ফাটিয়েছে। সোনার গয়না টাকা কেড়ে নিয়েছে। এখন বাড়ির দলিল হাতাতে চাইছে। অসহায় মহিলার আরও এক সন্তান রয়েছে কিন্তু সে অন্যত্র থাকে সে আবার অসুস্থ। ফলে গঙ্গা হরিজন এখন গাছ তলাতেই রয়েছেন। ইংরেজবাজার থানায় অভিযোগ জানিয়েছেন। স্থানীয় বাসিন্দারা বলছেন, নিয়মিত মারধর অত্যাচার করে ছেলে মায়ের ওপর। এখন বাড়ির দখল নিয়েছে মাকে তাড়িয়ে। অথচ সেই বাড়ি তাঁর মায়ের নামেই। এমনকি তাঁর মায়ের নামেই আবাস যোজনার টাকায় তৈরি হয়েছে বাড়ি। সেই ছেলে সর্বদা দলবল নিয়ে থাকে, স্থানীয় বাসিন্দারা বাধা দিলে তাঁদেরকেও হুমকি দেয়। তাঁদের দাবি ওর পেছনে প্রভাবশালী কেউ মদত দিচ্ছে। অন্যদিকে সেই বাড়িতে গেলে ছেলে মোহনকে ঘরে পাওয়া যায় নি। তাঁকে ফোন করা হলে সে সব অভিযোগ অস্বীকার করে। ঘটনার কথা স্বীকার করে এলাকার তৃণমূল কাউন্সিলর সুজিত সাহা জানান, এই বিষয়ে তিনি ব্যবস্থা নেবেন, পুলিশের সাথেও কথা বলবেন যাতে মহিলাকে ঘরে ফেরানো যায়। তবে পুলিশের কাছে অভিযোগ জানানো হলেও এখনো গ্রেফতার হয় নি পুত্র মোহন হর



রাজ্য ভিত্তিক এস.এম কাপের ফাইনালে দক্ষিণ ও পশ্চিম জেল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। রাজ্য স্তরীয় সুব্রত মুখার্জি কাপ ফুটবলের বালক বিভাগের খেলায় ফাইনালে দক্ষিণ জেলা খেলবে পশ্চিম জেলার বিরুদ্ধে। বৃহস্পতিবার থেকে উমাকান্ত মিনি স্টেডিয়ামে শুরু হয়েছে ৬৩ তম রাজ্যভিত্তিক অনুর্ধ ১৫ বছর বালক বিভাগে সুব্রত মুখার্জি কাপ ফুটবলের আসর। প্রতিযোগিতায় রাজ্যের ৮ টি জেলা অংশগ্রহণ করে। শুক্রবার প্রতিযোগিতার দুটি সেমিফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে। আসরের প্রথম সেমিফাইনালে মুখোমুখি হয় গোমতী জেলার তৈদুবাড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও পশ্চিম জেলার খুমপুই একাডেমি। ম্যাচে গোমতী জেলার তৈদু বাড়ি এইচ এস স্কুল কে ৩-০ গোলের ব্যবধানে পরাজিত করে ফাইন্যাল খেলার যোগ্যতা অর্জন করে নেয় পশ্চিম জেলার খুমপুই একাডেমি। ম্যাচে খুমপুই একাডেমির হয়ে জোড়া গোল করে খেলার ৩৩ ও ৫২ মিনিটের মাথায় বিশাল কলই ও ১ টি গোল করে খেলার ৩৭ মিনিটে সঞ্জয় দেববর্মা।

আসরের দ্বিতীয় সেমিফাইনালে মুখোমুখি হয় দক্ষিণ জেলা ও ধলাই জেলা। ম্যাচটি ৪-০ গোলের ব্যবধানে জয় লাভ করে দ্বিতীয় দল হিসেবে ফাইনালে জায়গা করে নেয় দক্ষিণ জেলা। ম্যাচে দক্ষিণ জেলার হয়ে জোড়া গোল করে ১৭ ও ২৬ মিনিটে অলভিন ত্রিপুরা। এছাড়াও একটি করে গোল করে গুংসা রিয়াং ও নেও ত্রিপুরা।

রাজ্য স্তরীয় এস এম কাপ ফুটবলের ফাইনাল আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। বালিকা বিভাগের ফুটবল সেমিফাইনাল ম্যাচে ধলাই জেলা দল খেলবে ত্রিপুরা স্পোর্টস স্কুলের বিরুদ্ধে। উনকোটিতে অনুষ্ঠিত হচ্ছে রাজ্য স্তরীয় সুব্রত মুখার্জি কাপ ফুটবল অনুর্ধ ১৭ বালিকাদের প্রতিযোগিতা। আগামীকাল টুর্নামেন্টের দুটি সেমিফাইনাল এবং ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে। সকাল আটটায় দ্বিতীয় সেমিফাইনাল অর্থাৎ পুল-বি থেকে কোনদল ফাইনালে খেলবে তার নির্ণায়ক ম্যাচ অনুষ্ঠিত হচ্ছে। আজ, শুক্রবার সকাল সাতটায় পুল বি-র প্রথম কোয়ার্টার ফাইনালে ধলাই জেলা দল ৭-০ গোলের ব্যবধানে সিপাহীজলা দলকে হারিয়ে সেমিফাইনালে প্রবেশ করেছে। বিজয়ী দল প্রথমার্ধে ন্যূনতম গোলে এগিয়ে ছিল। বেলা আড়াইটায় দ্বিতীয় কোয়ার্টার ফাইনালে ত্রিপুরা স্পোর্টস স্কুল সাত গোলের ব্যবধানে খোয়াই জেলা দলকে হারিয়ে সেমিফাইনালে উন্নীত হয়েছে। আগামীকাল সকাল সাতটায় প্রথম সেমিফাইনালে অর্থাৎ পুল-এ থেকে নির্ণায়ক ম্যাচে পশ্চিম জেলা দল ও উনকোটি পরস্পরের মুখোমুখি হবে। কোয়ার্টার ফাইনাল খেলায় পশ্চিম জেলা দল ৫-৪ গোলের ব্যবধানে গোমতী কে হারিয়ে এবং উনকোটি দল ২-০ গোলের দক্ষিণ জেলা দলকে পরাজিত করে সেমিফাইনালে উন্নীত হয়েছে।

স্কুল ফুটবলে কলেজ পড়ুয়া খেলোয়ারদের অংশগ্রহণ, ঘটনা প্রকাশ্যে আসতেই ক্ষোভ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।।এস এম কাপ বালিকাদের অনুর্ধ ১৭ ফুটবলে ঘটে গেল এক কলঙ্ক জনক ঘটনা। অনুর্ধ ১৭ বালিকাদের পশ্চিম জেলার দলে খেলে নিলো দিব্যি দুইজন কলেজ পড়ুয়া। কৈলাশহরে শুক্রবার এস এম কাপে পশ্চিম জেলা বনাম গোমতির ম্যাচে ঘটলো এই অধ্যায়। দুজন খেলোয়াড় হলো লক্ষী দেবনাথ ও স্মৃতি সরকার। কাগজপত্র সবেতেই বাজিমাত করে দিয়েছিলো এই দুই খেলোয়াড় পশ্চিম জেলার হয়ে। তবে ছবিতে আটকে গেল দুজনেই। এদিন সকালে গোমতী পশ্চিম জেলার কাছে ম্যাচ হারার পর তারা এই দুইজন খেলোয়াড়কে নিয়ে সন্দেহ প্রকাশ করে আয়োজকদের কাছে অভিযোগ জমা করে।

স্ক্রুটিনি টিম ফের একবার এই দুজনের কাগজপত্র চেক করে দেখে ডকুমেন্টস তো ঠিকই।তবে ছবি বদলে গেছে আসল নথির সঙ্গে এই দুই ভুয়ো খেলোয়াড়দের। বিষয়টা প্রকাশ্যে আসতেই নড়েচড়ে বসে আয়োজক সহ উদ্যোক্তারা।

যদিও এখনও সরকারি ভাবে কোনও ঘোষণা হয়নি। তবে নিয়ম অনুযায়ী এই ম্যাচে জয়ী হবে গোমতী জেলাই। যদিও পশ্চিম জেলার তরফে কেন যে এই নোংরামি করা হলো, তা নিয়েই উঠছে এখন অবিরাম প্রশ্ন। জালিয়াতি তো ধরা পড়ে গেল সবার সামনেই পশ্চিম জেলার। এই নিয়ে রীতিমতো ছি ছি রব উঠেছে গোটা কৈলাশহর জুড়ে।

আইসিসি প্লেয়ার অফ দ্য মান্থ : মাসের সেরার লড়াইয়ে বুমরা ও রোহিতের সঙ্গী গুরবাজ

দুবাই, ৫ জুলাই (হি. স.):আইসিসির জুন মাসের মাস সেরা লড়াইয়ে জায়গা পেয়েছেন তিন ক্রিকেটার- ভারতের রোহিত শর্মা, জসপ্রীত বুমরা ও আফগানিস্তানের রহমানউল্লাহ গুরবাজ।

ভারতকে টি-টোয়েন্টি বিশ্বকাপ চ্যাম্পিয়ন করতে ব্যাট হাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন অধিনায়ক রোহিত। টুর্নামেন্টের দ্বিতীয় সর্বোচ্চ ২৫৭ রান করেছেন এই ওপেনার, ব্যাটিং গড় ছিল ৩৬.৭১।

এবারের বিশ্বকাপে ভারতের 'এক্স ফ্যাক্টর' ছিলেন বুমরা। টুর্নামেন্টজুড়ে ব্যাটারদের নাভিশ্বাস তুলে ৪.১৭ ইকোনমিতে ১৫ উইকেট শিকার করেছেন বুমরা। ৩০ বছর বয়সী এই প্লেয়ার হাতে তোলেন টুর্নামেন্টের সেরা পুরস্কারও।

আর এবারের বিশ্বকাপে চমকে দেওয়া আফগানিস্তান দলের ওপেনার গুরবাজ হয়েছেন টুর্নামেন্টের সর্বোচ্চ রান সংগ্রাহক। আইসিসির যেকোনো ইভেন্টে প্রথমবারের মতো সেমিফাইনালে উঠতে গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল তাঁর। করেছেন ২৮১ রান, ব্যাটিং গড় ৩৫.০০। সুতরাং তাঁর সামনেও সুযোগ আছে আফগানিস্তানের প্রথম ক্রিকেটার হিসেবে আইসিসির মাস সেরা নির্বাচিত হওয়ার।

এখন দেখার আইসিসি জুন মাসের সেরা খেলোয়াড় কাকে নির্বাচিত করেন।আইসিসির কাছে এই মাসের সেরা খেলোয়াড় বাছাটা খুবই কঠিন।

শনিবার জিম্বাবোয়ের সঙ্গে শুরু টি-টোয়েন্টি সিরিজ, ভারতীয় দলের দায়িত্ব থাকছে তরুণ প্রজন্মের হাতে

কলকাতা, ৫ জুলাই (হি. স.): শনিবার শুরু হচ্ছে জিম্বাবোয়ের সঙ্গে ভারতের পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ। তরুণ প্রজন্মের হাতে থাকছে ভারতীয় দলের দায়িত্ব।

ভারতকে নেতৃত্ব দেবেন শুভমন গিল।

প্রথম দুটি ম্যাচে পাওয়া যাবে না বিশ্ব চ্যাম্পিয়ন দলের সদস্য যশস্বী জয়সওয়াল, শিবম দুবে, সঞ্জু স্যামসনকে।

নতুন দলে দেখা যাবে রিঙ্কু সিং, শুভমন গিল, ঋতুরাজ গায়কোয়াড়, অভিষেক শর্মা, রিয়ান পরাগদের।

ভারতের স্কোয়াড: শুভমন গিল (ক্যাপ্টেন), যশস্বী জয়সওয়াল (সাই সুদর্শন), ঋতুরাজ গায়কোয়াড়, অভিষেক শর্মা, রিঙ্কু সিং, সঞ্জু স্যামসন (জীতেশ শর্মা), ধ্রুব জুড়েল, রিয়ান পরাগ, ওয়াশিংটন সুন্দর, রবি বিষ্ণোই, আবেশ খান, খলিল আহমেদ, মুকেশ কুমার, তুষার দেশপান্ডে, শিবম দুবে (হর্ষিত রানা)।

প্রথম দুটি ম্যাচে এরা থাকছেন না।

ভারত-জিম্বাবোয়ে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের পূর্ণ সূচি:

*প্রথম টি-টোয়েন্টি ৬ জুলাই শনিবার, বিকেল ৪.৩০

**দ্বিতীয় টি-টোয়েন্টি ৭ জুলাই রবিবার, বিকেল ৪.৩০

**তৃতীয় টি-টোয়েন্টি ১০ জুলাই বুধবার, বিকেল ৪.৩০

**চতুর্থ টি-টোয়েন্টি ১৩ জুলাই শনিবার, বিকেল ৪.৩০

**পঞ্চম টি-টোয়েন্টি ১৪ জুলাই রবিবার, বিকেল ৪.৩০

ইউরো কোয়ার্টার ফাইনালে পর্তুগাল খেলবে ফ্রান্সের সঙ্গে, সর্বকালের হেড টু হেড রেকর্ড

কলকাতা, ৫ জুলাই (হি. স.): শুক্রবার হামবুর্গের ভক্সপার্কস্ট্যাডিয়নে ইউরোর কোয়ার্টার ফাইনালের বিশ্ব ফুটবলের দুই শক্তিশালী দেশ পর্তুগাল এবং ফ্রান্স একে অপরের মুখোমুখি হবে।

পর্তুগাল বনাম ফ্রান্স হেড টু হেড রেকর্ড:

*খেলা হয়েছে : ২৫টি

*পর্তুগাল জিতেছে : ৬টি

*ফ্রান্স জিতেছে : ১৬টি

*ড্র : ৩টি

পর্তুগাল বনাম ফ্রান্স আগের পাঁচটি সাক্ষাৎকার:

*২৩ জুন ২০২১ : পর্তুগাল ২-২ ফ্রান্স (উয়েফা ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ)

*১৪ নভেম্বর ২০২০ : পর্তুগাল ০-১ ফ্রান্স (উয়েফা নেশনস লিগ)

*১১ অক্টোবর ২০২০ : ফ্রান্স ০-০ পর্তুগাল (উয়েফা নেশনস লিগ)

*১০ জুলাই ২০১৬ : পর্তুগাল ১-০ ফ্রান্স (উয়েফা ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ)

*৪ সেপ্টেম্বর ২০১৫ : পর্তুগাল ০-১ ফ্রান্স (আন্তর্জাতিক বন্ধুত্বপূর্ণ ম্যাচ)

স্পেন বনাম জার্মানি, হেড টু হেড রেকর্ড

কলকাতা, ৫ জুলাই (হি. স.): শুক্রবার ইউরো কাপের প্রথম কোয়ার্টার ফাইনালে জার্মানির মুখোমুখি স্পেন। হেড টু হেড লড়াইয়ে কারা এগিয়ে?

দুই দল একে অপরের সাথে ২৬ বার খেলেছে, যার মধ্যে স্পেন ৮ বার ও জার্মানি ৯ বার জিতেছে আর ৯ বার ম্যাচ অমীমাংসিত থেকেছে।

এক নজরে স্পেন বনাম জার্মানি হেড টু হেড রেকর্ড:

*মোট খেলা হয়েছে : ২৬ বার।

*স্পেন জিতেছে : ৮ বার।

*জার্মানি জিতেছে : ৯ বার।

*খেলা ড্র হয়েছে : ৯ বার।

*২৬ বার খেলার মধ্যে স্পেন ৩২ গোল করেছে এবং জার্মানরা ৩১ গোল করেছে।

অলিম্পিক্সগামী ক্রীড়াবিদদের সঙ্গে আলাপচারিতা প্রধানমন্ত্রীর, প্রতিভার ওপর আস্থা রাখার পরামর্শ

নয়াদিল্লি, ৫ জুলাই (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্যারিস অলিম্পিক্সগামী ভারতীয় দলের সদস্যদের সঙ্গে আলাপ-আলোচনায় অংশ নিয়েছেন। ক্রীড়াবিদদের সঙ্গে কথাবার্তায় প্রধানমন্ত্রী ভারতের জন্য আরও বেশি পদক নিয়ে আসার ব্যাপারে আত্মবিশ্বাসী বলে জানান। তিনি বলেন, অলিম্পিক্স--- শুধুমাত্রা একটি ক্রীড়া প্রতিযোগিতা নয়। এখান থেকে অনেক কিছু শেখারও রয়েছে। তিনি বলেন, দৃঢ় প্রতিজ্ঞ হয়ে নির্দিষ্ট লক্ষ্য পূরণে ধর্য্যের সঙ্গে এগিয়ে যাওয়া প্রয়োজন। খেলাধুলোর দুনিয়ায় অভ্যাস এবং ধারাবাহিকতার ওপর জোর দিয়ে প্রধানমন্ত্রী সকলকে কঠোর পরিশ্রমের সঙ্গে ভালোভাবে ঘুমোতেও পরামর্শ দিয়েছেন। ক্রীড়াবিদদের তিনি নিজেদের প্রতিভা, প্রশিক্ষণ এবং ধারাবাহিকতার ওপর আস্থা রাখার পরামর্শ দেন। এই আলাপচারিতায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী মনসুখ মান্ডভিয়াও।

এবার প্যারিস অলিম্পিকের নতুন আকর্ষণ ব্রেকডান্সিং খেলা

কলকাতা, ৫ জুলাই (হি. স.): প্যারিস অলিম্পিক দরজায় কড়া নাড়ছে এবং সমস্ত অংশগ্রহণকারী দেশগুলি তাদের নিজ নিজ প্র্যাকটিসে চূড়ান্ত ছোঁয়া দিতে ব্যস্ত। এবার অলিম্পিকে যে জিনিসটি আকর্ষণীয় তা হল ব্রেকড্যান্সিং। এটি এবার আসন্ন প্যারিস অলিম্পিকের একটি আনুষ্ঠানিক অংশ হবে। যেখানে মার্কিন যুক্তরাষ্ট্র এই বিভাগে সংশ্লিষ্ট শিরোনাম অর্জনের শীর্ষ প্রতিযোগী।

অলিম্পিকে ব্রেকড্যান্সকে একটি শিল্প ফর্ম হিসাবে বিবেচনা করা হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রেকড্যান্স দল এই ইভেন্টের জন্য হট ফেভারিট।

কারণ ২০২৩ বিশ্ব চ্যাম্পিয়নশিপ জয়ী মার্কিন দলের সদস্য ভিক্টর মন্টালভো, এখন অলিম্পিকের শিরোনামের দিকে নজর দিয়েছেন। মার্কিন দলের আরেক সদস্য সানি চোইও প্যারিস গেমসের জন্য যোগ্যতা অর্জন করেছেন, গত বছর অনুষ্ঠিত প্যান আমেরিকান গেমসে জয়লাভ করে।

প্যারিস অলিম্পিকে ব্রেক ড্যান্সিং ইভেন্টগুলি ৯ আগস্ট থেকে শুরু হবে। মহিলাদের ইভেন্টগুলি প্রথমে হবে। এরপর পুরুষদের ব্রেকড্যান্স অ্যাকশন ১০ আগস্ট হবে।

উইম্বলডন: সেবোথ ওয়াইল্ডকে হারিয়ে তৃতীয় রাউন্ডে পৌঁছালেন রুন

লন্ডন, ৫ জুলাই (হি. স.): ডেনমার্কের হোলগার রুন ব্রাজিলের থিয়াগো সেবোথ ওয়াইল্ডের বিরুদ্ধে মন্থর সূচনা করেও পরে চমকপ্রদ লড়াইয়ে জিতে বৃহস্পতিবার উইম্বলডনের তৃতীয় রাউন্ডে জায়গা করে নিয়েছেন। ২১ বছর বয়সী ১৫ তম বাছাই রুন শুরুর দিকে সেট হারার পথে সার্ভ ছেড়ে দেন। তবে তিনি তার খেলাটি চিত্তাকর্ষকভাবে বাড়িয়ে ৩-৬, ৬-৩, ৬-২, ৬-২— এ জিতলেন।

গত বছর কোয়ার্টার ফাইনালে পৌঁছে যাওয়া রুন, টুর্নামেন্টের ২১ তম বাছাই কারেন খাচানভকে পাঁচ সেটে ছিটকে দেওয়ার পরে ফরাসি কোয়ালিফায়ার কোয়ান্টিন হ্যালিসের সঙ্গে খেলবেন।

কোপা আমেরিকা: টাইব্রেকারে ইকুয়েডরকে হারিয়ে সেমিফাইনালে আর্জেন্টিনা

নিউইয়র্ক, ৫ জুলাই (হি. স.): টাইব্রেকারে সেই মার্টিনেজ বীরত্ব। তারই বীরত্বে কোপার সেমিতে আর্জেন্টিনা।

রুদ্ধশ্বাস ম্যাচে টাইব্রেকারে ইকুয়েডরকে হারাল মেসির আর্জেন্টিনা। ৯০ মিনিটে ম্যাচ ছিল ১-১। কোপায় অতিরিক্ত সময়ের খেলা নেই। তাই ম্যাচ গড়ায় টাইব্রেকারে। সেখানে মেসি গোল পাননি। বাকি সবাই পেনাল্টি থেকে গোল পান।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

উত্তরপূর্বাঞ্চলের মধ্যে বনসৃজনে রাজ্য ভাল অবস্থানে ঃ মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই: প্রকৃতি ও পরিবেশ সবার জন্য। প্রকৃতি থেকে আমাদের শেখার অনেক কিছু রয়েছে। আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুন্দর পরিবেশ যাতে আমরা দিয়ে যেতে পারি সেদিকে সকলকে দায়িত্ববান হতে হবে। আজ সকালে মোহনপুরের তারানগরে রাজ্যভিত্তিক গণ বৃক্ষরোপণ অভিযানের সূচনা করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। রাজ্যে আজ একই সঙ্গে ৫ মিনিটে ৫ লক্ষ গাছের চারা রোপণ করার লক্ষ্যে আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা ছাড়াও কৃষিমন্ত্রী রতনলাল নাথ ও বনমন্ত্রী অনিমেষ দেববর্মা জাতীয় সড়কের পাশে বৃক্ষ রোপণ করেন।

এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রতিনিয়ত বিভিন্ন অনুষ্ঠানে গাছ লাগাতে হবে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, আমাদের ইকোলজিক্যাল ভারসাম্য রক্ষা করা প্রয়োজন। উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে বনসৃজনে ত্রিপুরা ভাল অবস্থানে রয়েছে। বনকে আরও ভালোভাবে রক্ষা করতে হবে। তিনি বলেন, বন যারা ধ্বংস করছে সেইসব বনদস্যুদের চিহ্নিত করতে হবে। তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। সরকার কোন অবস্থাতেই এই ধরনের কার্যকলাপ মেনে নেবে না।

মুখ্যমন্ত্রী বলেন, বই উপহার দেওয়ার অভ্যাস যেমন বাড়াতে হবে, তেমনি পরিবেশ রক্ষায় গাছও উপহার দিতে হবে। এই ধরণের অভিযান অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অভিনব উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন-২০২২ সালে একই সময়কালে অর্থ্যাৎ ৫ মিনিটে প্রায় ১ লক্ষাধিক গাছ, ২০২৩ সালে ২ লক্ষাধিক এবং এবছর ৫ লক্ষ গাছ লাগানো হয়েছে। এই বার্তা যখন সারা ভারতবর্ষে পৌঁছবে তখন দেশের মানুষ ত্রিপুরাকে নতুনভাবে জানবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

অনুষ্ঠানে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ বলেন, প্রকৃতির সহায়তা ছাড়া আমরা ১ মিনিটও বাচতে পারবো না। আমাদের সবকিছুই প্রকৃতির দান। সভ্যতা গড়ে তোলার জন্য গাছ কাটতে হবে, কিন্তু যত গাছ কাটা হবে তার চেয়ে আরও বেশি গাছ লাগাতে হবে। তিনি বলেন, উন্নয়নমূলক কাজের জন্য একটি গাছ কাটলে আগেই ১০ গুণ গাছ লাগানোর পরিকল্পনা নিতে হবে। তিনি বলেন, যত বেশি গাছ কমবে ততই আমাদের শারীরিক সমস্যা বাড়বে। বিশ্ব উষ্ণায়ণের প্রসঙ্গ টেনে কৃষিমন্ত্রী বলেন, পৃথিবীর উষ্ণতা বাড়ছে। তা কমতে পারে একমাত্র গাছ লাগানোর মাধ্যমেই। সারা বছর বৃক্ষরোপণ উৎসব করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ।

অনুষ্ঠানে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, পরিবেশকে বাঁচাতে এই আয়োজন একটি তাৎপর্যপূর্ণ মাইলফলক। রাজ্যের সর্বত্র আজ ৫ মিনিটে ৫ লক্ষ গাছ রোপণ করা হয়েছে। এর মূল উদ্দেশ্যই হল- আমাদের বন ও পরিবেশ রক্ষা করা। এই গণ বৃক্ষরোপণ অভিযানে বিভিন্ন স্কুল, কলেজের ছাত্রছাত্রী, বিএসএফ, সিআরপিএফ, বন দপ্তর, ব্যাঙ্ক ও বিভিন্ন প্রতিষ্ঠানসহ সাধারণ নাগরিকগণ অংশ নিয়েছেন। তিনি বলেন, বন দপ্তর আগামী দু'বছরের মধ্যে রাজ্যে উত্তর পূর্বাঞ্চলের মধ্যে অন্যতম বৃহৎ ফুলের বাগান গড়ে তুলবে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রধান মুখ্য বন সংরক্ষক আর কে শ্যামল এবং রাজ্য সরকারের প্রধান সচিব পুনিত আগরওয়াল। অনুষ্ঠান শেষে উপস্থিত নাগরিকদের মধ্যে বন দপ্তরের পক্ষ থেকে ব্যাপক সংখ্যক ফুল, ফল ও গাছের চারা বিনামূল্যে বিতরণ করা হয়। আজ অনুষ্ঠান শুরুর আগে মুখ্যমন্ত্রী মোহনপুরের ফটিকছড়া এলাকায় পৌঁছলে এলাকার জনগণ মুখ্যমন্ত্রীকে উষ্ণ অভ্যর্থনা জানান। মুখ্যমন্ত্রীকে হুডখোলা জিপে করে সুদৃশ্য বাইক র‍্যালীর মাধ্যমে বিপুল সংখ্যক উৎসাহী জনগণ তারানগরে মূল অনুষ্ঠান স্থলে নিয়ে যাওয়া হয়। এই গণ বৃক্ষরোপণ অভিযানে মোহনপুর তারানগর এলাকার বিপুল সংখ্যক মানুষ অংশ নেন।

শিক্ষক বদলির প্রতিবাদে আহত ছাত্রীকে দেখতে জিবিতে এনএসইউআই

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই: শিক্ষক বদলির প্রতিবাদ করতে গিয়ে আনন্দবাজার জীবন ত্রিপুরা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের এসএমসি কমিটির ও স্থানীয় শাসক দলীয় নেতৃত্বদের রোষানলে পড়তে হয়েছিল স্কুল পড়ুয়াদের। ওই ঘটনায় আক্রান্তদের মধ্যে জিবি হাসপাতালে চিকিৎসাধীন আছেন জনৈক স্কুল ছাত্রী। আজ এনএসইউআই-এর নেতৃত্বরা ছাত্রীকে দেখতে হাসপাতালে ছুটে গেলেন। অসুস্থ ছাত্রীর পরিবারের সদস্যদের সাথে কথাবার্তা বলেন। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে সংগঠনের জনৈক কর্মী জানিয়েছেন, শিক্ষক বদলির প্রতিবাদে করতে গিয়ে আনন্দবাজার জীবন ত্রিপুরা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের একাধিক ছাত্রীর উপর আক্রমন করেছেন এসএমসি কমিটির ও স্থানীয় শাসক দলীয় নেতৃত্বরা। তাতে গুরুতর আহত হয়েছেন ছাত্রী মৌটুসী দাস। তাই আজ কংগ্রেসের সভাপতি আশীষ কুমার সাহা এবং বিধায়ক সুদীপ রায় বর্মনের আদেশে হাসাপাতালে গিয়েছেন।শিক্ষা মানুষের মৌলিক অধিকার। কিন্তু ত্রিপুরার বিজেপির শাসনকালে শিক্ষা ব্যবসাকে ক্রমশ সংকুচিত করা চেষ্টা চলছে। ইতিমধ্যে রাজ্যের একাধিক স্কুল বন্ধ করে দেওয়া হবে। তাছাড়া, রাজ্যের প্রত্যেক স্কুল শিক্ষক স্বল্পতায় ভুগছে। তাই ত্রিপুরা শিক্ষা মন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহার নিকট আবেদন জানিয়েছেন অতিসত্বর ঘটনার সাথে জড়িত অভিযুক্তদের শাস্তির ব্যবস্থা করা হোক।

পশ্চিম ত্রিপুরা জেলার কৃতি ছাত্রীদের সংবর্ধনা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই: ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ পশ্চিম ত্রিপুরা জেলার মোট ২৮ জন কৃতী ছাত্রীকে আজ প্রজ্ঞাভবনের ৩নং হলে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। এছাড়া পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার প্রতিকূল অবস্থাতেও ছনখলা হাইস্কুলের ছাত্রী তৃষ্ণা দাস এবছর মাধ্যমিক পরীক্ষায় ভাল ফলাফল করায় তাকে সংবর্ধিত করেন।

বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির অঙ্গ হিসেবে আজ পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন ও জেলা সমাজশিক্ষা পরিদর্শক কার্যালয় যৌথভাবে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক মীনারানী সরকার বলেন, ছাত্রছাত্রীরা আমাদের দেশের ভবিষ্যৎ। তারা সুনাগরিক ও প্রকৃত মানুষ হিসেবে গড়ে উঠলে দেশের কল্যাণ হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০১৫ সালের ২২ জানুয়ারী বেটি বাঁচাও, বেটি পড়াও' কর্মসূচিটি চালু করেন। তিনি বলেন সরকার বাল্য বিবাহ রোধ ও নারী শিক্ষায় সরকার অগ্রাধিকার দিয়েছে।

স্বাগত ভাষণে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার কৃতীদের এই সাফল্যের জন্য ভূয়সী প্রশংসা করেন। এছাড়া বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলা শিক্ষা আধিকারিক রূপন রায়। অনুষ্ঠানে জেলা সমাজ কল্যাণ কার্যালয়ের পক্ষ থেকে এবছর পশ্চিম ত্রিপুরা জেলার মাধ্যমিকে কৃতী ১৩ জন ছাত্রীকে এবং উচ্চমাধ্যমিকে কৃতী ১৫ জন ছাত্রীকে সংবর্ধনাজ্ঞাপন করা হয়। এবছর জেলায় দ্বাদশে সর্বোচ্চ নাম্বর প্রাপ্ত (৪৮-৪) বড়দোয়ালী দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের ছাত্রী উদিতা সাহাকে পুষ্পস্তবক, মেমেন্টো ও ২০ হাজার টাকার চেক দিয়ে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অবশিষ্ট ২৮- জন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের কৃতী ছাত্রীর প্রত্যেককে পুষ্পস্তবক, মেমেন্টো ও ৫ হাজার টাকা দিয়ে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

এছাড়া পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের পক্ষ থেকে ছনখলা হাইস্কুলের মেধাবী ছাত্রী (মাধ্যমিক উত্তীর্ণ) তৃষ্ণা দাসকে পুষ্পস্তবক, মেমেন্টো ও ৫ হাজার টাকার চেক দিয়ে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। বিধায়কসহ অতিথিগণ কৃতীদের হাতে পুরস্কার তুলে দেন। আয়োজিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের পশ্চিম ত্রিপুরা জেলার পরিদর্শক বিপ্লব ঘোষ।

প্রশাসনের নির্দেশিকা মেনেই হরেকৃষ্ণ মন্দিরের রথযাত্রা উৎসব পালিত হবে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই: আগামী ৭ জুলাই অনুষ্ঠিত হচ্ছে রথযাত্রা। প্রতিবছরের মতো এ বছরেও মঠ চৌমুহনীসিত হরেকৃষ্ণ মন্দির রথযাত্রা উৎসব পালন করা হবে। প্রসাশনের নির্দেশিকা মেনেই এবছর রথ বের করা হবে বলে জানান মন্দিরের জনৈক কর্মকর্তারা।এদিন তিনি বলেন, রথযাত্রা উৎসবকে কেন্দ্র করে গোটা ত্রিপুরাবাসীকে রথের উপহার দিতে চায়। জগন্নাথ, সুভদ্রা ও বলরাম রথে করে রাজপথে নেমে গোটা দেশবাসীকে দর্শণ দেবেন। এদিন তিনি বলেন, রথযাত্রা হচ্ছে ভ্রাতৃত্বের একটি ঐক্যবদ্ধন। কারণ, জগন্নাথ হচ্ছেন কালোর প্রতীক, বলরাম সাদার প্রতীক এবং সুভদ্রা হচ্ছেন হলুদের প্রতীক।পাশাপাশি এদিন তিনি ভক্তবৃন্দদের এ রথযাত্রা উৎসবে অংশগ্রহণের আমন্ত্রণ জানান।

উত্তর জেলার পুলিশের হাতে আটক ২৩ জন রোহিঙ্গা

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৫ জুলাই: রাজ্যের আন্তর্জাতিক সীমান্ত পথে বাংলাদেশী ও রোহিঙ্গা অনুপ্রবেশের ঘটনা দিন দিন বেড়েই চলেছে। তাতে অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা প্রশ্ন চিহ্নে দাঁড়িয়েছে। উত্তর ত্রিপুরা জেলার চুরাইবাড়ি ও ধর্মনগর থানার পুলিশ ২৩ জন রোহিঙ্গা শরণার্থীকে আটক করেছে।

ধৃতদের মাঝে ১৬জন প্রাপ্তবয়স্ক এবং ৭ জন নাবালিকা সহ শিশু রয়েছে। জানা গেছে, এদিন সন্ধ্যা আনুমানিক সাড়ে পাঁচটা নাগাদ আট নং আসাম আগরতলা জাতীয় সড়কের উপর চুরাইবাড়ি থানার নাকা পয়েন্টের কর্তব্যরত পুলিশ কর্মীরা এমএল০৫-টি-৮৩৮২ নম্বরের একটি নৈশ্যবাসে তল্লাশি চালায়। তল্লাশি চলাকালীন সময় দুইজন পুরুষ ও তিনজন মহিলার কথাবার্তায় পুলিশের সন্দেহ হয়।

পড়ে তাদেরকে থানায় নিয়ে এসে জোর জিজ্ঞাসাবাদ চালালে জানা যায় সকলেই বাংলাদেশের কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্পের শরনার্থী। এমর্মে থানার নব্য অফিসার ইনচার্জ খোকন সাহা জানান, ধৃতরা ধনপুরের ভারত বাংলা সীমান্ত দিয়ে দালাল মারফৎ অবৈধভাবে রাজ্যে প্রবেশ করেছে। সকলেই কাজের উদ্দেশ্যে নৈশ্য বাসে করে হায়দ্রাবাদের রয়েল কলোনির উদ্দেশ্য যাওয়ার কথা ছিল। তাছাড়া তারা দীর্ঘদিন যাবৎ হায়দ্রাবাদে বিভিন্ন কাজে নিযুক্ত ছিল।

ধৃতরা যথাক্রমে আব্দুল ইলাহি(২২),আব্দুল শুক্কুর (১৯),রুমি বেগম(১৯),রোজীনা বেগম (২২) এবং ছখিনা বেগম (১৮)।ধৃত রুমি বেগমের সাথে তার দুই শিশু কন্যাও রয়েছে। স্থানীয় থানায় তাদের বিরুদ্ধে মামলা রুজু হয়েছে। এদিকে এদিন রাত সাড়ে আটটা থেকে নয়টার ভেতর ধর্মনগর থানার পুলিশ ধর্মনগর আইএসবিটি থেকে ১৬ জন রোহিঙ্গা শরণার্থী আটক করে। ধৃতদের মাঝে এগারো জন প্রাপ্তবয়স্ক পুরুষ, মহিলা সহ পাঁচ জন নাবালিকা সহ শিশু রয়েছে। ধৃতরা মুস্তফা খতরু(৬০),তৌয়াবা(৩৫),ফাতিমা খাতুন (২৫), রাহানা বেগম(৩৮), মোহাম্মদ সাবি(৩০), মোহাম্মদ ইব্রাহীম (৩৯),ফৌজুল ইসলাম(২২), মোহাম্মদ সুলতান (২৮),নুর মোহাম্মদ (৬৮), আব্দুল মালিক (২৩) এবং মোহাম্মদ হাছান (৩৩)। সাথে আটক ☞ ৬ এর পাতায় দেখুন

ধর্মনগরে চালু হচ্ছে বেসরকারি হাসপাতাল

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৫ জুলাই: রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা উন্নত থেকে উন্নততর হতে চলেছে। তাই সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানগুলি ঝাঁপিয়ে পড়েছে কি করে মানুষকে স্বাস্থ্যপরিসেবা দেওয়া যায় তা নিয়ে। যেখানে প্রাইভেট হাসপাতাল মানেই যে লম্বা লম্বা বিলের জন্য বিখ্যাত সাধারণ মানুষ এই বিলের কারণে প্রাইভেট হসপিটালগুলিতে যেতে ভয় পায় সেই ভয়কে উচ্ছন্ন করে ধর্মনগরে ☞ ৬ এর পাতায় দেখুন

কাঞ্চনপুর ইংলিশ মিডিয়াম স্কুল মাঠে বৃক্ষরোপণ

নিজস্ব প্রতিনিধি, কাঞ্চনপুর, ৫ জুলাই: রাজ্যের বিভিন্ন স্থানে ৭৫ তম বনমহোৎসব অনুষ্ঠিত হয়। রাজ্যব্যাপী কর্মসূচির অঙ্গ হিসেবে উত্তর ত্রিপুরা জেলার কাঞ্চনপুর বৃক্ষরোপনের মধ্য দিয়ে বনমহোৎসব পালিত হয়েছে।

দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর'এক পেড় মা-কে নাম' এই সচেতনতামূলক বার্তাকে সামনে রেখে শুক্রবার সারা রাজ্যে এক সঙ্গে নির্দিষ্ট পাঁচ মিনিটে ৫ লক্ষ বৃক্ষ রোপন কর্মসূচির অঙ্গ হিসেবে কাঞ্চনপুরেও এক মেগা বৃক্ষ রোপন কর্মসূচি এবং মহকুমা ভিত্তিক ৭৫তম বনমহোৎসব উদযাপন করা হয়েছে।কাঞ্চনপুর মহকুমা বন দপ্তরের উদ্যোগে কাঞ্চনপুর সরকারি দ্বাদশমান ইংলিশ মিডিয়াম স্কুল মাঠে অনুষ্ঠিত হয় এই মেগা বৃক্ষ রোপন কর্মসূচি এবং বনমহোৎসব। অনুষ্ঠানের উদ্বোধন হিসেবে উপস্থিত ছিলেন কাঞ্চনপুরের এমডিসি শৈলেন্দ্র নাথ। অনুষ্ঠান উপলক্ষে বিদ্যালয় প্রাঙ্গনে মেগা বৃক্ষ রোপন কর্মসূচিত পালন করা হয়।বিদ্যালয়ের ছাত্র ছাত্রীর পাশাপাশি অনুষ্ঠানের প্রধান অতিথি শৈলেন্দ্র নাথ, মহকুমা বন আধিকারিক সুমন মিত্র, সমাজসেবী দিলীপ কর,, অরুণ নাথ তাপসেন্দু নাথ প্রমুখরা বৃক্ষ রোপন অনুষ্ঠানে অংশ গ্রহন করেন।বন রক্ষা ও বৃক্ষ রোপনের প্রয়োজনীয়তা নিয়ে উপস্থিত অতিথিরা অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

শিক্ষক বদলির প্রতিবাদে ফের রাস্তা অবরোধ

নিজস্ব প্রতিনিধি, কদমতলা, ৫ জুলাই: শিক্ষক বদলে প্রতিবাদে ফের রাস্তায় নামলো ছাত্ররা। শুক্রবার শিক্ষক বদলে প্রতিবাদ জানিয়ে রাস্তা অবরোধ করে চরম বিশৃঙ্খলার সৃষ্টি করল ছাত্রছাত্রীরা। ঘটনাটি ঘটেছে কদমতলা এলাকায়।

ঘটনার বিবরনে জানা যায়, ভাগন উচ্চ মাধ্যমিক স্কুলের কয়েকজন শিক্ষককে ইতিমধ্যেই বদলি করা হয়েছে। তবে ছাত্রছাত্রীরা সেই সকল শিক্ষক শিক্ষিকাকে বিদ্যালয়ে থেকে যেতে দিতে নারাজ। তাদের দাবি এই সকল শিক্ষক-শিক্ষিকাদের বদলি করা চলবে না। এরই প্রতিবাদে প্রেম তলা থেকে কুর্তি যাওয়ার রাস্তায় শুক্রবার অবরোধ বসায় ছাত্রছাত্রীরা। এক সময় দু দিক থেকে প্রচুর যানবাহন আটকে চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক ছাত্র-ছাত্রীদের বোঝাতে চেষ্টা করলেও তারা মানতে নারাজ। শেষ পর্যন্ত পরিস্থিতি বিবেচনা করা দেখা হবে বলায় ছাত্রছাত্রীরা রাস্তা অবরোধ মুক্ত করেছে।

নয়া তিন ফৌজদারী আইন বাতিলের দাবিতে বিক্ষোভ কর্মসূচি সিপিআইএমএল - র

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই: কেন্দ্রীয় সরকার দ্বারা প্রদত্ত তিনটি ফৌজদারি আইন অবিলম্বে বাতিল করার দাবিতে শুক্রবার আগরতলা প্যারাডাইস চৌমুহনী এলাকায় সিপিআইএমএল- এর উদ্যোগে এক বিক্ষোভ কর্মসূচি এর আয়োজন করা হয়। এদিনের বিক্ষোভ কর্মসূচি থেকে কেন্দ্রীয় সরকার দ্বারা সংসদে পাশ হওয়া তিনটি ফৌজদারি আইন অবিলম্বে বাতিল করার দাবি জানানো হয়েছে।

সিপিআইএমএল - এর নেতৃত্বরা বলেন, তিনটি নয়া ফৌজদারী আইন ব্রিটিশদের সময়ের আইনের থেকেও বেশি দমনকারী। এর মাধ্যমে প্রতিবাদের ভাষা গণতন্ত্রের ভাষা কেড়ে নেওয়া হবে। এই আইনের আরো পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা প্রয়োজন বলে দাবি করেন তারা। তাই এই আইন অবিলম্বে বাতিল করার দাবি তোলেন এদিনের বিক্ষোভ মিছিল থেকে সিপিআইএমএল - এর নেতৃত্বরা।

সুশাসনের গ্যারান্টিকে তৃনমুল স্তরে আরো সশক্ত করার লক্ষ্যে রাজ্যের প্রতিটি পঞ্চায়েতেই নিজেদের নির্বাচিত জনপ্রতিনিধি চাইছে বিজেপি। এই সংকল্পকে সাকার করতে আসন্ন ত্রিস্তর পঞ্চায়েতকে কেন্দ্র করে ভগৎ সিং যুব আবাসে আয়োজিত সকল মন্ডল সভাপতি, জেলা সভাপতি, মন্ডল পর্যবেক্ষক সহ প্রদেশ বিজেপি নেতৃত্বদের উপস্থিতিতে এক গুরুত্বপূর্ণ বৈঠকে অংশগ্রহণ করেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা।

এইডস নিয়ন্ত্রণে সাংবাদিকদের ভূমিকা নিয়ে সচেতনতামূলক কর্মসূচি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ জুলাই।। ত্রিপুরা রাজ্য এইডস নিয়ণ সোসাইটি, ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন এবং ত্রিপুরা ওয়েব মিডিয়া ফোরামের যৌথ উদ্যোগে আজ সুকান্ত একাডেমির অডিটোরিয়ামে এইডস নিয়ণে সাংবাদিকদের ভূমিকা নিয়ে একদিনের সচেতনতামূলক কর্মসূচি আয়োজিত হয়। কর্মসূচিতে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা রাজ্য এইডস নিয়ণ সোসাইটির প্রজেক্ট অধিকর্তা ডাক্তার সমর্পিতা দত্ত। অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা প্রফেসর (ডা.) সঞ্জিব দেববর্মা বলেন, কমবয়সী ছেলেমেয়েরা আজকাল নেশার কবলে পড়ে এইডসের শিকার হচ্ছে। এই রোগ দেশের আগামী প্রজন্মকে একপ্রকার পঙ্গ করে দিতে পারে। এইডস রোগ সংক্রমণ প্রতিরোধে তিনি সংবাদ জগতের সঙ্গে যুক্ত সকলকে এইডস নিয়ণে সচেতনতা গড়ে তুলতে এগিয়ে আসার আহ্বান জানান।অনুষ্ঠানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য অনুষ্ঠানে বলেন, সচেতনতার অভাবে এইডস বেশী করে ছড়াচ্ছে। তিনি আশা করেন সাংবাদিকগণ এইডস প্রতিরোধে অন্যতম ভূমিকা গ্রহণ করতে পারেন। অনুষ্ঠানে এইডস নিয়ণে সাংবাদিকদের ভূমিকা নিয়ে আলোচনা করেন স্বাস্থ্য দপ্তরের যুগ্ম অধিকর্তা ডা. সৌমিত্র মল্লিক। ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের সভাপতি প্রণব সরকার, এজিএমসি ডেপুটি সুপারিনটেণ্ড ডা. কণক চৌধুরী, ত্রিপুরা রাজ্য এইডস নিয়ণ সোসাইটির যুগ্ম অধিকর্তা শুভ্রজিৎ ভট্টাচার্য, ত্রিপুরা টাইমস এর এক্সিকিউটিভ এডিটর মানস পাল, ত্রিপুরা ওয়েব মিডিয়া ফোরামের সচিব অভিষেক দে প্রমুখ। অনুষ্ঠানে রাজ্যের শিল্পীদের নিয়ে তৈরী বিরাট রায় চৌধুরীর এইডসের উপর এক সংবেদনশীল তথ্যচিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠানে এইডসের বিরুদ্ধে লড়াই করে বর্তমানে স্বাধীন ও স্বনির্ভর ভাবে জীবনযাপন করা পপি সিনহা ও বিরাট রায় চৌধুরীকে সম্বর্ধনা জানানো হয়।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।